স্কাউটিং দল গঠন ও পরিচালনা

# সহায়িকা

বাংলাদেশ স্কাউটস
প্রশিক্ষণ বিভাগ

Scouts Library

# স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা

বাংলাদেশ স্কাউটস, প্রশিক্ষণ বিভাগ
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

Engr. Rayhan Raky
Group Secretary & RSL
Silky Padma Rover Group

# স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা


স্বত্ব : **বাংলাদেশ স্কাউটস**

প্রকাশনায় : **প্রশিক্ষণ বিভাগ**
বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ঢাকা

প্রকাশকাল : **প্রথম প্রকাশ** : সেপ্টেম্বর ২০১৮



পরিকল্পনা : **মোঃ মহসিন**, এলটি
জাতীয় কমিশনার (প্রশিক্ষণ)

সার্বিক সহযোগিতায় : **মোহাম্মদ রফিকুল ইসলাম খান**, এলটি
জাতীয় কমিশনার (আন্তর্জাতিক)

**মোঃ দেলোয়ার হোসাইন, এলটি**
জাতীয় উপ-কমিশনার (প্রশিক্ষণ)

**মোঃ তৌফিক আলী**, এলটি
জাতীয় উপ-কমিশনার (প্রশিক্ষণ)

**মোঃ আরিফুজ্জামান**, এলটি
জাতীয় উপ-কমিশনার (প্রশিক্ষণ)

সম্পাদনা পরিষদ : **আরশাদুল মুকাদ্দিস**, এলটি
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
**তৌহিদ উদ্দিন আহম্মেদ**, এলটি
পরিচালক (প্রশিক্ষণ)

**মোঃ রুহুল আমিন**, এলটি
উপ প্রকল্প পরিচালক, ইএসবি এন্ড সিএসএসবি প্রকল্প
**মোঃ শামীমুল ইসলাম**, এলটি
উপ-পরিচালক (প্রশিক্ষণ)

**মোঃ ইকবাল হাসান**
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)



মুদ্রণে ঃ দাগ প্রিন্ট মিডিয়া
১৪২/১ আরামবাগ, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।

# বাণী

স্কাউটিং বিশ্বের একটি জনপ্রিয় স্বেচ্ছাসেবী গতিশীল অরাজনৈতিক শিক্ষামূলক যুব আন্দোলন। শিশু কিশোর ও যুব বয়সীদের ধারাবাহিক প্রশিক্ষণের মাধ্যমে সৎ, চরিত্রবান, পরোপকারি, আত্মনির্ভরশীল ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষে উত্তম আন্দোলনই হচ্ছে স্কাউট আন্দোলন যা বয়স্ক নেতাদের দ্বারা বিশ্বব্যাপী পরিচালিত হয়ে আসছে। স্কাউট সদস্যদের সমাজসেবা, সমাজ উন্নয়ন, দুর্গত জনগণের সেবা ও জনসচেতনতা আজ দেশের সকল পর্যায়ে সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান ও জনগণের
নিকট প্রশংসিত হচ্ছে।

বয়স্ক নেতাদের ইউনিট গঠন ও পরিচালনায় সহায়ক হিসেবে বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" নামে একটি পুস্তক প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। সঠিক পদ্ধতিতে ইউনিট পরিচালনায় বইটির সহায়তা নেয়া যেতে পারে। বইটিতে স্কাউটিং এর মৌলিক বিষয়সমূহ সন্নিবেশিত করা হয়েছে যা পাঠ করে স্কাউট আন্দোলন সম্বন্ধে প্রাথমিক ধারণা লাভ করা যাবে।

রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল ১৯০৭ সালে লন্ডনের ব্রাউন্সি দ্বীপের পোল হারবারে ২০ জন বালক নিয়ে পরীক্ষামূলকভাবে যে যাত্রা শুরু করেন, তা আজ বিশ্বব্যাপী সমাদৃত স্কাউট আন্দোলন হিসেবে। বিশ্বের ১৬৯টি দেশে বর্তমানে স্কাউটিং কার্যক্রম চলছে। বাংলাদেশে বর্তমান স্কাউট সদস্য সংখ্যা প্রায় ১৭ লক্ষ, যা ২০২১ সালে ২১ লক্ষ্যে উন্নীতকরণের জন্য ব্যাপকভাবে কার্যক্রম পরিচালিত হচ্ছে। বয়স্ক নেতাদের সুদৃঢ় নেতৃত্বের ফলেই স্কাউট আন্দোলনের জনপ্রিয়তা, সম্প্রসারণ ও প্রয়োজনীয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

বইটি প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

**মোঃ আবুল কালাম আজাদ, এলটি**
সভাপতি
বাংলাদেশ স্কাউটস

# শুভেচ্ছা

স্কাউটিং এর দলগঠন ও নিয়মিতভাবে পরিচালনা কার্যক্রমকে সহজতর করার প্রত্যয় নিয়ে বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ বিভাগের উদ্যোগে "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বই প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দবোধ করছি।

মানবতার মহান ব্রত নিয়ে ইংল্যান্ডে জন্ম গ্রহণকারী লর্ড ব্যাডেন পাওয়েল ১৯০৭ সালে স্কাউটিংয়ের যাত্রা শুরু করেন। প্রতিষ্ঠালগ্ন থেকেই তিনি শিশু, কিশোর ও যুবকদের মেধা, মনন ও প্রতিভাকে কাজে লাগিয়ে সেবা ও বিভিন্ন উদ্দীপনামূলক কাজের মাধ্যমে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্কাউটদের প্রতিষ্ঠিত করার চেষ্টা করেন। বাংলাদেশ স্কাউটস আজ প্রায় ১৭ লক্ষ সদস্য নিয়ে দেশ - বিদেশে সকলের নিকট প্রশংসিত হচ্ছে। বিশ্বে বাংলাদেশ এখন পঞ্চম বৃহত্তম সদস্য বিশিষ্ট স্কাউট সংগঠন। এ দেশের উন্নয়নের সাথে তাল মিলিয়ে যোগ্য-সুনাগরিক তৈরীর জন্য বাংলাদেশ স্কাউটস ২০২১ সালে ২১ লক্ষ দক্ষ স্কাউট তৈরীর জন্য সুপরিকল্পিতভাবে কাজ করছে।

কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের সার্বিক কার্যক্রমকে গতিশীল করার জন্য দল গঠন ও নিয়মিতভাবে পরিচালনা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স এবং পরবর্তী সময়ে বেসিক কোর্স সম্পন্ন করার পর ইউনিট পর্যায়ে দলগঠন ও পরিচালনার ক্ষেত্রে "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি যথেষ্ট ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। বিশেষ করে অঞ্চল, জেলা, উপজেলা ও ইউনিট পর্যায়ে "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি প্রশিক্ষণ ও প্রোগ্রাম পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করতে পারে।

আমি "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
প্রধান জাতীয় কমিশনার
বাংলাদেশ স্কাউটস

# জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) এর বক্তব্য

বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ বিভাগের উদ্যোগে "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি প্রকাশ করতে পেরে মহান সৃষ্টিকর্তার নিকট শুকরিয়া আদায় করছি। পদ্ধতিগতভাবে স্কাউটিং এর শাখা ভিত্তিক দল গঠন ও পরিচালনা এবং নিয়মিতভাবে প্যাক মিটিং, ট্রুপ মিটিং ও ক্রু মিটিং বাস্তবায়নে বইটি সহায়ক ভূমিকা পালন করতে পারে।

স্কাউটিং কর্মকান্ডের মাধ্যমে শিশু-কিশোর-যুব বয়সী ছেলে মেয়েদেরকে বিভিন্ন আকর্ষণীয়, আনন্দদায়ক, চিত্তাকর্ষক, শিক্ষামূলক কার্যক্রমে সম্পৃক্ত হতে সহায়তা করে। যা পরবর্তীতে তাদের জীবন গঠনে সহায়ক ভূমিকা পালন করে। ধারাবাহিক প্রশিক্ষণের মধ্য দিয়ে যুব বয়সীদের শারীরিক, সামাজিক, আধ্যাত্মিক, বুদ্ধিমত্তা ও আবেগীয় গুণাবলী বিকাশ ঘটিয়ে উন্নত জীবন গঠনে স্কাউটিং ইতিবাচক অবদান রাখতে পারে।

স্কাউট ইউনিট গঠন ও পরিচালনার জন্য দরকার প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিট লিডার। "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি ইউনিট লিডারগণের সহায়ক হিসেবে কাজে লাগাতে পারে। বইটিতে স্কাউটিং এর প্রাথমিক ধারণা, দল গঠন ও পরিচালনার কৌশল, সংক্ষিপ্তভাবে সাংগঠনিক কাঠামো এবং স্কাউটিং সম্পর্কীয় গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সংযোজন করা হয়েছে। তাছাড়া বইটি পড়ে স্কাউটিং বিষয়ে প্রাথমিক ধারণাও পাওয়া যাবে।

স্কাউটিং প্রচলিত শিক্ষার পাশাপাশি একটি শিক্ষামূলক, স্বেচ্ছাসেবী যুব আন্দোলন। আমাদের দেশে সাধারণত: শিক্ষা প্রতিষ্ঠানকে কেন্দ্র করেই স্কাউট ইউনিট গঠিত হয়ে থাকে। তবে মুক্ত দলে স্কাউটিং করে শাপলা / পিএস/ পিআরএস অর্জনের গৌরবোজ্জ্বল ইতিহাসও আমাদের রয়েছে। সম্প্রতি ব্যাপক হারে মুক্ত দল গঠিত হয়েছে। মুক্ত দলে স্কাউটিং করে দেশ ও জাতির নেতৃত্ব প্রদানের দক্ষতার দৃষ্টান্ত আমাদের গর্ব এবং প্রেরণা। "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি শিক্ষা প্রতিষ্ঠান এবং পাড়া মহল্লায় অধিক সংখ্যক মুক্ত দল গঠন কিংবা কমিউনিটি বেইজড স্কাউটিং এর জন্য অত্যন্ত সহায়ক হবে।

বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধান জাতীয় কমিশনার অত্যন্ত গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেছেন। সে জন্য তাঁদেরকে জানাই আন্তরিক কৃতজ্ঞতা। বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউট শতাব্দি ভবন নির্মাণ প্রকল্প বইটি প্রকাশে আর্থিক সহায়তা প্রদান করেছে। তাই প্রকল্প বিভাগের সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। বইটি সম্পাদনা ও প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

স্কাউট আন্দোলন সম্প্রসারণ এবং "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি সার্বিকভাবে স্কাউটিং সম্প্রসারণ ও উন্নয়নে সহায়ক হবে-এ আমার দৃঢ় আশাবাদ।

**মোঃ মহসিন, এলটি**
জাতীয় কমিশনার (প্রশিক্ষণ)
বাংলাদেশ স্কাউটস

# কৃতজ্ঞতা

বাংলাদেশ স্কাউটস এর প্রশিক্ষণ বিভাগ দক্ষতার সাথে স্কাউটিং এর দল গঠন ও সুষ্ঠুভাবে পরিচালনা করার লক্ষে "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" নামে একটি বই প্রকাশ করার যে উদ্যোগ গ্রহণ করেছে তা অত্যন্ত সাহসী পদক্ষেপ। বিশেষ করে এ ধরণের বই প্রকাশের দিক নির্দেশনা ও পরিকল্পনার জন্য জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) জনাব মোঃ মহসিন এলটি ও প্রশিক্ষণ বিভাগের জাতীয় উপ-কমিশনারবৃন্দ এবং সম্পাদনা পরিষদের সদস্যবৃন্দের প্রতি কৃতজ্ঞতা জানাই।

ইউনিট লিডারগণ অঞ্চল, জেলা, উপজেলা স্কাউটস এর সহায়তায় ও তৃণমূল পর্যায়ে দল গঠন ও পরিচালনা করে থাকেন। দল গঠনের জন্য বয়স্ক নেতাদেরকে পর্যায়ক্রমে স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স ও শাখাভিত্তিক বেসিক কোর্সে অংশগ্রহণ করতে হয়। ইউনিট লিডারদের দক্ষতা বৃদ্ধির জন্য Informal প্রশিক্ষণের পাশাপাশি Nonformal প্রশিক্ষণেরও প্রয়োজনীয়তা রয়েছে। সেইসাথে দরকার কিছু বইপত্র। "স্কাউটিং দল গঠন ও পরিচালনা সহায়িকা" বইটি সুষ্ঠুভাবে স্কাউটিং এর শাখা ভিত্তিক দল গঠন ও পরিচালনায় ইউনিট লিডারগণের সহায়ক হিসেবে কাজে লাগবে বলে আমি মনে করি।

বাংলাদেশ স্কাউটস স্কাউট সদস্য সংখ্যার জন্য বিশ্বের পঞ্চম সদস্য বিশিষ্ট জাতীয় স্কাউট সংগঠন হিসেবে স্বীকৃতি লাভ করেছে। বর্তমানে দেশে ২,১৬,০৪৮ জন গার্ল-ইন-স্কাউট সদস্যসহ প্রায় ১৭ লক্ষ স্কাউট রয়েছে। আমাদের আগামী প্রজন্মকে সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য বাংলাদেশ স্কাউটস সরকারি সহযোগিতা ও সমর্থনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে অর্থাৎ ২০২১ সালে এ দেশে যোগ্য ও দক্ষ ২১ লক্ষ স্কাউট তৈরীর জন্য বাংলাদেশ স্কাউটস ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান অনুযায়ী কাজ করছে। স্কাউট সদস্যদের যোগ্য করে গড়ে তুলে বাংলাদেশ স্কাউটস দেশের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।

বাংলাদেশ স্কাউটস এর সভাপতি, প্রধান জাতীয় কমিশনার ও জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) বইটি প্রকাশে অত্যন্ত গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেছেন। তাঁদের নিকট আমি কৃতজ্ঞ। বাংলাদেশে স্কাউটিং সম্প্রসারণ ও স্কাউট শতাব্দি ভবন নির্মাণ প্রকল্প বইটি প্রকাশে আর্থিক সহায়তা ও পরামর্শ প্রদান করায় প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট ইউনিট গঠন ও পরিচালনায় বইটি গুরুত্বপর্ণ অবদান রাখতে সক্ষম হবে বলে আমি মনে করি। আমি নামে বইটি প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

**আরশাদুল মুকাদ্দিস, এলটি**
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

# সূচিপত্র

পৃষ্ঠা নম্বর

অধ্যায়-১ স্কাউটিং ৮-১৩

- সূচনা
- শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং
- মাদ্রাসায় স্কাউটিং
- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং
- গার্ল ইন স্কাউটিং
- সমন্বয়
- ধারাবাহিক প্রশিক্ষণ
- স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ
- স্কাউট আন্দোলনের উদ্দেশ্য
- মূলনীতি
- স্কাউট পদ্ধতি
- মিশন
- স্কাউট আন্দোলনের বৈশিষ্ট্য
- বয়স ভিত্তিক স্তর বিন্যাস
- স্কাউট প্রতিজ্ঞা, আইন ও মটো

অধ্যায়-২ ইউনিট গঠন ১৪-২২

- প্রতিষ্ঠান প্রধানগণের জ্ঞাতব্য বিষয় ও করণীয়
- গ্রুপ পদ্ধতি
- ইউনিট
- গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন
- স্কাউট ইউনিট গঠন সম্পর্কে কতিপয় তথ্য
- স্কাউট পোশাক

অধ্যায়-৩ ইউনিট পরিচালনা ২৩-৪১

- ইউনিট লিডারগণের জ্ঞাতব্য বিষয় ও করণীয়
- ইউনিট লিডারগণের করণীয় পদক্ষেপসমূহ
- প্যাক/ ট্রুপ/ ক্রু মিটিং
- স্কাউটিং এর বিভিন্ন শাখার প্রোগ্রাম সম্পর্কে ধারণা
- স্কাউট পতাকা
- প্রার্থনা সঙ্গীত

অধ্যায়-৪ উপসংহার ৪২-৭১

- পরিশিষ্টসমূহ

### গার্ল ইন স্কাউটিং :

বাংলাদেশে ১৯৯৪ সাল থেকে গার্ল ইন স্কাউটিং প্রবর্তিত হয়ে অত্যন্ত সফল ভাবে পরিচালিত হচ্ছে। বর্তমানে ছেলেদের ন্যায় মেয়েরাও স্কাউট আন্দোলনে সম্পৃক্ত হয়ে স্কাউট কার্যক্রমের সাথে জড়িত থেকে, নিজেদেরকে সুশৃংখল, চরিত্রবান, কর্মঠ, পরোপকারী, আত্মনির্ভরশীল তথা যোগ্য নাগরিকরূপে তৈরি করতে পারছে। উল্লেখ্য, ১৯৯৪ সালের পূর্বেও প্রাথমিক বিদ্যালয়ে মহিলা শিক্ষিকাগণের কাব লিডার বেসিক কোর্সে প্রশিক্ষণ দিয়ে কাব স্কাউট লিডার হিসেবে দায়িত্ব পালনের সুযোগ ছিল। বর্তমানে মহিলা শিক্ষিকাগণ কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট শাখায় প্রশিক্ষণ নিয়ে সংশ্লিষ্ট শাখার দল পরিচালনা করছেন। যে সকল বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রী রয়েছে, সেখানেও শুধুমাত্র ছাত্রীদের নিয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা শিক্ষিকা/ইউনিট লিডার দ্বারা পৃথকভাবে গার্ল ইন স্কাউট ইউনিট গঠন ও পরিচালনা করা যাবে। বালিকা বিদ্যালয়েও গার্ল ইন স্কাউট ইউনিট গঠন করা যাবে। বালিকাদের জন্য ইউনিট গঠন, রেজিস্ট্রেশন, প্রোগ্রাম ও পরিচালনা সংশ্লিষ্ট শাখার অনুরূপ হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও বালিকা শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে গার্ল ইন স্কাউট দল গঠনের জন্য সরকারি নির্দেশনা রয়েছে।

### তত্ত্বাবধান ও পরিচালনা :

শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধান ও সহযোগিতায়, বাংলাদেশ স্কাউটস কর্তৃক সারাদেশে স্কাউট আন্দোলন পরিচালিত হচ্ছে। বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি বাংলাদেশ স্কাউটসের চীফ স্কাউট। শিক্ষামন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের সচিব এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব পদাধিকার বলে বাংলাদেশ স্কাউটস এর সহ-সভাপতি। প্রাথমিক বিদ্যালয়/নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়/কলেজ/বিশ্ববিদ্যালয় এবং মাদ্রাসাসমূহে কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট ইউনিট হিসেবে পরিচালিত হচ্ছে। ইউনিটের সদস্যদের দক্ষ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য বয়স অনুযায়ী প্রোগ্রাম সুষ্ঠুভাবে বাস্তবায়নে বাংলাদেশ স্কাউটস নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশ স্কাউটসের পক্ষ থেকে দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটসের, জেলা প্রশাসকগণ প্রতিটি জেলার ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ প্রতিটি উপজেলা স্কাউটসের সভাপতি হিসেবে এবং সংশ্লিষ্ট বিভাগের কমিশনারগণ আঞ্চলিক স্কাউটসের পৃষ্ঠপোষক হিসেবে স্কাউট আন্দোলনে নেতৃত্ব প্রদান করছেন। এছাড়াও, বিশেষ অঞ্চলের মর্যাদায় রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চল তাদের কার্যক্রম পরিচালনা করছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রোভার অঞ্চলের, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক রেলওয়ে অঞ্চলের এবং নৌ ও বিমান বাহিনীর প্রধানগণ নৌ ও এয়ার স্কাউটস এর সভাপতি হিসাবে স্কাউটিংয়ে এ নেতৃত্ব প্রদান করেন।

### সমন্বয় :

বিশ্ব স্কাউট সংস্থা কর্তৃক নির্ধারিত নীতি, বিধিমালা ও নিয়মকানুনের আওতায়, পরিকল্পিতভাবে যথাযথ প্রোগ্রাম প্রণয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের মাধ্যমে স্কাউটিং আন্দোলন পরিচালিত হয়ে থাকে। স্কাউট প্রোগ্রামের সফল বাস্তবায়নের লক্ষে, আন্দোলনের গতিধারা অব্যাহত রাখার প্রয়োজনে তৈরি করা হয়েছে বিভিন্ন সাংগঠনিক স্তর। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শাখা ভিত্তিক ইউনিট/গ্রুপ রয়েছে। ইউনিট/গ্রুপসমূহের কাজের সমন্বয়ের জন্য উপজেলা স্কাউটস, উপজেলা স্কাউটসসমূহের কাজের সমন্বয়ের জন্য রয়েছে জেলা স্কাউটস। জেলা স্কাউটসসমূহের কাজের সমন্বয় করে থাকে আঞ্চলিক স্কাউটস। আঞ্চলিক স্কাউটসসমূহের তত্ত্বাবধান করে থাকে বাংলাদেশ স্কাউটস। এর সবগুলোই স্কাউট আন্দোলনের বিভিন্ন সাংগঠনিক স্তর/পর্যায়। পরিশিষ্ট ১৬ এ বাংলাদেশ স্কাউটসের সাংগঠনিক কাঠামো দেখানো হয়েছে।

### ধারাবাহিক প্রশিক্ষণ :

স্কাউটিং-এ আকর্ষণীয়, শিক্ষামূলক সুনির্দিষ্ট পরিকল্পনা ও ধারাবাহিক প্রশিক্ষণ/অনুশীলনের মাধ্যমে শিশু ও যুবকদের অবসর সময় পরিকল্পিতভাবে কাজে লাগিয়ে তাদের সুশৃংখল, কর্মঠ, চরিত্রবান, পরোপকারী, আত্মনির্ভরশীল নাগরিকরূপে তৈরি করা সহজ ও সম্ভব। নৈতিক অবক্ষয় রোধে স্কাউটিং কার্যক্রম অত্যন্ত সহায়ক ও সর্বজন স্বীকৃত। প্রশিক্ষণ ও অনুশীলনের জন্য কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের নির্দিষ্ট মেয়াদান্তে প্রোগ্রাম সিলেবাস ও দক্ষতা এবং পারদর্শিতা ব্যাজ কোর্স, প্যাট্রোল লিডার কোর্স, মেট কোর্স, বেসিক ও এ্যাডভান্সড কোর্স এবং স্কাউটারদের জন্য পাঁচ স্তর বিশিষ্ট প্রশিক্ষণ স্কিম রয়েছে।

# স্কাউট আন্দোলনের মৌলিক বিষয়সমূহ
(Fundamentals of Scouting)

স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা কর্তৃক নির্ধারিত উদ্দেশ্য, মূলনীতি ও পদ্ধতিতে পরিচালিত শিশু, কিশোর ও যুবকদের জন্য স্কাউটিং একটি স্বেচ্ছাসেবী, অরাজনৈতিক ও শিক্ষামূলক আন্দোলন। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে স্কাউটিং সকলের জন্য উন্মুক্ত।

**স্কাউট আন্দোলনের উদ্দেশ্য** (Purpose of Scouting)ঃ
স্কাউট আন্দোলনের উদ্দেশ্য হলো ছেলেমেয়েদের শারীরিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক, আবেগিক ও আধ্যাত্মিক দিকগুলো পরিপূর্ণ অন্তর্নিহিত ক্ষমতা বিকাশে অবদান রাখা, যাতে করে তারা ভারসাম্যপূর্ণ ব্যক্তি, দায়িত্বশীল নাগরিক এবং স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সম্প্রদায়ের সদস্য হিসেবে জীবন যাপন করতে পারে।

**মূলনীতি** (Principles) :
স্কাউট আন্দোলন নিম্নেবর্ণিত ৩টি মূলনীতির উপর প্রতিষ্ঠিত (প্রতিজ্ঞা ও আইনের সফল বাস্তবায়নের মাধ্যমে)-
১) স্রষ্টার প্রতি কর্তব্য পালন - Duty to God (আধ্যাত্মিক দিক)
২) অপরের প্রতি কর্তব্য পালন - Duty to Others (সামাজিক দিক)
৩) নিজের প্রতি কর্তব্য পালন - Duty to Self (ব্যক্তিগত দিক)

**স্কাউট পদ্ধতি** (Scout Method) ঃ
স্কাউট প্রদ্ধতি একটি ধারাবাহিক স্ব-শিক্ষামূলক প্রক্রিয়া, যার উপাদানগুলো হচ্ছে ঃ
১) প্রতিজ্ঞা ও আইনের চর্চা এবং তার প্রতিফলন (The Scout Promise and Law)
২) হাতে-কলমে প্রশিক্ষণ (Learning by Doing)
৩) ছোট ছোট দলের সদস্য হিসেবে কাজ করা (যেমন-ষষ্ঠক ও উপদল পদ্ধতি) (Patrol System)
৪) ক্রমোন্নতিশীল ও উদ্দীপনামূলক বিভিন্ন কার্যক্রম (ব্যাজ পদ্ধতি) (Personal Progression)
৫) বয়স্ক নেতার সহায়তা (Adult Support)
৬) প্রকৃতি (Nature)
৭) প্রতিকী কাঠামো (Symbolic Frame Work)
৮) সমাজ/গোষ্ঠী সম্পৃক্ততা (Community Involvement)

সকল ধরণের স্কাউট কার্যক্রম ও প্রোগ্রাম স্কাউট পদ্ধতিতেই বাস্তবায়ন করতে হয়, যাতে করে স্কাউট আন্দোলনের উদ্দেশ্য অর্জিত হতে পারে। স্কাউটদের জন্য যে সকল কাজ স্কাউট পদ্ধতিতে করা হয় না, তা স্কাউট প্রোগ্রাম বা কার্যক্রম বলে বিবেচনা করা যায় না।

**মিশন** (Mission) :
The Mission of Scouting is to contribute to the education of young people, through a value based system on the scout promise and law to help build a better world where people are self-fulfilled as individuals and play a constructive role in the society.

(স্কাউটিং এর মিশন হলো, স্কাউট প্রতিজ্ঞা ও আইনের ভিত্তির উপর প্রতিষ্ঠিত মূল্যবোধ জাগ্রত করা প্রক্রিয়ায় যুবদের শিক্ষারক্ষেত্রে অবদান রাখা, যে প্রক্রিয়ায় একটি উন্নত বিশ্ব গড়ার কাজে সাহায্য করা, যেখানে প্রতিটি মানুষ তার নিজস্ব মানবিক গুনাবলী পরিপূর্ণ বিকাশ সাধনে সমর্থ হবে এবং সমাজে গঠনমূলক ভূমিকা রাখতে সক্ষম হবে)।

**স্কাউট আন্দোলনের বৈশিষ্ট্য ঃ**

১) স্কাউটরা স্কাউট প্রতিজ্ঞা পাঠ করে আন্দোলনে যোগ দেয় এবং তাদের জীবনে প্রতিজ্ঞা মেনে চলার চেষ্টা করে।
২) স্কাউটরা সাফল্য বা বিফলতার কথা না ভেবে যথাসাধ্য চেষ্টা করে।
৩) স্কাউটরা সকল কাজ হাতে-কলমে করার মাধ্যমে শেখে।
৪) স্কাউটরা ছোট ছোট দলে ভাগ হয়ে কাজ করে ও শেখে। একে উপদল পদ্ধতি বলে।
৫) স্কাউটদের কাজের স্বীকৃতি ব্যাজের মাধ্যমে দেয়া হয়। একে ব্যাজ পদ্ধতি বলে। নিজ নিজ সামর্থ অনুসারে বিষয় নির্বাচন করে সে বিষয়ে প্রশিক্ষণ নিয়ে দক্ষতা অর্জনে সফল হলে ব্যাজ প্রদান করা হয়।
৬) স্কাউটরা নির্ধারিত পোশাক, স্কাউট ব্যাজ ও স্কার্ফ পরিধান করে।
৭) স্কাউটরা নির্ধারিত তিন আঙ্গুলে বিশেষ কায়দায় সালাম দেয় ও গ্রহণ করে।
৮) স্কাউটরা ডান হাতে পরস্পরের সাথে করমর্দন করে।
৯) স্কাউটরা নিজস্ব কায়দায় তাদের অনুষ্ঠান পরিচালনা করে থাকে। যেমন- ক্যাম্পুরী, জাম্বুরী, র‌্যালী, মুট, ক্যাম্পফায়ার, স্কাউটস ওন, প্যাক-ট্রুপ-ক্রু মিটিং ইত্যাদি।

**বয়স ভিত্তিক স্তর বিন্যাস ঃ**

স্কাউট আন্দোলন সকল ধরনের ছেলেমেয়েদের জন্য উন্মুক্ত। সুষ্ঠু পরিচালনার সুবিধার্থে বাংলাদেশে স্কাউটিং নিম্নবর্ণিত তিনটি শাখায় বিভক্ত ঃ
১) কাব স্কাউট ঃ যে সকল বালক / বালিকার বয়স ৬ বছরের বেশী, কিন্তু ১১ বছরের কম।
২) স্কাউট ঃ যে সকল কিশোর/কিশোরীর বয়স ১১ বছর বা তার চেয়ে বেশী, কিন্তু ১৭ বছরের কম।
৩) রোভার স্কাউট ঃ যে সকল তরুণ/তরুণী কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়ে অথবা যাদের বয়স ১৭ বা তার চেয়ে বেশী, কিন্তু ২৫ বছরের কম। রেলওয়ে, নৌ, বিমান ও অনুরূপ প্রতিষ্ঠানে চাকুরীজীবিদের জন্য বয়স ৩০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

## স্কাউট প্রতিজ্ঞা, আইন ও মটো

**কাব স্কাউট প্রতিজ্ঞা ঃ**

আমি প্রতিজ্ঞা করছি যে,
আল্লাহ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে
প্রতিদিন কারো না কারো উপকার করতে
কাব স্কাউট আইন মেনে চলতে
আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।
(নিজ নিজ ধর্মীয় বিশ্বাস অনুসারে সৃষ্টিকর্তার নাম উচ্চারণ করা যাবে )

**কাব আইন ঃ**
১। বড়দের কথা মেনে চলা, ২। নিজেদের খেয়ালে কিছু না করা

**স্কাউট/রোভার স্কাউট প্রতিজ্ঞা ঃ**
আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে প্রতিজ্ঞা করছি যে,
আল্লাহ ও আমার দেশের প্রতি কতর্ব্য পালন করতে
সবর্দা অপরকে সাহায্য করতে
স্কাউট আইন মেনে চলতে
আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।
(নিজ নিজ ধর্মীয় বিশ্বাস অনুসারে সৃষ্টিকর্তার নাম উচ্চারণ করা যাবে )

**স্কাউট আইন ঃ ৭টি**

১। স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী
২। স্কাউট সকলের বন্ধু
৩। স্কাউট বিনয়ী ও অনুগত
৪। স্কাউট জীবের প্রতি সদয়
৫। স্কাউট সদা প্রফুল্ল
৬। স্কাউট মিতব্যয়ী
৭। স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল

(মনে রাখার সুবিধার্থে, ছড়া আকারে বলা হয়-বিশ্বাসী বন্ধু বিনয়ী সদয়, প্রফুল্ল মিতব্যয়ী নির্মল রয়')

**আত্মমর্যাদা :** সাধারণভাবে একজন মানুষের নিজের সম্মানকেই তার আত্মমর্যাদা বুঝায়। আত্মমর্যাদাহীন কোন ব্যক্তিকে সুস্থ, বিবেকবান মানুষ বলা যায় না। এরূপ কোন ব্যক্তিকে কেউ বিশ্বাস করতে পারে না। অপরদিকে একজন আত্মমর্যাদা সম্পন্ন ব্যক্তি নিজের প্রতি অত্যন্ত আস্থাশীল, ব্যক্তিত্বসম্পন্ন, সৎ , সত্যবাদী ও বিশ্বাসী হয়। সকলে তাকে বিশ্বাস করতে পারে। আত্মমর্যাদা অর্থাৎ সৎ ও সত্যবাদী। তাই স্কাউট প্রতিজ্ঞায় আত্মমর্যাদার প্রতি অত্যন্ত গুরুত্ব আরোপ করা হয়েছে।

**আল্লাহর (সৃষ্টিকর্তার) প্রতি কর্তব্য পালন :** স্কাউটিং কেবলমাত্র আস্তিকের জন্য। যারা আল্লাহ বা সৃষ্টিকর্তাকে বিশ্বাস করে তারাই শুধু স্কাউট হতে পারে। আল্লাহ মানুষকে শুধু সৃষ্টির সেরা হিসেবেই সৃষ্টি করেননি, মানুষের জন্যই সৃষ্টি করেছেন গাছ-পালা, ফল-মূল, পশু-পাখি, পাহাড়-পর্বত, পানি বায়ু সবই। জমিতে ফসল, মাটির নিচে পানি আর খনিজ সম্পদ দিয়েছেন, এর সবই মানুষের ভোগের জন্য। মানুষ কেবল মাত্র তার বুদ্ধিবলে সে সব আহরণ করছে আর ভোগ করছে। নানান উদ্ভিদ, লতা, গুল্ম, বৃক্ষরাজির মধ্যে প্রদান করেছে নানান বর্ণ, মনোহর ফুল, সুস্বাদু ফল আর ভেষজ গুণাগুণ। স্রষ্টার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ আমাদের একান্ত কর্তব্য। স্কাউট প্রতিজ্ঞায় নিজ ধর্ম বিশ্বাস মতে কর্তব্য পালনের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**দেশের প্রতি কর্তব্য :** পৃথিবীর সকল ধর্মেই নিজের দেশকে ভালবাসা, নিজের দেশের জন্য মঙ্গলকর কাজ করার তাগিদ রয়েছে। ইসলাম ধর্মে মাতৃভূমিকে ভালবাসা ঈমানের অংশ হিসেবে বলা হয়েছে। দেশ বা রাষ্ট্র তার নাগরিকের সুখ-শান্তিতে বসবাস , শিক্ষা, কর্মসংস্থান উপার্জন, নিরাপত্তাসহ নাগরিক সকল বিষয়ের নিশ্চয়তা প্রদান করে। আর সে জন্যই দেশের নাগরিক হিসেবে দেশের জন্য কাজ করা, দেশের মঙ্গল হয় এমন চিন্তা করা, দেশের আইন শ্রদ্ধার সাথে মেনে চলা সকলের কর্তব্য। দেশপ্রেম এবং উন্নত নাগরিক চেতনাকে সভ্যতার মানদন্ড হিসেবেও চিহ্নিত করা হয়। সে জন্য দেশের প্রতি কর্তব্য পালনের উপর স্কাউট প্রতিজ্ঞায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

**অপরকে সাহায্য করা :**

পরের কারণে স্বার্থে দিয়া বলি এ জীবন মন সকলি দাও
পরের কারণে মরণেও সুখ আপনার কথা ভুলিয়া যাও
অথবা
মানুষ মানুষের জন্য
জীবন জীবনের জন্য।

কবির এই সব অমর কথা পৃথিবীতে আবির্ভূত মহামনীষীদের মহান বাণীরই প্রতিধ্বনি। অপরের সাহায্যের জন্য এগিয়ে যাওয়া বা অপরের জন্য সামান্য হলেও কিছু করতে পারার যে তৃপ্তি তা অন্য কোন কাজে পাওয়া যায়না। মহামানবেরা সর্বকালে ও সর্বযুগে ব্যক্তিগত সাহায্যের মাধ্যমে মানব জীবনের পরম প্রশান্তি লাভের কথা ব্যক্ত করেছেন। তাই স্কাউট প্রতিজ্ঞায় সবর্দা অপরকে সাহায্যের তাগিদ রয়েছে।

**স্কাউট আইন :**

**(১) আত্মমর্যাদায় বিশ্বাসী :** এর মূল অর্থ নিজের সম্মান অক্ষুন্ন রাখার দৃঢ় প্রত্যয়। সৎ, সত্যবাদী, বিশ্বাসী ও নির্ভরযোগ্য এ বিশেষ গুণ গুলোই আত্মমর্যাদা। আত্মমর্যাদা একজন মানুষের কাছে অত্যন্ত পবিত্র। মূলতঃ এই আত্মমর্যাদা বোধই একজন মানুষের আচার আচরণ নিয়ন্ত্রণ করে। একজন স্কাউটের আত্মমর্যাদা এমন হবে যাতে সকলে তার উপর আস্থা রাখতে পারে, কোন প্রলোভন তা যত বড়ই হোক না কেন তাকে অসৎ বা অপরাধ প্রবণ হতে প্ররোচিত করতে না পারে।

**(২) সকলের বন্ধু :** স্কাউট হিসেবে সে অপরকে অত্যন্ত আপন করে ভাবে, সকলের সাথে বন্ধু বা ভাই এর মত আচরণ করে। একজন স্কাউট এর কাছে জাতি, ধর্ম, বর্ণ, ধনী গরীব এর কোন ব্যবধান নেই। সংরক্ষণবাদী মনোভাব পরিহার করে অন্যের ভাল দিকটাকে স্কাউটরা গ্রহণ করে থাকে। তার এরূপ আচরণের কোন ভৌগলিক সীমারেখা নাই। একজন স্কাউটের কাছে "সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই" -এই কথাটাই অনুসরণীয়।

**(৩) বিনয়ী ও অনুগত :** প্রাচীনকালে বীর পুরুষেরা নারী, শিশু ও বৃদ্ধদের প্রতি সদয় ও বিবেচক আচরণ করতেন। স্কাউটরাও অবশ্যই অনুরূপ বিবেচকের আচরণ করবে। একজন স্কাউট তার বয়োজ্যেষ্ঠ, পিতা-মাতা, শিক্ষক, ইউনিট লিডার, ষষ্ঠক নেতা, উপদল নেতার অনুগত হবে এবং সকলের সাথে বিনয়ের সাথে কথা বলবে। তার আচার আচরণে বিনয় প্রকাশ পাবে।

**(৪) জীবের প্রতি সদয় :** মানুষ সৃষ্টির সেরা জীব। তাই স্রষ্টার সৃষ্টি অন্য সকল জীবের প্রতি সহমর্মী হওয়া তার কর্তব্য। একজন স্কাউটের আচরণ এমন হবে না, যার দ্বারা স্রষ্টার সৃষ্টি হুমকীর সম্মুখীন না হয়। কোন প্রাণীর প্রতি দুর্ব্যবহার মূলতঃ স্রষ্টার সাথে দুর্ব্যবহারের সামিল। এ ক্ষেত্রে একজন স্কাউট হবে বিশাল ও মহৎ চিত্তের মানুষ।

**(৫) সদা প্রফুল্ল :** একজন স্কাউট হবে নির্ভিক এবং দৃঢ় মনোবলের অধিকারী। কোন বিপদের মূহুর্তে সে বিচলিত হবে না বরং ধীরস্থিরভাবে হাসিমুখে সে লক্ষ্য করবে বিপদের মাত্রা এবং তার কী কী করণীয় তা নির্ধারণ করে সে মোতাবেক পদক্ষেপ গ্রহণ করবেন। সর্বদা হাসি-খুশি থাকতে স্কাউটরা সচেষ্ট থাকবে।

**(৬) মিতব্যয়ী :** একজন স্কাউট হবে দূরদৃষ্টি সম্পন্ন। সে সকল সময় ভবিষ্যতের কথা ভেবে কাজ করবে। বর্তমানে তার যে সম্পদ বা সুযোগ আছে ভবিষ্যতে তা নাও থাকতে পারে। তাই ক্ষণিকের আনন্দ বা সুযোগের মধ্যে থেকেই ভবিষ্যতে যখন তার এরূপ থাকবে না তখন কীভাবে দিন চলবে সে বিষয়ে ভাবতে হবে। এক্ষেত্রে তার বাহুল্য ব্যয় সংকোচনের মাধ্যমে ভবিষ্যতের কথা ভেবে কিছুটা সঞ্চয়ের কথা ভাবা প্রয়োজন। এতে করে অনাকাংখিত দুর্যোগের মূহুর্তে সে এই সঞ্চয় কাজে লাগাতে পারে। আর্থিক মিতব্যয়ী ছাড়াও কথা এবং সময়ের দিক থেকেও একজন স্কাউট হবে মিতব্যয়ী। স্কাউটরা কখনই অযথা কথা বা সময় নষ্ট করে না।

**(৭) চিন্তা, কথা ও কাজে নির্মল :** কেবল সুস্থ সুঠাম দেহের অধিকারী হলে চলবে না; একজন স্কাউট হবে সুন্দর মনের অধিকারী। কখনও অপরের অনিষ্টকর চিন্তা তো সে করবেই না বরং কিভাবে তার উপকার করা যায় এই তার ভাবনা। কোন কাজে বা কথায় কেউ মনে কষ্ট পাবে এমন কাজ বা কথা বলা থেকে সে বিরত থাকবে। তার চিন্তা ও কাজ হবে স্বচ্ছ ও পরিচ্ছন্ন। এই হবে একজন স্কাউটের চারিত্রিক বৈশিষ্ট্য।

**মটো** (Motto) :

**কাব স্কাউট মটো:** কাব স্কাউটদের মূলমন্ত্র হচ্ছে, 'যথা সাধ্য চেষ্টা করা' (Do Your Best)। কাব স্কাউটরা ভালো কাজ করতে সব সময় যথা সাধ্য চেষ্টা করে থাকে।

**স্কাউট মটো:** স্কাউটদের মূলমন্ত্র হলো "সদা প্রস্তুত" (Be Prepared)।

**রোভার স্কাউট মটো:** রোভার স্কাউটদের মূলমন্ত্র হলো "সেবা" (Service)।

উল্লেখিত মটোগুলোকে একত্রে বলা হয় 'সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা' (Do Your Best to be Prepared for Service)।

# অধ্যায় -২
## ইউনিট গঠন

**প্রতিষ্ঠান প্রধানগণের জ্ঞাতব্য বিষয় ও করণীয় :**

কোন প্রাথমিক বিদ্যালয়, এবতেদায়ী মাদ্রাসা, কিন্ডার গার্টেন, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, কারিগরী শিক্ষাপ্রতিষ্ঠান ও মাদ্রাসা বা যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং এর ইউনিট গঠন করতে হলে প্রথমেই প্রতিষ্ঠান প্রধানকে উদ্যোগী হওয়ার প্রয়োজন রয়েছে। পরিশিষ্ট ১-১৩ এ বর্ণিত এবং সংযোজিত দল গঠন ও তহবিল গঠন, ইউনিট পরিচালনা, ডেপুটেশন সম্পর্কীয় শিক্ষা বিভাগের সার্কুলার দেখা যেতে পারে। শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং এর ইউনিট গঠনের ক্ষেত্রে সহায়ক বিষয়সমূহ নিম্নে উল্লেখ করা হলো। উল্লেখ্য, পাড়া, মহল্লায় কমিউনিটি বেইজড মুক্ত স্কাউট দল আমাদের দেশে পরিচালিত ও নতুন দল গঠিত হচ্ছে। বিশেষ চাহিদা সম্পন্ন ছেলে-মেয়ে এবং পথশিশুরা শিক্ষা প্রতিষ্ঠানে অথবা মুক্ত স্কাউট গ্রুপে স্কাউটিং করার সুযোগ রয়েছে।

**গ্রুপ পদ্ধতি :**

(ক) কাব স্কাউট ইউনিট, স্কাউট ইউনিট, রোভার স্কাউট ইউনিট এবং গার্ল ইন স্কাউট এর শাখা ভিত্তিক ইউনিট নিয়ে একটি পূর্ণাংগ স্কাউট গ্রুপ গঠিত হয়ে থাকে। বিশেষ ক্ষেত্রে যে কোন শাখার এক বা একাধিক ইউনিট নিয়েও একটি গ্রুপ হতে পারে।

(খ) বাংলাদেশে দু'ধরণের স্কাউট গ্রুপ দল আছে। যেমন: (১) নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ এবং (২) মুক্ত স্কাউট গ্রুপ।

**নিয়ন্ত্রিত গ্রুপ :**

কোন শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সংগঠনের আওতাভুক্ত স্কাউট গ্রুপসমূহ নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ হিসেবে অভিহিত হবে। নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপে কেবলমাত্র সেই প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ অথবা ঐ সংগঠনের সদস্যবৃন্দ যোগদান করতে পারবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বাইরের কোন ছাত্র-ছাত্রী বা সংশ্লিষ্ট সংগঠনের সদস্য নয় এমন কেউ নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপের সদস্য হতে পারবে না। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বা সংগঠন প্রধান হবেন নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ বা ইউনিটের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

**মুক্ত গ্রুপ :**

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বা সংগঠনের বাইরেও কোন পাড়া, মহল্লায় বা এ্যাপার্টমেন্ট এলাকায় বসবাসরত স্কাউট বয়সী (৬-২৫) বছর শিশু ও যুবদের নিয়ে পাড়া বা মহল্লা বা এলাকা ভিত্তিক মুক্ত স্কাউট গ্রুপ গঠন করা যায়। যারা কোন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, তারা নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের লিখিত অনুমোদনক্রমে, যে কোন মুক্ত স্কাউট গ্রুপে কাব স্কাউট, স্কাউট বা রোভার স্কাউট বা গার্ল ইন স্কাউট/রোভার হিসেবে যোগদান করতে পারবে। উপজেলা বা জেলা স্কাউটসের অনুমোদনক্রমে মুক্ত স্কাউট গ্রুপ কাউন্সিলের সভাপতি হবেন মুক্ত স্কাউট গ্রুপের/ইউনিটের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

**গ্রুপ কমিটি গঠন পদ্ধতি :**

স্কাউট গ্রুপ/ইউনিটকে সুষ্ঠুভাবে পরিচালনা করার দায়িত্ব গ্রুপ কমিটির। নিয়ন্ত্রিত গ্রুপের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান হবেন গ্রুপ/ইউনিট কমিটির সভাপতি। গ্রুপ স্কাউট লিডার হবেন কমিটির সম্পাদক। স্কাউটিংয়ের প্রতি আগ্রহী কতিপয় শিক্ষক, প্রতিষ্ঠান পরিচালনা কমিটি/গভর্ণিং বডির সদস্য, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও স্কাউটদের অভিভাবকবৃন্দের সমন্বয়ে এই কমিটি গঠিত হবে।

কমিটির গঠন নিম্নরূপ : গ্রুপ কমিটি সাধারণত : ৭-৯ সদস্য বিশিষ্ট হয়ে থাকে।

(ক) সভাপতি (নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপের ক্ষেত্রে পদাধিকার বলে, প্রতিষ্ঠান প্রধান)
(খ) সহ -সভাপতি
(গ) কোষাধ্যক্ষ
(ঘ) সম্পাদক ( পদাধিকার বলে ইউনিট লিডার/গ্রুপ স্কাউট লিডার)
(ঙ) সদস্য (অনুর্ধ্ব ৩ - ৫ জন)

**গ্রুপ কমিটির কার্যাবলী :**

**স্কাউট গ্রুপের/ইউনিটের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হিসেবে গ্রুপ/ইউনিট কমিটির দায়িত্ব নিম্নরূপ :**

(ক) গ্রুপ স্কাউটারদের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউনিট লিডার ও বিভিন্ন পর্যায়ে স্কাউট সদস্যদের প্রয়োজনীয় উৎসাহ এবং সহযোগিতা প্রদান।

(খ) বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম'- মোতাবেক নিজ স্কাউট গ্রুপে স্কাউটিং এর মান বজায় রাখা এবং গ্রুপ/ইউনিটে যেন ক্রমোন্নতিশীলভাবে স্কাউটিং চালু করা যায় তা নিশ্চিত করা।

(গ) স্কাউট প্রোগ্রাম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় ট্রেনিং, উপকরণ ও কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট ডেন এর ব্যবস্থা করা।

(ঘ) স্কাউট কার্যক্রমের পর্যায়ক্রমিক প্রশিক্ষণসহ যাবতীয় কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ ও সরবরাহ নিশ্চিত করা।

(ঙ) স্কাউটিংয়ের বিভিন্ন শাখা ইউনিটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক স্কাউটার ও ইনস্ট্রাকটরের মনোনয়ন দান এবং তাঁদের যথাযথ ট্রেনিং প্রদান নিশ্চিত করা।

(চ) গ্রুপ রেজিস্ট্রেশন বিধি মোতাবেক, প্রতি বছর নিয়মিতভাবে গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন ফি পরিশোধ ও পরিসংখ্যানসহ বার্ষিক রিপোর্ট, উপজেলা/জেলা স্কাউটসে প্রদান করে রেজিস্ট্রেশন নবায়নের ব্যবস্থা গ্রহণ।

(ছ) গ্রুপ/ইউনিটে কার্যরত ইউনিট লিডারদের যথারীতি স্কাউটার হিসেবে সনদ প্রদানের জন্য উপজেলা/জেলা স্কাউটসের মাধ্যমে সুপারিশ করা।

(জ) স্কাউট গ্রুপের/ইউনিটের স্থাবর ও অস্থাবর সম্পত্তিসমূহ এবং নির্ধারিত স্কাউট তহবিল সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিত করা।

(ঝ) সংশ্লিষ্ট অন্যান্য দায়িত্ব পালন।

**ইউনিট:**

দুই থেকে চারটি ষষ্ঠক/উপদল নিয়ে কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট ইউনিট গঠিত হয়ে থাকে। গ্রুপ কমিটির নিয়ন্ত্রণে থেকে ইউনিট লিডারের (বয়স্ক নেতা) প্রত্যক্ষ তত্ত্বাবধানে প্রতিটি ইউনিট পরিচালিত হয়ে থাকে।

**ইউনিট লিডার (কাব স্কাউট/ স্কাউট/ রোভার স্কাউট লিডার) :**

সাধারণত প্রত্যেক শাখার ইউনিট পরিচালনার জন্য অন্ততপক্ষে একজন প্রশিক্ষণ প্রাপ্ত বয়স্ক নেতার প্রয়োজন, যিনি ইউনিট লিডার নামে পরিচিত। কাব স্কাউটদের ক্ষেত্রে কাব স্কাউট লিডার, স্কাউটদের ক্ষেত্রে স্কাউট লিডার এবং রোভার স্কাউটদের ক্ষেত্রে রোভার স্কাউট লিডার বলা হয়ে থাকে। গার্ল ইন স্কাউট ইউনিটের ক্ষেত্রে শাখা ভিত্তিক মহিলা ইউনিট লিডার প্রয়োজন। দল পরিচালনার মূল দায়িত্ব ইউনিট লিডারের। তাঁকে এ বিষয়ে সার্বিক সহযোগিতা করা প্রয়োজন। বাংলাদেশ স্কাউটসের প্রচলিত নিয়মানুযায়ী সংশ্লিষ্ট শাখার ৫ দিনের ইউনিট লিডার বেসিক কোর্স সাফল্যের সাথে সম্পন্ন না করা পর্যন্ত কেউ ইউনিট লিডার হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না। উল্লেখ্য, ইউনিট লিডার বেসিক কোর্সে অংশগ্রহণের কমপক্ষে ১-৩ মাস পূর্বে তাঁকে দিনব্যাপি স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করতে হয়। অবশ্য পরিবেশ এবং পরিস্থিতির কারণে যদি কেউ পূর্বাহ্নে অন্য কোন শাখার ইউনিট লিডার বেসিক কোর্সে যোগদান করতে না পারেন, তবে শর্ত থাকবে যে, তাঁর অঞ্চলে বা নিকটস্থ অন্য কোন স্থানে আয়োজিত নিজ শাখার ইউনিট লিডার বেসিক কোর্সে তাঁকে যত তাড়াতাড়ি সম্ভব অবশ্যই যোগদান করতে হবে। বেসিক কোর্সে অংশগ্রহণের জন্য নিজ নিজ উপজেলা, জেলা ও আঞ্চলিক স্কাউটস সদর দফতরে যোগাযোগ করতে হবে। ইউনিট লিডার নির্বাচনের ক্ষেত্রে স্কাউটিং-এ আগ্রহী, স্বল্প বয়স্ক, কর্মঠ, সৎ, পরোপকারী ও স্কাউটিং কাজে অবসর সময় ব্যয় করার মানসিকতা বিশিষ্ট ব্যক্তি নির্বাচন করা বাঞ্ছনীয়। পরিশিষ্ট ১৭ এ আঞ্চলিক স্কাউটস এর ঠিকানা সংযোজন করা হয়েছে।

**স্কাউট গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন :**

স্কাউট গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন করার জন্য চার প্রস্থ/কপি গ্রুপ রেজিস্ট্রেশন ফরম (পরিশিষ্ট ১৪ এ বর্ণিত) সংশ্লিষ্ট উপজেলা/জেলা/আঞ্চলিক স্কাউটস কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে। পরিশিষ্ট ১৪ তে বর্ণিত ফরম ফটোকপি করে ব্যবহার করা যেতে পারে অথবা বাংলাদেশ স্কাউটস এর www.scouts.gov.bd ওয়েভ সাইট থেকে সংগ্রহ করা যেতে পারে। এই ফরমগুলো যথাযথভাবে পূরণ করে, উপজেলা স্কাউটস/জেলা স্কাউটসের নির্ধারিত রেজিস্ট্রেশন ফি প্রদানপূর্বক জমা দিলে সংশ্লিষ্ট উপজেলা স্কাউটস, জেলা স্কাউটসের মাধ্যমে গ্রুপকে রেজিষ্ট্রেশন মঞ্জুর করার জন্য আঞ্চলিক স্কাউটসকে সুপারিশ করবে। এই গ্রুপ রেজিস্ট্রেশন ফরম পাওয়ার পর আঞ্চলিক স্কাউটস সংশ্লিষ্ট গ্রুপকে রেজিস্ট্রেশন চার্টার মঞ্জুর করবে। সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটসের অনুমোদন না পাওয়া পর্যন্ত কোন গ্রুপ/ইউনিট স্বীকৃতি প্রাপ্ত হিসেবে গণ্য হবে না এবং এর কোন সদস্যও কোন প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবে না।

**ষষ্ঠক :**

চার থেকে ছয় জন কাব স্কাউট নিয়ে একটি কাব স্কাউট ষষ্ঠক গঠিত হয়। ছয় জনের মধ্যে এক জন ষষ্ঠক নেতা থাকেন। একজন সহকারী ষষ্ঠক নেতা থাকেন। অবশিষ্টরা সদস্য হিসেবে থাকেন। ছেলে-মেয়ে মিলে ষষ্ঠক গঠন করা যায় না

**স্কাউট উপদল :**

ছয় থেকে আট জন স্কাউট নিয়ে একটি স্কাউট উপদল গঠিত হয়। রোভার স্কাউট এর ক্ষেত্রে ৪-৬ জন সদস্য নিয়ে একটি উপদল গঠিত হতে পারে।

**উপদল নেতা/রোভার মেট :**

উপদলের সদস্যদের মধ্য থেকে উপদল সদস্যদের দ্বারা মনোনীত একজনের উপর উপদলের নেতৃত্ব দানের জন্য দায়িত্ব দেয়া হয়। এই রূপ দায়িত্ব প্রাপ্ত সদস্যকে উপদল নেতা নামে পরিচিত। রোভার স্কাউট শাখায় উপদল নেতাকে রোভার মেট বলা হয়।

**সিনিয়র ষষ্ঠক নেতা/সিনিয়র উপদল নেতা/সিনিয়র রোভার মেট :**

ষষ্ঠক নেতা/ উপদল নেতা/রোভার মেটদের কাজের সমন্বয়ে এবং ইউনিট পরিচালনায়, ইউনিট লিডারকে সহায়তা প্রদানের জন্য একজন ষষ্ঠক নেতা/উপদল নেতা/রোভার মেটদের উপর বিশেষ দায়িত্ব প্রদান করা হয়। তাকে যথাক্রমে স্কাউট ইউনিটে 'সিনিয়র উপদল নেতা', কাব স্কাউট ইউনিটে 'সিনিয়র ষষ্ঠক নেতা' এবং রোভার ইউনিটে 'সিনিয়র রোভার মেট' বলা হয়।

**স্কাউট ইউনিট গঠন সম্পর্কে কতিপয় তথ্য :**

**আগ্রহী বালক/বালিকা :**

স্কাউটিং করার জন্য প্রয়োজন স্কাউট বয়সী (৬-২৫ বছর বয়সের) আগ্রহী বালক/বালিকা। যারা ভাল স্বাস্থ্যের অধিকারী, চরিত্রবান, পড়াশুনায় ভাল, অবসর সময়ে স্কাউটিংয়ের সৃজনশীল কাজে নিজেদের ব্যস্ত রাখতে আগ্রহী, এ ধরণের ২৪ থেকে ৩২ জন বালক/বালিকা নিয়ে গঠিত হয় একটি কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট ইউনিট। এ ধরনের আগ্রহী বালক/বালিকা নিয়ে স্কাউট ইউনিট গঠন করা যাবে। একজন বালিকা যে কোন শাখায় স্কাউটিং করলে তাকে "গার্ল ইন স্কাউট" হিসেবে অভিহিত করা হবে।

### ১। স্কাউট পোশাক :

(ক) **যোগ্যতা :** কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, ইউনিট লিডার, গ্রুপ স্কাউট লিডার এবং অন্যান্য সনদপ্রাপ্ত পদের অধিকারী সদস্যগণ স্কাউট পোশাক পরবেন। Non Warranted বা সনদবিহীন সদস্যগণ যেমনঃ সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক ও কমিটির সদস্যগণ দীক্ষা গ্রহণের পর স্কাউট পোশাক পরতে পারবেন। তাঁরা ইউনিট লিডারদের অনুরূপ পোশাক পরবেন। তবে নির্ধারিত স্কার্ফ, সদস্য ব্যাজ ও (গঠন ও নিয়ম তফসিল এক-এ বর্ণিত নিয়মানুযায়ী) প্রাপ্ত সম্মানীয় পদক বা অ্যাওয়ার্ড ছাড়া অন্য কিছু স্কাউট পোশাকে পরতে পারবেন না।

**(খ) নিয়মাবলী :**

১. স্কাউট পোশাক সঠিক মাপ ও নমুনার হতে হবে।

২. বাংলাদেশ স্কাউটস কর্তৃক অনুমোদিত ব্যাজ ও ডেকোরেশন ছাড়া অন্য কোন প্রতীক, অলংকার বা সৌখিন সাজ-সজ্জা স্কাউট পোশাকের সাথে ব্যবহার করা যাবে না।

৩. যে কোন স্কাউট অনুষ্ঠানে যোগদানের সময় পরিপূর্ণ ও পরিপাটি স্কাউট পোশাক পরতে হবে।

৪. বাংলাদেশ স্কাউটসের সকল সদস্য-তাঁদের স্বীকৃত যোগ্যতা, দক্ষতা, পারদর্শিতা, সম্মানসূচক পদক ও পদমর্যাদার প্রতীক স্বরূপ ভিন্ন ভিন্ন স্তরের জন্য নির্ধারিত ব্যাজ বা পদকগুলো স্কাউট পোশাকের সাথে পরতে পারবে। একজন সদস্য একই বিষয়ের ওপর একাধিক বা অন্য শাখার ব্যাজ স্কাউট পোশাকে পরতে এবং কোন ব্যাজ বা পদক হস্তান্তর করতে পারবে না।

৫. এক স্তরের ইউনিটের শাখার জন্য নির্ধারিত ব্যাজ অন্য কোন স্তরের ইউনিটের শাখার সদস্যরা স্কাউট পোশাকে পরতে পারবে না।

৬. বাংলাদেশ স্কাউটস কর্তৃক তৈরিকৃত স্কাউট ব্যাজ, বই, রেপ্লিকা, পদক ও অ্যাওয়ার্ডসমূহ জাতীয় সদর দফতর কর্তৃক অনুমোদিত, নিয়ন্ত্রিত এবং সংরক্ষিত।

### ২। কাব স্কাউট পোশাক :

(ক) **কাব স্কাউট (ছেলে) :**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়, পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. শার্ট : ছাই (অ্যাশ) রংয়ের দুই পকেটওয়ালা ঢাকনা যুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ বা ফুল শার্ট (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল শার্ট পরতে হবে।)

৩. প্যান্ট : গাঢ় নেভী ব্লু রংয়ের (প্যান্টের সাথে যুক্ত ফিতা যা কাঁধের উপর দিয়ে পেছনে প্যান্টের সাথে লাগানো যায়) হাফ অথবা ফুল প্যান্ট। (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল প্যান্ট পরতে হবে।)

৪. বেল্ট : বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রাম সম্বলিত Buckle ওয়ালা কালো রংয়ের চামড়া বা কাপড়ের বেল্ট।

৫. মোজা : সাদা অথবা কালো রংয়ের মোজা। প্রত্যেক ইউনিটকে একই রং এর মোজা ও জুতা পরিধান করতে হবে।

৬. জুতা : সাদা বা কালো রং এর জুতা। প্রত্যেক ইউনিটকে একই রকমের জুতা পরিধান করতে হবে।

৭. স্কার্ফ : লাল রংয়ের স্কার্ফ (স্কার্ফের শীর্ষে হলুদ পটভূমিতে স্কাউট মনোগ্রাম খচিত ব্যাজ)

৮. ষষ্ঠক পরিচিতি ব্যাজ : ষষ্ঠক পরিচিতি রংয়ের ৩.৮১ সেঃ মিঃ সমবাহু বিশিষ্ট ত্রিকোণাকৃতির কাপড়ের ব্যাজ। বাম কাঁধের নীচে হাতার উপরের অংশে শীর্ষকোণ উপরে রেখে সেলাই করে পরতে হবে।

৯. গ্রুপ পরিচিতি : Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১০. নাম ফলক : লাল রংয়ের পটভূমিতে গাঢ় হলুদ রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (প্রত্যেক ইউনিটে একই ধরনের অর্থাৎ প্লাস্টিক বা কাপড় এর তৈরী নাম ফলক ব্যবহার করতে হবে)

১১. জাতীয় পতাকার রেপ্লিকা : নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (তফসিল এক ৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বর্ণনা অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. শার্টের পেটি বা শোল্ডার থাকবে।

**(ক) কাব স্কাউট (মেয়ে) :**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়, পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. শার্ট : ছাই (অ্যাশ) রংয়ের দুই পকেটওয়ালা ঢাকনাযুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ বা ফুল শার্ট (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল শার্ট পরতে হবে।)

৩. স্কার্ট : গাঢ় নেভী ব্লু রংয়ের (স্কার্টের সাথে যুক্ত ফিতা যা কাঁধের উপর দিয়ে পেছনে স্কার্টের সাথে লাগানো যায়) স্কার্ট।

৪. বেল্ট : বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রাম সম্বলিত Buckle ওয়ালা কালো রংয়ের চামড়া বা কাপড়ের বেল্ট।

৫. মোজা : সাদা অথবা কালো রংয়ের মোজা। প্রত্যেক ইউনিটকে একই রং এর মোজা পরিধান করতে হবে।

৬. জুতা : সাদা অথবা কালো রংয়ের জুতা। প্রত্যেক ইউনিটকে একই রং এর জুতা পরিধান করতে হবে।

৭. স্কার্ফ : লাল রংয়ের স্কার্ফ (স্কার্ফের শীর্ষে হলুদ পটভূমিতে স্কাউট মনোগ্রাম খচিত ব্যাজ)

৮. ষষ্ঠক পরিচিতি ব্যাজ : ষষ্ঠক পরিচিতি রংয়ের ৩.৮১ সেঃ মিঃ সমবাহু বিশিষ্ট ত্রিকোণাকৃতির কাপড়ের ব্যাজ। বাম কাঁধের নীচে হাতার উপরের অংশে শীর্ষ কোণ উপরে রেখে সেলাই করে পরতে হবে।

৯. গ্রুপ পরিচিতি : Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১০. নাম ফলক : লাল রংয়ের পটভূমিতে গাঢ় হলুদ রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (প্রত্যেক ইউনিটকে একই ধরনের অর্থাৎ প্লাস্টিক বা কাপড়ের তৈরী নাম ফলক ব্যবহার করতে হবে)

১১. জাতীয় পতাকার রেপ্লিকা : নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (৪৮(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. শার্টের পেটি বা শোল্ডার থাকবে।

**৩। স্কাউট পোশাক**

**(ক) স্কাউট (ছেলে) :**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়,পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. শার্ট : ছাই (অ্যাশ) রংয়ের কাঁধে পেটিসহ দুই পকেটওয়ালা ঢাকনাযুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ বা ফুল শার্ট (একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল শার্ট পরতে হবে।)

৩. প্যান্ট : গাঢ় নেভী ব্লু রংয়ের ফুল প্যান্ট, স্ট্রেট কাট, নীচের মহুরী ৪০ থেকে ৪৫ সেঃ মিঃ এর মধ্যে হতে হবে।

৪. বেল্ট : স্কাউট মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা কালো রংয়ের চামড়া বা কাপড়ের বেল্ট।

৫. জুতা : কালো রংয়ের জুতা

৬. মোজা : প্যান্টের রং অর্থাৎ নেভী ব্লু রংয়ের মোজা

৭. স্কার্ফ : নিজ ইউনিটের জন্য উপজেলা স্কাউট কর্তৃক অনুমোদিত নির্ধারিত স্কার্ফ।

৮. গ্রুপ পরিচিতি : Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

৯. দড়ি : এক সেঃ মিঃ ব্যাস বিশিষ্ট ২.৭৫ মিটার লম্বা সুতা/ছন/পাটের দড়ি স্কাউটিং পদ্ধতিতে গোছনো অবস্থায় কোমরের বেল্টের হুকের সাথে ঝুলিয়ে রাখা যাবে।

১০. নাম ফলক : সবুজ রংয়ের পটভূমিতে গাঢ় লাল রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে।

১১. জাতীয় পতাকার রেপ্লিকা ঃ নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (তফসিল-১ অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. বাঁশি : উপদল নেতা ও সিনিয়র উপদল নেতার বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে

১৪. শীতের পোশাক : শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভী ব্লু রংয়ের ফুলহাতা ভি কলারের সোয়েটার পরতে হবে।

**(খ) স্কাউট (মেয়ে)**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি (টুপি পরা বাধ্যতামূলক নয়, পরলে ইউনিটের সকলকে একত্রে পরতে হবে।)

২. কামিজ : ছাই (অ্যাশ) রংয়ের কাঁধে পেটিসহ লম্বা কামিজ হাটুর চার আঙ্গুল নীচ পর্যন্ত হাফ বা ফুলহাতা কামিজ । ওড়না হবে গাঢ় নেভী ব্লু রংয়ের ।

(একটি ইউনিটের সকলেই একই রকম অর্থাৎ হাফ অথবা ফুল হাতা কামিজ পরতে হবে।)

৩. সালোয়ার : গাঢ় নেভী ব্লু রংয়ের সালোয়ার।

৪. জুতা : কালো রংয়ের জুতা।

৫. মোজা : সালোয়ারের রংয়ের অর্থাৎ নেভী ব্লু রংয়ের মোজা।

৬. স্কার্ফ : নিজ ইউনিটের জন্য উপজেলা স্কাউট কর্তৃক অনুমোদিত নির্ধারিত স্কার্ফ।

৭. বেল্ট : স্কাউট মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা কালো রং এর চামড়া বা কাপড়ের বেল্ট।

৮. গ্রুপ পরিচিতি : Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

৯. দড়ি : এক সেঃ মিঃ ব্যাস বিশিষ্ট ২.৭৫ মিটার লম্বা সুতা/ ছন/ পাটের দড়ি স্কাউটিং পদ্ধতিতে গোছানো অবস্থায় কোমরে বেল্টের হুকের সাথে ঝুলিয়ে রাখা যাবে।

১০. নাম ফলক : সবুজ রংয়ের পটভূমিতে গাঢ় লাল রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের উপরে পরতে হবে।

১১. জাতীয় পতাকার রেপ্লিকা : নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (তফসিল এক ৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. বাঁশি: উপদল নেতা ও সিনিয়র উপদল নেতার বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে।

১৪. শীতের পোশাক : শীতকালে স্কাউট মনোগ্রামযুক্ত নেভী ব্লু রং এর ভি কলারের সোয়েটার পরতে হবে।

**৪। রোভার স্কাউট পোশাক :**

**(ক) রোভার স্কাউট (ছেলে) :**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি।

২. শার্ট: ছাই (অ্যাশ) রংয়ের অ্যাপুলেটসহ দুই পকেটওয়ালা ঢাকনা যুক্ত (মাঝখানে প্লেটসহ) হাফ/ফুল হাতা শার্ট। (একই ইউনিটের সকল সদস্যকে এক ধরনের অর্থাৎ হাফ অথবা ফুল হাতা শার্ট পরতে হবে)

৩. প্যান্ট : স্ট্রেটকাট গাঢ় নেভীব্লু রংয়ের ফুল প্যান্ট, নীচের মুহুরী ৪০-৪৫ সেঃ মিঃ হবে।

৪. বেল্ট : বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা কালো রং এর চামড়ার বেল্ট পরতে হবে।

৫. শোল্ডার অ্যাপুলেট: দীক্ষা প্রাপ্ত রোভার স্কাউট দুই কাঁধের পেটিতে স্তর অনুযায়ী অ্যাপুলেট পরবে।

৬. জুতা : কালো রংয়ের জুতা।

৭. মোজা : নেভী ব্লু রংয়ের মোজা।

৮. স্কার্ফ : জেলা রোভার কর্তৃক গ্রুপের জন্য অনুমোদিত স্কার্ফ।

৯. গ্রুপ পরিচিতি: Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১০. নাম ফলক : হালকা নীল রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা প্লাস্টিক অথবা কাপড়ের নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (একই ইউনিটের সকল সদস্যকে একই ধরনের নাম ফলক পরতে হবে)

১১. জাতীয় পতাকার রেপ্লিকা : নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (তফসিল এক ৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

১২. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বর্ণনা অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৩. বাঁশি: রোভার মেট ও সিনিয়র রোভার মেটের বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে।

১৪. শীতের পোশাক : শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভী ব্লু রং এর ভি কলারের সোয়েটার পরতে হবে।

**(খ) রোভার স্কাউট (মেয়ে) :**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি।

২. কামিজ : ছাই (অ্যাশ) রংয়ের লম্বা কামিজ (হাটুর চার আঙ্গুল নীচ পর্যন্ত) এবং যার দুই কাঁধে অ্যাপুলেট পরার জন্য পেটি থাকবে। (প্রত্যেক ইউনিটে একই রকম অর্থাৎ হাফ বা ফুল কামিজ পরতে হবে।)

৩. ওড়না : গাঢ় নেভী ব্লু রংয়ের ওড়না। (যদি কোন মেয়ে মাথায় স্কার্ফ পরতে চায়, তবে তাকে কামিজের রংয়ের কাপড়ের স্কার্ফ পরতে হবে।)

৪. সালোয়ার: গাঢ় নেভী ব্লু রংয়ের সালোয়ার

৫. বেল্ট: বাংলাদেশ স্কাউটস এর মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা সালোয়ার রংয়ের কাপড়/চামড়ার বেল্ট পরতে হবে।

৬. জুতা : কালো রংয়ের জুতা।

৭. মোজা : নেভী ব্লু রংয়ের মোজা।

৮. শোল্ডার অ্যাপুলেট: দীক্ষা প্রাপ্ত রোভার স্কাউট দুই কাঁধের পেটিতে স্তর অনুযায়ী অ্যাপুলেট পরবে।

৯. স্কার্ফ : জেলা রোভার কর্তৃক গ্রুপের জন্য অনুমোদিত স্কার্ফ।

১০. গ্রুপ পরিচিতি : Oval বা ডিম্বাকৃতির লাল পটভূমিতে সাদা রংয়ে লেখা স্ক্রীন প্রিন্ট/এমব্রয়ডারী করা গ্রুপ নম্বরসহ গ্রুপ পরিচিতি ব্যাজ শার্টের বাম হাতার উপরের অংশে অঞ্চল পরিচিতি ব্যাজের নীচে সেলাই করে পরতে হবে।

১১. নাম ফলক : হালকা নীল রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা কাপড়ে নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে। (একই ইউনিটের সকল সদস্যকে একই ধরনের নাম ফলক পরতে হবে)

১২. জাতীয় পতাকার রেপ্লিকা : নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (তফসিল এক অনুযায়ী) পরতে হবে।

১৩. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

১৪. বাঁশি: রোভার মেট ও সিনিয়র রোভার মেটের বাম কাঁধে কর্ডসহ বাঁশি থাকবে।

১৫. শীতের পোশাক : শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভী ব্লু রংএর ভি কলারের সোয়েটার পরতে হবে।

**ইউনিট লিডার পোশাক (পুরুষ) :**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি।

২. শার্ট : ছাই (অ্যাশ) রংয়ের ঢাকনাযুক্ত দুই পকেটওয়ালা (মাঝখানের প্লেটসহ) হাফ বা ফুল হাতা শার্ট। নিজ ইউনিটের স্কাউট সদস্যদের অনুরূপ শার্ট হতে হবে।

৩. প্যান্ট : গাঢ় নেভী ব্লু রংয়ের ফুল প্যান্ট। নীচের মহুরী ৪০-৪৫ সেঃ মিঃ হবে।

৪. বেল্ট : স্কাউট মনোগ্রামযুক্ত Buckle ওয়ালা কালো রং এর চামড়ার বেল্ট

৫. জুতা : কালো রংয়ের জুতা ও গাঢ় নীল রংয়ের মোজা।

৬. স্কার্ফ : ইউনিট লিডারগণ দলীয় স্কার্ফ, উডব্যাজারগণ উডব্যাজ স্কার্ফ, জাতীয় স্কার্ফ পরার যোগ্য ব্যক্তিগত জাতীয় স্কার্ফ পরবেন।

৭. নাম ফলক : গাঢ় বেগুনী রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা কাপড়ে নিজ নাম ফলক ডান বুক পকেটের ঢাকনার লাইনের ওপরে পরতে হবে।

৮. জাতীয় পতাকার রেপ্লিকা : নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (তফসিল এক ৫৩(গ) ধারা অনুযায়ী)পরতে হবে।

৯. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারা বর্ণনা অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

**১০. শীতের পোশাক :**

শীতকালে স্কাউট মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের ভি কলারের সোয়েটার পরতে হবে। সোয়েটারের বুকের বাম পার্শ্বে স্কাউট মনোগ্রাম থাকবে, উপরে কোন পকেট থাকবে না।

**(খ) ইউনিট লিডার পোশাক (মহিলা) :**

১. টুপি : স্কাউট মনোগ্রামযুক্ত নেভী ব্লু রংয়ের পিকযুক্ত বেইস বল (Base Ball) টুপি।

২. শাড়ী : ছাই (অ্যাশ) রংয়ের শাড়ী।

৩. ব্লাউজ : গাঢ় নেভী ব্লু রংয়ের ফুল/হাফ হাতাওয়ালা (কাঁধে পেটিসহ) ব্লাউজ।

৪. জুতা : কালো রংয়ের জুতা এবং নীল রংয়ের মোজা।

৫. স্কার্ফ : ইউনিট লিডারগণ দলীয় স্কার্ফ, উডব্যাজারগণ উডব্যাজ স্কার্ফ এবং জাতীয় স্কার্ফ পরার যোগ্যগণ জাতীয় স্কার্ফ পরবেন।

৬. নাম ফলক : গাঢ় বেগুনী রংয়ের পটভূমিতে সাদা রংয়ে (রেজিস্ট্রেশন নম্বরসহ) লেখা কাপড়ে নিজ নাম ফলক ডান কাঁধ থেকে সামনের দিকে ১২ সেঃ মিঃ নীচে সেলাই করে পরতে হবে।

৭. জাতীয় পতাকার রেপ্লিকা : নাম ফলকের ওপরে জাতীয় পতাকার রেপ্লিকা (তফসিল এক ৫৩(গ) ধারা অনুযায়ী) পরতে হবে।

৮. অঞ্চল পরিচিতি ব্যাজ এবং বাংলাদেশ পরিচিতি ব্যাজ সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী শার্টের হাতায় পরতে হবে।

৯. মাথার স্কার্ফ : কোন মহিলা লিডার যদি মাথায় স্কার্ফ পরতে চান; তবে কামিজের রংয়ের কাপড়ের স্কার্ফ পরতে হবে।

১০. এপ্রোন : কোন মহিলা লিডার যদি এপ্রোন পরতে চান; তবে তিনি ছাই (অ্যাশ) রংয়ের অনুমোদিত নমুনা অনুযায়ী এপ্রোন পরতে পারবেন। শুধুমাত্র ওয়ার্কিং ইউনিফর্ম-এর সাথে এপ্রোন পরা যাবে।

১১. শীতকালে স্কাউট পোশাকের সাথে মনোগ্রামযুক্ত নেভীব্লু রংয়ের ভি কলারের সোয়েটার পরতে হবে। সোয়েটারের বুকের বাম পাশে স্কাউট মনোগ্রাম থাকবে। উপরে কোন পকেট থাকবে না।

**ওয়ার্কিং ড্রেস :**

**কামিজ :** অ্যাশ (ছাই) রং এর কলার যুক্ত ফুল হাতা হাঁটুর নিচ পর্যন্ত লম্বা কামিজ।

**সালোয়ার :** নেভি ব্লু রং এর মোটা কাপড়ের প্যান্ট কাট সাইড পকেটযুক্ত সালোয়ার।

**ওড়না :** নেভি ব্লু রং এর বড় ওড়না।

**জুতা :** কালো রঙ এর জুতা।

**পরিধানের নিয়ম :** তাঁবুবাস, ভ্রমণ, হাইকিং, কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণের সময় পরিধান করতে পারবেন।

## পোশাকসহ কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ও ইউনিট লিডার



**ডেন:**

স্কাউটিং এর অধিকাংশ মুক্তাংগণের কাজ, তবুও ইউনিটের কাগজপত্র, প্রশিক্ষণ ও অন্যান্য সরঞ্জাম এবং আন্তঃকক্ষ কাজের জন্য একটি ঘর বা আচ্ছাদিত স্থানের প্রয়োজন। তাকে 'ডেন' বলে। ডেনের চার কোণা ৪টি ষষ্ঠক বা উপদলকে তাদের সরঞ্জাম রাখার জন্য দেয়া যেতে পারে। ষষ্ঠক বা উপদলের সদস্যগণ ষষ্ঠক/উপদল কর্ণার সুন্দর করে সাজিয়ে গুছিয়ে রাখবে। প্রতিষ্ঠানের একটি কক্ষকে স্কাউটিং কাজের জন্য ডেন হিসেবে ব্যবহার করা যেতে পারে।

**তহবিল গঠন :**

সকল প্রতিষ্ঠানে স্কাউটিং ফি এর মাধ্যমে প্রতিষ্ঠানে স্কাউটিং কার্যক্রম পরিচালিত হয়। পরিপত্রের আলোকে স্কাউট ফি বিদ্যালয়ের স্কাউট তহবিলে রাখতে হয়। স্কাউট তহবিলের অর্থ যে কোন সিডিউল ব্যাংকে জমা রাখতে হবে এবং গ্রুপ কাউন্সিল/কমিটি কর্তৃক দু'জন সদস্যের যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে। গ্রুপ তহবিলে নিরীক্ষিত হিসেবের রিপোর্ট প্রতিবছর নিয়মিতভাবে নিজ নিজ নিয়ন্ত্রিত কর্তৃপক্ষের কাছে পাঠাতে হবে।

**গ্রুপ রেকর্ড'স :**

সাধারণত স্কাউটিং এর ইউনিট ও গ্রুপের যে সকল রেকর্ডপত্র রাখা প্রয়োজন তা হল- ভর্তি রেজিস্টার, জমা খরচের খাতা, প্রশিক্ষণ রেজিস্টার, পরিদর্শন বই, ষষ্ঠক/উপদল রেজিস্টার, ব্যাজ রেজিস্টার, প্রশিক্ষণ উপকরণ রেজিস্টার, স্টক বুক, রেজুলেশন বুক, সমাজ উন্নয়নমূলক কাজের রেজিস্টার, ক্যাম্প/সমাবেশ রেজিস্টার, গ্রুপ রেজিস্ট্রেশন ও নবায়ন সম্পর্কীয় ফাইল, সনদ ফাইল, পরিসংখ্যান সংক্রান্ত ফাইল, সরকারী সার্কুলার ফাইল ইত্যাদি।

**দীক্ষা অনুষ্ঠান :**

একজন বালক/বালিকা ইউনিটে যোগদানের পর প্রায় ৩ মাস নির্ধারিত বিষয়ে জ্ঞানার্জন বা সফলতা লাভের পর তাকে আনুষ্ঠানিকভাবে প্রতিজ্ঞা পাঠের মাধ্যমে স্কাউট আন্দোলনের সদস্যভুক্ত করার জন্য দীক্ষা অনুষ্ঠান আয়োজন করা হয়। দীক্ষা অনুষ্ঠান স্কাউট সদস্যদের নিকট অত্যন্ত গুরুত্বপূর্ণ। শাখা ভিত্তিক ইউনিট লিডার বেসিক কোর্সে শিক্ষার্থীদের এ সকল বিষয়ে বিস্তারিত শিক্ষা দেয়া হয়ে থাকে।

এছাড়াও দল গঠন ও পরিচালনা বিষয়ে আশেপাশের বা নিকটবর্তী এলাকার স্কাউট কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের স্কাউটার বৃন্দের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

# অধ্যায়-৩

## ইউনিট পরিচালনা

**ইউনিট লিডারগণের জ্ঞাতব্য বিষয় ও করণীয় :**

(ক) স্কাউটিং ৬-২৫ বছর বয়সী ছেলে-মেয়েদের জন্য মুক্তাঙ্গনে খেলাচ্ছলে প্রশিক্ষণলাভ হলেও বয়স্কদের জন্য একটি পবিত্র দায়িত্ব। এই দায়িত্ব অন্য কিছু নয়, এটি হল কোমলমতি শিশু ও যুবকদের সুন্দরভাবে গড়ে তোলার একটি অত্যন্ত কার্যকর ধারাবাহিক প্রক্রিয়া।

(খ) ইউনিট লিডারকে স্কাউটিংয়ের আন্দোলনের চালিকাশক্তি বলা হয়ে থাকে। কেননা তিনি সরাসরি স্কাউট সদস্যদের সাথে জড়িত। তিনি ইচ্ছা করলে এবং একটু চেষ্টা করলেই স্কাউটিং কার্যক্রমের মাধ্যমে ছেলে-মেয়েদের তথা দেশের যথেষ্ঠ কল্যাণ সাধন করতে পারেন। আবার তাঁর সামান্য অনীহার কারণে স্কাউটিং এর সুফল থেকে অনেকেই বঞ্চিত হতে পারে। কাজেই ইউনিট লিডারকে নিজ নিজ দায়িত্বের প্রতি যথেষ্ঠ আন্তরিক হতে হবে এবং এ বিষয়ে সদিচ্ছা থাকতে হবে। উল্লেখ্য, ইউনিট লিডারগণের সারা বিশ্বব্যাপী সেবাধর্মী এ স্কাউট আন্দোলনের সাথে জড়িত থেকে আত্মতৃপ্তি ও সামাজিক মর্যাদা প্রাপ্তির যথেষ্ঠ সুযোগ রয়েছে।

(গ) স্কাউটিং এ ইউনিট লিডার এমন এক ব্যক্তিত্ব, যিনি কোমলপ্রাণ ছেলে-মেয়েদের সাথে হাসি ও কৌতুকের মাধ্যমে করেন, কখনও বা সুন্দর সুন্দর খেলা দিয়ে তাদের মাতিয়ে তোলেন, কখনও অভিযান বা হাইকিং অথবা ক্যাম্পিং এ নিয়ে যান, কখনও আবার ষষ্ঠক নেতা বা উপদল নেতাদের মাধ্যমে সকলের প্রশিক্ষণের ব্যবস্থা করেন। সকল সময় তিনি একটি উদ্দেশ্যে নিয়েই অপেক্ষা করেন কোন মুহুর্তে তাঁর নিয়ন্ত্রিত কোন সদস্যের কি দুর্বল দিক চোখে পড়ে। যেমনঃ মিথ্যা বলা, গালি দেয়া, ধার করা, সহজেই অধৈর্য বা উত্তেজিত হওয়া, ঈর্ষান্বিত হওয়া, অগোছালো বা নোংরা থাকা, সময়ের অপচয়, অর্থের অপচয় করা ইত্যাদি। যখনই উপলব্দি বোধ হবে তখনি তিনি তা সংশোধনে সচেষ্ট হন। এক এক ধরণের সংশোধনের জন্য তিনি বেছে নেন এক এক ধরনের পদক্ষেপ। এক্ষেত্রে তিনি উপলব্ধিবোধ এবং বুদ্ধিমত্তাকে অতিমাত্রায় কাজে লাগান। কোন ধরনের ক্রটি সংশোধনের জন্য তিনি কি প্রকাশ্যে কথা বলবেন/গোপনে কথা বলবেন, ষষ্ঠক নেতা বা উপদল নেতার মাধমে তাঁর মতামত ব্যক্ত করবেন/গল্পের ছলে বলবেন তা তিনিই নির্ধারণ করেন। এক কথায় বলা যায়, এক্ষেত্রে তিনি একজন সতর্ক মনোবিজ্ঞানী। এই কাজে যে ইউনিট লিডার যত সজাগ থাকবেন, তিনি তত সফল ইউনিট লিডার হওয়ার যোগ্যতা রাখেন।

(ঘ) একজন স্কাউট সদস্য পিতামাতার পরই যাকে বেশি শ্রদ্ধা করে, ভালবাসে, ভয় পায়, আপন ভাবে এবং পথ প্রদর্শক মনে করে, তিনি হলেন তার ইউনিট লিডার। সব মিলিয়ে ইউনিট লিডার তার কাছে এক মহান ব্যক্তিত্ব। প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দায়িত্ব প্রাপ্ত হয়ে ইউনিট লিডার ইউনিট পরিচালনা করেন।

ইউনিট লিডারের করণীয় বিষয়গুলো পর্যায়ক্রমে পদক্ষেপের ক্রমানুসারে নিম্নে উপস্থাপন করা হল:

**ইউনিট লিডারগণের করণীয় পদক্ষেপসমূহ :**

**পদক্ষেপ-১ :**

এই সহায়িকা পুস্তিকাটি মনোযোগ সহকারে সম্পূর্ণ পাঠ করুন। সাথে সাথে অনুসন্ধান করুন আপনার শিক্ষা প্রতিষ্ঠানের আশেপাশের কোন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রাপ্ত ইউনিট লিডার আছেন কিনা। এমনও হতে পারে যে আপনার এলাকায় কেউ নেই, তবে উপজেলা/জেলা সদরে অবশ্যই কাউকে পাবেন যিনি আপনার পরিচিত অথবা ঐ প্রতিষ্ঠানের কেউ আপনার পরিচিত। আর পরিচিত না থাকলেও কোন অসুবিধা নেই। আপনি সরাসরি সেই ইউনিট লিডারের সাথে কথা বলুন, যদি এই পুস্তিকার কোন অংশ বা বর্ধিত কোন পদক্ষেপ বুঝতে অসুবিধা বোধ করেন, তবে তাঁর নিকট থেকে জেনে নিন। তবে জেলা স্কউটস কর্মকর্তা, জেলা এবং উপজেলা স্কাউটস নেতৃবৃন্দের সাথে যোগাযোগ রাখলে সবচেয়ে বেশি সুফল পাওয়া যায়।

**পদক্ষেপ-২ :**

আপনার প্রতিষ্ঠানের সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে স্কাউটিংয়ে যোগদানের বিজ্ঞপ্তি প্রচার করুন। যে সকল ছাত্র -ছাত্রী স্কাউটিংয়ে যোগদানে আগ্রহী তাদের একত্রিত করে একটি তালিকা প্রস্তুত করুন। তালিকার ছাত্র-ছাত্রীদের পরিশিষ্ট-১৫ এ বর্ধিত স্কাউট ইউনিটে যোগদানের আবেদন ফরম পূরণ করে, তাদের ইউনিটভুক্ত করুন।

আপনার লক্ষ থাকবে যে, কাব স্কাউটদের ক্ষেত্রে তৃতীয় থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত ছাত্রদের-ছাত্রীদের মধ্য থেকেই যোগ্য ২৪ জন ছেলে অথবা মেয়ে বাছাই করতে হবে। স্কাউটের ক্ষেত্রে ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ছাত্রদের-ছাত্রীদের মধ্য থেকেই যোগ্য ৩২ জন ছেলে অথবা মেয়ে বাছাই করতে হবে। রোভার স্কাউটের ক্ষেত্রে একাদশ শ্রেণী থেকে মাস্টার্স পর্যন্ত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকেই যোগ্য ২৪ জন ছেলে অথবা মেয়ে বাছাই করতে হবে।

**পদক্ষেপ-৩ :**

বাছাইকৃত ছাত্র-ছাত্রীদের এমন করে চারভাগে ভাগ করুন যেন প্রতিভাগেই কমবেশি সকল শ্রেণীর প্রায় সমান সংখ্যক ছাত্র/ছাত্রী থাকে। এক্ষেত্রে আরও একটি সাবধানতা অবলম্বন করতে হবে তা হল প্রতিটি ভাগে যেন চৌকষ (চটপটে, ছাত্র /ছাত্রী হিসেবে ভাল, সকল কাজে উৎসাহী, সাধারণ ছাত্র/ছাত্রীদের কাছে বেশ গ্রহণযোগ্য, হাসিখুশি, বুদ্ধিমান এমন) দুইজন ছেলে/মেয়ে থাকে।

এই ভাগগুলোর প্রতিটি এক একটি ষষ্ঠক বা উপদল নামে অভিহিত হবে। এরূপ স্কাউটদের উপদলগুলোকে বিভিন্ন নাম, যেমন- কোকিল, কবুতর, ঘুঘু, দোয়েল, বাঘ, সিংহ, ঘোড়া, খরগোশ ইত্যাদি নামকরণ করা যেতে পারে। কাব স্কাউট শাখার জন্য কোন রঙের নামে ষষ্ঠকের নাম হবে। যেমন- লাল, নীল, হলুদ, সবুজ, গোলাপী ইত্যাদি। রোভার স্কাউট শাখার ক্ষেত্রে কোন মহৎগুণের নাম অনুসারে, যেমন- একতা, সততা, নিয়মানুবর্তিতা, শৃংখলা, কোন বিশ্ব বরেণ্য দার্শনিক, কবি, বিজ্ঞানীগণের নাম অনুসারেও উপদলের নামকরণ করা যাবে।

**পদক্ষেপ-৪ :**

গঠিত এই ষষ্ঠক বা উপদলগুলোকে এমন দূরে কোথাও বসার ব্যবস্থা করবেন যেন এক ষষ্ঠক/উপদল অপর ষষ্ঠক/উপদলের কথা শুনতে না পারে। সেখানে বসে তারা নিজেদের মধ্যে আলোচনা করে একজন নেতা নির্বাচন করবে। এই নির্বাচনের ষষ্ঠক/উপদলের সকল সদস্যকে একমত হতে হবে। নির্বাচন কালে সকলকে বিবেচনায় আনতে হবে তাদের মধ্যে কে সবচেয়ে বিচক্ষণ, কর্মঠ, ভালো ছাত্র/ছাত্রী, সর্বোপরি যে উপদলকে সবচেয়ে ভাল নেতৃত্ব প্রদান করতে সক্ষম হবে।

নেতা নির্বাচনের এই বিবেচ্য বিষয় সম্পর্কে নির্বাচনের পূর্বেই সকলকে একত্রিত করে বিস্তারিত ভাবে বুঝিয়ে বলতে হবে, যাতে তারা সঠিক সিদ্ধান্তে পৌছাতে সক্ষম হয়। উল্লেখ্য, যে কাব স্কাউটদের ক্ষেত্রে ইউনিট লিডার ষষ্ঠক সদস্যদের সাথে আলোচনা করে ষষ্ঠক নেতা ও সহকারী ষষ্ঠক নেতা নির্বাচন করবেন।

প্রতিটি উপদল তাদের উপদলের জন্য একজন উপদল নেতা বা রোভার মেট নির্বাচন করবে। নবনির্বাচিত উপদল নেতা বা রোভার মেট সকলের সাথে আলোচনা করে তাকে সকল কাজে সহযোগিতা করার জন্য একজন করে সহকারী উপদল নেতা ও সহকারী রোভার মেট নির্বাচন করবে।

উপদল গঠন ও নেতা নির্বাচনের পর প্রথমে তাদের নিজ নিজ ষষ্ঠক/উপদলের নামে একটি সুন্দর রচনা লিখতে দিন। এক্ষেত্রে রচনায় সুচিন্তিতভাবে উপদলের বর্ণিত নামকরণের উপর বিষয়গুলোর বৈশিষ্ট্য অবশ্যই গভীরভাবে চিহ্নিত করতে হবে। এরূপ রচনা লেখার জন্য ৩/৪ দিন সময় দিন। রচনা লিখে আনার পর প্রতিটি ষষ্ঠক বা উপদলকে আলাদাভাবে বসে এক এক করে তা পাঠ করার নির্দেশ দিন এবং সব কয়টি রচনার মধ্যে থেকে মিলিয়ে একটি রচনা তৈরি করার পরামর্শ দিন। এভাবেই আরম্ভ হবে তাদের ষষ্ঠক/উপদল পদ্ধতি অনুসরণ।

**পদক্ষেপ-৫ :**

উপরে বর্ণিত পদ্ধতিতে ইউনিট গঠন করার পর গ্রুপ/ইউনিটটি রেজিস্ট্রেশনের পদক্ষেপ গ্রহণ করুন। গ্রুপ রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত পরিশিষ্ট -১৪ এ বর্ণিত পাঁচ কপি ফরম পূরণ করে এক কপি নিজের অফিসে রেখে, বাকি চার কপি উপজেলা স্কাউটসে দাখিল করতে হবে।

**ফরম পূরণ পদ্ধতি :**

(ক) ফরমে ইউনিট লিডারের প্রশিক্ষণ গ্রহণের তারিখ ও সার্টিফিকেট নম্বর এবং প্রশিক্ষণের স্থান কলামে প্রশিক্ষণের তথ্য লিখতে হবে।

(খ) সভাপতির নাম অংশে '' প্রতিষ্ঠান প্রধানের'' নাম লিখতে হবে।

(গ) সম্পাদকের নামের স্থানে '' ইউনিট লিডারের'' নাম লিখতে হবে।

(ঘ) বিভিন্ন ব্যাজের নাম উল্লেখিত ঘরের সম্পূর্ণ ফাঁকা থাকবে। কেবলমাত্র ' মোট' এর ঘরে যে কয়জন ছেলে বা মেয়েকে ইউনিটে ভর্তি করেছেন, তার সংখ্যা উল্লেখ করতে হবে।

(ঙ) গ্রুপ কমিটির সম্পাদকের ঘরে, ইউনিট লিডার হিসেবে আপনি স্বাক্ষর করবেন।

(চ) সভাপতির স্বাক্ষরের জায়গায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

**পদক্ষেপ-৬ :**

নির্বাচিত সংখ্যক সদস্যদের জন্য '' আমার স্কাউট রেকর্ড'' বই, অন্যান্য বই, অগ্রদূত/পত্র-পত্রিকা সংগ্রহ করুন এবং তা নিজে পাঠ করুন। প্রয়োজনে ষষ্ঠক নেতা বা উপদল নেতা, রোভার মেট ও অন্যান্য সদস্যদের পাঠ করতে দিন। প্রত্যেক স্কাউটকে '' আমার স্কাউট রেকর্ড'' পূরণ পদ্ধতি ভাল ভাবে বুঝিয়ে দিতে হবে।

### পুস্তক পুস্তিকা ও সাময়িকীর তালিকা :

(১) গঠন ও নিয়ম, গঠন ও নিয়ম তফসিল-১
(২) আমার স্কাউট রেকর্ড
(৩) কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট প্রোগ্রাম বই
(৪) বনকলা
(৫) ক্যাম্পিং
(৬) প্রাথমিক প্রতিবিধান
(৭) দড়ির কাজ
(৮) কোড ও সাইফার
(৯) ব্যাডেন পাওয়েল
(১০) উপদল পদ্ধতি
(১১) মাসিক অগ্রদূত পত্রিকা

উপরিউক্ত বইগুলো বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতরের স্কাউট শপে পাওয়া যায়। উপজেলা/জেলা/আঞ্চলিক স্কাউটসে যোগাযোগ করেও বইগুলো সংগ্রহ করা যেতে পারে। বাংলাদেশ স্কাউটস ও আঞ্চলিক স্কাউটস অফিসের ঠিকানাসমূহ পরিশিষ্ট-১৭ এ দেয়া হলো।

**পদক্ষেপ-৭ :**

ইউনিট-এর জন্য আপনাকে কয়েকটি বিষয়ে এক সাথে পদক্ষেপ গ্রহণ করতে হবে। যেমন, প্রথমেই প্রয়োজন সপ্তাহে একদিন সদস্যদের একত্রিত হওয়ার ব্যবস্থা গ্রহণ। প্রতি ষষ্ঠক বা উপদল আলাদাভাবে বসে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে, সপ্তাহের কোন দিন কোন সময়ে তারা একত্রিত হতে স্বাচ্ছন্দবোধ করে এবং তাতে লেখাপড়ার ক্ষতি বা অন্য কোন অসুবিধা হবে না। সাধারণত সপ্তাহের শেষ দিনে এধরণের বৈঠক (প্যাক/ট্রুপ/ক্রু মিটিং) অনুষ্ঠানের প্রচলন আছে।

এক্ষেত্রে ইউনিট লিডার হিসেবে আপনি তাদের একটি রূপরেখা প্রদান করতে পারেন। তবে কোনক্রমে তাদের উপর কোন সিদ্ধান্ত চাপিয়ে দেয়া ঠিক হবে না। ষষ্ঠক/উপদল নেতা/রোভার মেট এবং সহকারী ষষ্ঠক বা উপদল নেতা/ রোভার মেটবৃন্দ একত্রে বসে নিজ নিজ ষষ্ঠক বা উপদলের প্রস্তাব বিচার বিশ্লেষণ করে একটি সিদ্ধান্তে উপনীত হবে। আর সেটাই এই ইউনিটের নিয়মিত প্যাক/ ট্রুপ/ ক্রু মিটিং এ অনুশীলন করে থাকে। আপনার ইউনিটেও নিয়মিত প্যাক/ ট্রুপ/ ক্রু মিটিং-এর ব্যবস্থা করতে হবে। প্রোগ্রাম বইয়ে যে শিক্ষণীয় বিষয়সমূহ উল্লেখ আছে, সুষ্ঠু পরিকল্পনা অনুযায়ী প্যাক/ ট্রুপ/ ক্রু মিটিং-এর মাধ্যমে সদস্যদের ঐ সকল বিষয় শেখাতে হবে।

বাংলাদেশে ১৯৯৪ সাল থেকে গার্ল ইন স্কাউটিং প্রবর্তিত হওয়ার পর থেকে ছেলেদের ন্যায় মেয়েরাও স্কাউট আন্দোলনে সম্পৃক্ত হয়ে স্কাউট কার্যক্রমের সাথে জড়িত থেকে, নিজেদেরকে সুশৃংখল, চরিত্রবান, কর্মঠ, পরোপকারী, আত্মনির্ভরশীল তথা যোগ্য নাগরিকরূপে তৈরি করতে পারছে। বর্তমানে মহিলা শিক্ষিকাগণ কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট শাখায় প্রশিক্ষণ নিয়ে সংশ্লিষ্ট শাখার দল পরিচালনা করছেন। যে সকল বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রী রয়েছে, সেখানেও শুধুমাত্র ছাত্রীদের নিয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা শিক্ষিকা/ইউনিট লিডার দ্বারা পৃথকভাবে গার্ল ইন স্কাউট ইউনিট গঠন ও পরিচালনা করা যাবে। বালিকা বিদ্যালয়েও গার্ল ইন স্কাউট ইউনিট গঠন করা যাবে। একটি ষষ্ঠক অথবা উপদলে একসাথে কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট এবং গার্ল ইন কাব স্কাউট/গার্ল ইন স্কাউট/গার্ল ইন রোভার স্কাউট সদস্য থাকতে পারেনা। অর্থাৎ ছেলে এবং মেয়েদের জন্য আলাদা আলাদা ষষ্ঠক অথবা উপদল থাকতে হবে।

# প্যাক / ট্রুপ / ক্রু মিটিং

## প্যাক/ট্রুপ/ক্রু মিটিং কি ?

প্যাক/ট্রুপ/ক্রু মিটিং হচ্ছে কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নের জন্য সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে, নির্দিষ্ট স্থানে ও নির্দিষ্ট সময়ে দলের সকল কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট একত্রিত হয়ে কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণসহ বিভিন্ন কার্যক্রমের সাপ্তাহিক কর্মসূচি। প্যাক/ট্রুপ/ক্রু মিটিং-এর সময়সীমা ৬০-৯০ মিনিট মাত্র।

## প্যাক/ট্রুপ/ক্রু মিটিং এর প্রয়োজনীয়তা :

কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট দলের ক্রমোন্নতিশীল প্রশিক্ষণ চালু রাখার জন্য প্যাক/ট্রুপ/ক্রু মিটিং অপরিহার্য। স্কাউটিং এর অন্যতম বৈশিষ্ট্যই হলো "হাতে কলমে কাজ করার মাধ্যমে শেখা" নিয়মিত প্যাক/ট্রুপ/ক্রু মিটিং না হলে হাতে কলমে কাজ করার সুযোগ কমে যায় ফলে ব্যবহারিক দক্ষতা অর্জন করতে পারে না। কেবল মাত্র প্যাক/ট্রুপ/ক্রু -মিটিংয়ের মাধ্যমেই কোন নির্দিষ্ট বিষয় হাতে কলমে শিখিয়ে দক্ষতা অর্জন করানো সম্ভব। ফলে কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউটরা বিষয় ভিত্তিক দক্ষতা লাভ করে নির্দিষ্ট যোগ্যতার ব্যাজ অর্জনে সক্ষম হয়। ধাপে ধাপে যোগ্যতা ব্যাজের উপর দক্ষতা অর্জন না করলে তারা যোগ্যতার ব্যাজ অর্জনে ব্যর্থ হয়। ক্রমোন্নতিশীল ধারা বজায় রাখতে প্যাক/ট্রুপ/ক্রু মিটিং এর প্রয়োজনীয়তা অত্যাধিক।

## সফল প্যাক/ট্রুপ/ক্রু মিটিংয়ের উপাদান :

একটি প্যাক/ট্রুপ/ক্রু মিটিং তখনই সফল হয় যখন নিম্নলিখিত উপাদানগুলো কার্যকরভাবে পুরোমাত্রায় থাকে

১) প্রশিক্ষক দল
২) আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি এবং
৩) প্যাক/ট্রুপ/ক্রু মিটিং এর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ।

## ১) প্রশিক্ষক দল :

প্যাক/ট্রুপ/ক্রু মিটিংয়ে যে সকল বিষয় শেখানো হবে সেগুলো প্যাক/ট্রুপ/ক্রু মিটিং শুরুর পূর্বে প্রশিক্ষক দল ষষ্ঠক/উপদল নেতা/ রোভার মেটদের হাতে-কলমে শিক্ষা দেবেন। যদি প্রশিক্ষক দল না থাকে তা হলে ষষ্ঠক/উপদল নেতা/ রোভার মেটদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া বেশ কষ্টকর হয়। ষষ্ঠক/উপদল নেতা/ রোভার মেটরা যদি পূর্বাহ্নে বিষয়গুলো যথাযথভাবে শিখতে পারে তা হলে প্যাক/ট্রুপ/ক্রু মিটিং চলাকালিন সময়ে নিজ ষষ্ঠক/উপদল সদস্যদের সুন্দরভাবে শেখাতে সক্ষম হয়। প্রশিক্ষক দল ষষ্ঠক/উপদল নেতা/ রোভার মেটদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। ইউনিট লিডার, সহকারী ইউনিট লিডার, ইনস্ট্রাক্টর ও বিশেষজ্ঞদের নিয়ে প্রশিক্ষক দল গঠিত হয়। প্রশিক্ষক দল না থাকলে ইউনিট লিডার নিজে ষষ্ঠক/উপদল নেতা/ রোভার মেটদের প্রশিক্ষণ প্রদান করবেন এবং যত তাড়াতাড়ি সম্ভব প্রশিক্ষক দল গঠনের চেষ্টা করবেন।

## ২) আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি :

কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট বয়সী বালক/বালিকারা আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চপূর্ণ কার্যক্রম পছন্দ করে এবং তা উপভোগ করার জন্য স্কাউট আন্দোলনে যোগদান করে। প্যাক/ট্রুপ/ক্রু মিটিংয়ের কর্মসূচি আকর্ষণীয়, বৈচিত্রময় এবং রোমাঞ্চকর না হলে তা মনে কোন রকম আনন্দ সৃষ্টি করতে পারে না। ফলে স্কাউটরা একঘেঁয়েমিতে ভোগে এবং প্যাক/ট্রুপ/ক্রু মিটিংয়ের কার্য ক্রমের প্রতি আকর্ষণ হারিয়ে ফেলে। প্রতি সপ্তাহের জন্য নতুন নতুন কর্মসুচী প্রণয়ন করতে হবে।

## ৩) প্রশিক্ষণ উপকরণ :

স্কাউটিং পদ্ধতির অন্যতম এক গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো হাতে-কলমে কাজ করার মাধ্যমে শেখা। প্রশিক্ষণ উপকরণের অভাব থাকলে হাতে-কলমে ব্যবহারিক কাজ করার সুযোগ পায় না। ফলে সেই বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধি পায় না। সুতরাং একটি প্যাক/ট্রুপ/ক্রু মিটিংকে সফল করে তোলার জন্য যেমন প্রয়োজন একটি আকর্ষণীয়, বৈচিত্রময় ও রোমাঞ্চকর কর্মসূচি, তেমনি প্রয়োজন ব্যবহারিক দক্ষতা অর্জনের জন্য বিষয়ভিত্তিক প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ। প্যাক/ট্রুপ/ক্রু মিটিংয়ে যে সব ব্যবহারিক বিষয়গুলো শেখানো হবে সেই সব বিষয় শেখানোর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ ইউনিটে পর্যাপ্ত পরিমাণে সংরক্ষণ করা আবশ্যক। সম্ভব হলে সাধারণ উপকরণের পাশাপাশি ডিজিটাল উপকরণ ব্যবহার করা যেতে পারে।

## প্যাক মিটিংয়ের নমুনা কর্মসূচি (কাব স্কাউটদের জন্য)

মোট সময় : ৬০ মিনিট

আরম্ভের সময় :

শেষ হওয়ার সময় :

| কার্যক্রম | দায়িত্ব | সময় |
|---|---|---|
| উপস্থিতি | সকলেই | ১মিঃ |
| গ্রান্ড ইয়েল | সিনিয়র ষষ্ঠক নেতা | ২মিঃ |
| পতাকা উত্তোলন | কাব লিডার | ১মিঃ |
| প্রার্থনা সংগীত | কাববৃন্দ | ৩মিঃ |
| পরিদর্শন, চাঁদা আদায় ও রিপোটিং | ষষ্ঠক নেতাবৃন্দ | ৫মিঃ |
| ঘোষণা | কাব লিডার | ৩ মিঃ |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী কাব লিডার | ৫ মিঃ |
| পুরাতন পাঠের অনুশীলন | ষষ্ঠক নেতাবৃন্দ | ৯ মিঃ |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী কাব লিডার | ৫ মিঃ |
| নতুন পাঠ | ষষ্ঠক নেতাবৃন্দ | ১৫মিঃ |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | সহকারী কাব লিডার | ৫ মিঃ |
| পতাকার কাছে সমবেত হওয়া | সকলেই | ১ মিঃ |
| ঘোষণা/ নিরব প্রার্থনা | কাব লিডার | ২ মিঃ |
| গ্রান্ড ইয়েল | সিনিয়র ষষ্ঠক নেতা | ১ মিঃ |
| পতাকা নামানো | কাব লিডার | ১ মিঃ |
| ছুটি | কাব লিডার | ১ মিঃ |
| | মোট সময় = | ৬০ মিঃ |

প্যাকমিটিং পরিচালনা কালে ইউনিট লিডারের সহকারী/সহকারী কাব লিডার না থাকলে একাই সহকারী কাব লিডারের দায়িত্ব পালন করবেন। সম্ভব হলে নিজ এলাকার রোভার স্কাউটদের সহায়তা নিবেন।
**উপকরণ তালিকা:** নতুন ও পুরাতন পাঠ অনুশীলনের উপযোগী উপকরণ প্রস্তুত রাখতে হবে।

বিঃ দ্রঃ প্যাক মিটিং ৬০ থেকে ৯০ মিনিট সময় পর্যন্ত হতে পারে। উল্লেখিত সময়ের বিভাজন কার্যক্রমের প্রকৃতিভেদে কমবেশি হতে পারে।

## ট্রুপ মিটিং নমুনা কর্মসূচি (স্কাউটদের জন্য)

মোট সময়ঃ ৬০ মিনিট

আরম্ভের সময়ঃ

শেষ হওয়ার সময়ঃ

| কার্যক্রম | দায়িত্ব | সময় |
|---|---|---|
| উপস্থিতি | সকলেই | ১ মিঃ |
| পতাকা উত্তোলন | ইউনিট লিডার | ২ মি ঃ |
| প্রার্থনা সংগীত | স্কাউট | ৪ মি ঃ |
| পরিদর্শন, চাঁদা আদায় ও রিপোর্টিং | উপদল নেতাবৃন্দ | ৫ মিঃ |
| ঘোষণা | স্কাউট লিডার | ৩ মিঃ |
| পুরাতন পাঠের অনুশীলন | উপদল নেতাবৃন্দ | ৯ মিঃ |
| গান/নাচ/ অভিনয় /গল্প | উপদল নেতা | ৫ মিঃ |
| নতুন পাঠ | উপদল নেতাবৃন্দ | ২০ মিঃ |
| পতাকার কাছে সমবেত হওয়া | সকলেই | ২ মিঃ |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় | স্কাউট লিডার | ৪ মিঃ |
| ব্যক্তিগত পরিচ্ছন্নতা | সকলেই | ২ মিঃ |
| ঘোষণা ও নিরব প্রার্থনা | স্কাউট লিডার | ২ মিঃ |
| পতাকা নামানো ও ছুটি | স্কাউট লিডার | ১ মিঃ |
| | মোট সময় = | **৬০ মিঃ** |

সহকারী স্কাউট লিডার থাকলে তাকে কোন কোন দায়িত্ব যেমন: খেলা, নাচ, গান ইত্যাদি পরিবেশনের দায়িত্ব দেওয়া যেতে পারে।

**উপকরণ তালিকা:** নতুন ও পুরাতন পাঠ অনুশীলনের উপযোগী সকল উপকরণ প্রস্তুত রাখতে হবে।

বিঃ দ্রঃ ট্রুপ মিটিং ৬০ থেকে ৯০ মিনিট সময় পর্যন্ত হতে পারে। উল্লেখিত সময়ের বিভাজন কার্যক্রমের প্রকৃতিভেদে কমবেশি হতে পারে।

## ক্রু মিটিংয়ের নমুনা কর্মসূচি (রোভার স্কাউটদের জন্য)

মোট সময়ঃ ৯০ মিনিট

আরম্ভের সময় :

শেষ হওয়ার সময় :

| কার্যক্রম | দায়িত্ব | সময় |
|---|---|---|
| উপস্থিতি | সিনিয়র রোভার মেট | ০১ মিঃ |
| পতাকা উত্তোলন | রোভার স্কাউট লিডার | ০২ মিঃ |
| প্রার্থনা সংগীত | রোভার | ০৩ মিঃ |
| পরিদর্শন, চাঁদা আদায় ও রিপোর্টিং | রোভার মেটবৃন্দ | ০৬ মিঃ |
| ঘোষণা | রোভার স্কাউট লিডার | ০৩ মিঃ |
| খেলা/গান/নাচ/গল্প/অভিনয় (বিষয়........) | রোভার মেট | ০৬ মিঃ |
| পুরাতন পাঠের অনুশীলন (বিষয়..........) | রোভার মেটবৃন্দ | ১৫ মিঃ |
| খেলা/গান/নাচ (বিষয়....................) | রোভার মেট | ০৬ মিঃ |
| নতুন পাঠ-১ (বিষয়........................) | রোভার মেটবৃন্দ | ১৫ মিঃ |
| খেলা/গান/প্রতিযোগিতা (বিষয় .........) | রোভার মেট | ০৬ মিঃ |
| নতুন পাঠ-২ (বিষয়........................) | রোভার মেটবৃন্দ | ১৫ মিঃ |
| খেলা/গান/অভিনয় | রোভার মেট | ০৫ মিঃ |
| পতাকার কাছে সমবেত হওয়া | সিনিয়র রোভার মেট | ০২ মিঃ |
| ঘোষণা ও নিরব প্রার্থনা | রোভার স্কাউট লিডার | ০৩ মিঃ |
| পতাকা নামানো | রোভার স্কাউট লিডার | ০১ মিঃ |
| ছুটি | সিনিয়র রোভার মেট | ০১ মিঃ |
| | মোট সময় | ৯০ মিঃ |

**উপকরণ তালিকা:** নতুন ও পুরাতন পাঠ অনুশীলনের উপযোগী সকল উপকরণ প্রস্তুত রাখতে হবে।

বিঃদ্রঃ ক্রু মিটিং ৬০ থেকে ৯০ মিনিট সময় পর্যন্ত হতে পারে। উল্লেখিত সময়ের বিভাজন কার্যক্রমের প্রকৃতিভেদে কমবেশি হতে পারে।

## স্কাউটিং-এর বিভিন্ন শাখার প্রোগ্রাম সম্পর্কে ধারণা

### প্রোগ্রাম কি?

স্কাউটিং কার্যক্রমে যুব বা তরুণরা সামগ্রিকভাবে যা করে (স্কাউট কার্যক্রম) যে ভাবে করে (পদ্ধতি) এবং যে কারণে করে (উদ্দেশ্য) তাকে স্কাউট প্রোগ্রাম বলা হয়।

The Youth Programme in Scouting is the totality of the learning opportunities from which young people can benefit (What), created to achieve the purpose of Scouting (Why) and experienced through the Scout method (How).

বাংলাদেশে ইয়ুথ প্রোগ্রাম ব্যাজ পদ্ধতিতে বাস্তবায়ন করা হয়। কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের বিভিন্ন ব্যাজ অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হয়। যেমন: দীক্ষা অনুষ্ঠান ও ব্যাজ প্রদান অনুষ্ঠান।

### কাব স্কাউট-এর ব্যাজ

দক্ষতা ব্যাজ  অর্জনের সময়কাল: কাব স্কাউট প্রোগ্রামের ক্রমোন্নতিশীল প্রশিক্ষণের স্বীকৃতি হিসেবে বিভিন্ন ব্যাজ প্রদান করা হয়ে থাকে। এ সব ব্যাজ দু'ধরনের। ক) দক্ষতা ব্যাজ ও খ) পারদর্শিতা ব্যাজ

| | | |
|---|---|---|
| সদস্য ব্যাজ |  | ৩ মাস |
| তারা ব্যাজ |  | ৪-৬ মাস |
| চাঁদ ব্যাজ |  | ৪-৬ মাস |
| চাঁদ তারা ব্যাজ |  | ৪-৬ মাস |
| শাপলা কাব অ্যাওয়ার্ড |   | ৩ মাস |

কাব স্কাউটদের সর্বোচ্চ অ্যাওয়ার্ড "শাপলা কাব অ্যাওয়ার্ড" গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আনুষ্ঠানিক ভাবে প্রদান করে থাকেন এবং সনদে তিনি স্বাক্ষর করে থাকেন। শাপলা কাব অ্যাওয়ার্ডের জন্য ১৮ থেকে ২৪ মাস প্রোগ্রাম অনুযায়ী কাব স্কাউটিং করতে হয়। কাব স্কাউটদের পারদর্শিতা দুটি গ্রুপে বিভক্ত। তা হল ঃ সূর্য গ্রুপ এবং রংধনু গ্রুপ




সূর্য গ্রুপ - ৪ টি ব্যাজ



রংধনু গ্রুপ - ৩৭ টি ব্যাজ

**মোট = ৪১ টি ব্যাজ**

**সূর্য গ্রুপ *(আবশ্যিক)* ঃ**

১. জনস্বাস্থ্য ২. সাঁতার ৩. নিরাপত্তা ৪. পরিবেশ সংরক্ষণ

❖ **রংধনু গ্রুপ**

| বেগুনী (নাগরিকত্ব) | নীল (খেলাধুলা) | আকাশি (কারু শিল্প) | সবুজ (ব্যক্তিগত দক্ষতা) |
|---|---|---|---|
| ১. সমাজ সেবা | ১. চিত্ত বিনোদন | ১. খেলনা তৈরি | ১. দড়ির কাজ |
| ২. প্রাথমিক প্রতিবিধান | ২. খেলাধুলা | ২. মডেল তৈরি | ২. কম্পিউটার |
| ৩. স্বাক্ষরতা | ৩. ক্রীড়ক | ৩. নকশী তৈরি | ৩. সাইকেল চালনা |
| ৪. কৃষি | ৪. ক্রীড়া কুশলি | ৪. সেলাই করা | ৪. বই বাঁধাই |
| ৫. স্বাস্থ্য সচেতনতা | ৫. সংগ্রহ | ৫. চিত্রকলা | ৫. ব্যক্তিগত লাইব্রেরি |
| ৬. শিশু অধিকার | ৬. গৃহ পরিচর্যা | ৬. হস্ত শিল্প | ৬. রান্না |

| হলুদ (প্রাণীর যত্ন) | কমলা (গাছের যত্ন) | লাল (প্রকৃতি পর্যবেক্ষণ) |
|---|---|---|
| ১. কবুতর পোষা | ১. ফুল বাগান | ১. প্রকৃতি ও পরিবেশ |
| ২. মুরগী পালন | ২. সবজি চাষ | ২. পাখি পর্যবেক্ষণ |
| ৩. হাঁস পালন | ৩. বনকলা | ৩. আবহাওয়া |
| ৪. কোয়েল পাখি পালন | ৪. টবে চাষ | ৪. ভূগোল |

**দক্ষতা ব্যাজ অনুযায়ী পারদর্শিতা ব্যাজের গ্রুপ বিন্যাস এবং ব্যাজ বাছাই প্রক্রিয়া হল:**

| দক্ষতা ব্যাজ | সূর্য গ্রুপ (আবশ্যিক) | রংধনু গ্রুপ |
|---|---|---|
| তারা ব্যাজ | ১ টি | ১ টি |
| চাঁদ ব্যাজ | ১ টি | ২ টি |
| চাঁদ তারা ব্যাজ | ১ টি | ২ টি |
| শাপলা কাব অ্যাওয়ার্ড | ১ টি | ২ টি |
| | ৪ টি | ৭ টি |

**মোট পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে:- ১১টি**

# স্কাউট-এর ব্যাজ

## দক্ষতা ব্যাজ অর্জনের সময়কাল

স্কাউট প্রোগ্রামের ক্রমোন্নতিশীল প্রশিক্ষণের স্বীকৃতির মাধ্যমে প্রোগ্রাম ব্যাজ পদ্ধতিতে বাস্তবায়ন হয়ে থাকে। এ শাখায় দু'ধরনের ব্যাজ রয়েছে- ক) দক্ষতা ব্যাজ ও খ) পারদর্শিতা ব্যাজ।

| | |
|---|---|
| সদস্য ব্যাজ | ১ মাস/৩মাস (বিশেষ ক্ষেত্রে ১ মাস ঃ যারা পূর্বে কাব স্কাউট ছিল তাদের জন্য) |
| স্ট্যান্ডার্ড ব্যাজ | ৬-৯ মাস |
| প্রোগ্রেস ব্যাজ | ৬-৯ মাস |
| সার্ভিস ব্যাজ | ৬-৯ মাস |
| প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড | ৪-৬ মাস |

স্কাউট শাখার সর্বোচ্চ অ্যাওয়ার্ড ''প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড'' বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট প্রদান করে থাকেন এবং সনদে তিনি স্বাক্ষর করে থাকেন। প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এর জন্য যথাযথভাবে স্কাউট প্রোগ্রামে অংশগ্রহণ করলে ৩ বছরে সর্বোচ্চ অ্যাওয়ার্ড অর্জন করা যায়।

পারদর্শিতা ব্যাজ ঃ মোট ১৩টি গ্রুপ রয়েছে। যেমন-

(ক) চেতনা গ্রুপ
(খ) ব্যক্তিগত দক্ষতা গ্রুপ
(গ) প্রকৃতি পর্যবেক্ষণ গ্রুপ
(ঘ) আনন্দ গ্রুপ
(ঙ) গৃহশিল্প গ্রুপ
(চ) গাছের যত্ন গ্রুপ
(ছ) কারুশিল্প গ্রুপ
(জ) প্রাণীর যত্ন গ্রুপ
(ঝ) স্বাস্থ্য ও জনসেবা গ্রুপ
(ঞ) প্রযুক্তি গ্রুপ
(ট) নৌ কুশলী গ্রুপ
(ঠ) এয়ার কুশলী গ্রুপ
(ড) রেলওয়ে কুশলী গ্রুপ

দক্ষতা ব্যাজ/স্তর অতিক্রমের জন্য সময়সীমা এবং ব্যাজ অর্জনের আবশ্যিক বিষয় নিম্নরূপ ঃ

| স্তর | সর্বনিম্ন সময় | পারদর্শিতা ব্যাজ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | আবশ্যিক গ্রুপ | অন্যান্য গ্রুপ | মোট | |
| সদস্য ব্যাজ | ১/৩ মাস | - | - | | ব্যাজের জন্য নির্দিষ্ট প্রোগ্রাম |
| স্ট্যান্ডার্ড ব্যাজ | ৬-৯ মাস | চেতনা গ্রুপ-১টি | অন্য ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| প্রোগ্রেস ব্যাজ | ৬-৯ মাস | চেতনা গ্রুপ-১টি | অন্য ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| সার্ভিস ব্যাজ | ৬-৯ মাস | চেতনা গ্রুপ-১টি | অন্য ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড | ৪-৬ মাস | চেতনা গ্রুপ-১টি | অন্য ৩টি গ্রুপ থেকে-৩টি | ৪টি | ঐ |
| মোট | ২৩-৩৬ মাস | | | ১৬টি | |

বিঃ দ্রঃ পারদর্শিতা ব্যাজ বাছাই এ খেয়াল রাখতে হবে যাতে চেতনা গ্রুপ থেকে দক্ষতা ব্যাজ ভিত্তিক ১টি করে ব্যাজ,কোনো গ্রুপ থেকে তিনটির বেশি নয় এবং কোন গ্রুপ থেকে ব্যাজ বাদ না পরে সেদিকেও খেয়াল রাখতে হবে।

## রোভার স্কাউট-এর ব্যাজ

রোভার স্কাউট প্রোগ্রামের ক্রমোন্নতিশীল প্রোগ্রাম ব্যাজ পদ্ধতিতে বাস্তবায়ন হয়। রোভারদের ব্যাজ দু'ধরনের- ক) দক্ষতা ব্যাজ (স্তর) ও খ) পারদর্শিতা ব্যাজ।




রোভার স্কাউট শাখার সর্বোচ্চ অ্যাওয়ার্ড ''প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড'' মহামান্য রাষ্ট্রপতি ও চীফ স্কাউট প্রদান করে থাকেন এবং সনদে তিনি স্বাক্ষর করে থাকেন। প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড এর জন্য যথাযথভাবে রোভার স্কাউট প্রোগ্রামে অংশগ্রহণ করলে ৩ বছর ৩ মাস সময়ে সর্বোচ্চ অ্যাওয়ার্ড অর্জন করা যায়।



## রোভার স্কাউট প্রোগ্রাম

## এক নজরে নিম্নলিখিত ছকে রোভার স্কাউটদের স্তরভিত্তিক ব্যাজসমূহ দেখানো হলো:

| দক্ষতা ব্যাজের নাম | সময়সীমা | পারদর্শিতা ব্যাজ | মন্তব্য |
|---|---|---|---|
| নবাগত/রোভার সহচর | ৩ - ৬ মাস/১ মাস | - | নির্ধারিত প্রোগ্রাম |
| সদস্য স্তর | ৯-১২ মাস | স্ব নির্ভর ব্যাজ ও স্কাউট কর্মী ব্যাজ, রোভার কুশলী ব্যাজ, শিক্ষকতা ব্যাজ, | ঐ |
| প্রশিক্ষণ স্তর | ৯-১২ মাস | স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ | ঐ |
| সেবা স্তর | ৬-৯ মাস | পরিভ্রমণকারী ব্যাজ, শিক্ষকতা ব্যাজ | ঐ |

সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কিম :

স্কাউট ও রোভার স্কাউটদের জন্য বিশেষ অ্যাওয়ার্ড রয়েছে যা সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড নামে পরিচিত।




১২ থেকে ২৫ বছর বয়স্ক তরুণ/তরুণীদেরকে একটি সুস্থ সমাজের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা প্রদানের লক্ষে সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড চালু করা হয়েছে। অ্যাওয়ার্ড অর্জন করতে হলে একজন স্কাউট ও রোভার স্কাউটকে তিনটি নির্দিষ্ট শিশুস্বাস্থ্য বিষয়ক ব্যাজ অর্জন করতে হবে। স্কাউটদেরকে সেই সাথে সমাজ উন্নয়ন সংক্রান্ত আরো চারটি পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড স্কাউটরা স্ট্যান্ডার্ড ব্যাজ ও রোভার স্কাউটরা প্রশিক্ষণ স্তরের ব্যাজ অর্জনের পর পেতে পারে। এ অ্যাওয়ার্ড ও সনদ জাতীয় পর্যায়ে পৃথক অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হয়।

# এক নজরে কাব স্কাউট প্রোগ্রাম

| দক্ষতা ব্যাজ / বিষয় | সদস্য ব্যাজ | তারা ব্যাজ | চাঁদ ব্যাজ | চাঁদ তারা ব্যাজ | শাপলা কাব অ্যাওয়ার্ড |
|---|---|---|---|---|---|
| আপন শক্তি | ক. কাব স্কাউটিং সম্পর্কে জানা<br>খ. কাব স্কাউট প্রতিজ্ঞা, আইন, মটো জানা<br>গ. কাব স্কাউট সালাম প্রদর্শন করতে পারা | ক. স্বাধীনতা দিবস<br>খ. জাতীয় সংগীত সঠিক ভাবে গাইতে পারা | ক. ইংরেজিতে আইন বলতে পারা<br>খ. বিজয় দিবস<br>গ. জাতীয় পতাকা অংকন ও রং করতে পারা | ক. ইংরেজিতে প্রতিজ্ঞা বলতে পারা<br>খ. বাংলাদেশের ইতিহাস জানা<br>গ. মানচিত্র অংকন<br>ঘ. ৭ জন বীরশ্রেষ্ঠদের নাম জানা<br>ঙ. পতাকা উত্তোলন অনুষ্ঠানে সাহায্য করা | ক. বাংলাদেশের ২টি ঐতিহ্যবাহী স্থান সম্পর্কে জানা এবং ১টি স্থানে বেড়াতে যাওয়া<br>খ. প্যাক মিটিং পরিচালনা |
| চেষ্টা করি | ঘ. গ্রান্ড হাওয়েল দিতে পারা<br>ঙ. দড়ির কাজ<br>চ. কাব বৃত্ত গঠন<br>ছ. কাবের ডাক বা সংকেত বুঝতে পারা<br>জ. পথচারির পথ চলার নিয়ম জানা<br>ঝ. ঘড়ি দেখে সময় বলতে পারা | গ. দড়ির কাজ<br>ঘ. সঞ্চয় করতে পারা<br>ঙ. নিজ ষষ্ঠকের সদস্য ও কাব স্কাউট লিডারের নাম জানা<br>চ. ইংরেজিতে কুশল বিনিময় | ঘ. দড়ির কাজ<br>ঙ. বোতাম/ব্যাজ সেলাই করতে পারা<br>চ. প্রাথমিক প্রতিবিধান<br>ছ. কাব স্কাউট আইন নৃত্য পারা<br>জ. ফোন নং ও পরিচয় জানা | চ. দড়ির কাজ<br>ছ. হাতের ও বাঁশির সংকেত জানা<br>জ. তাঁবু সম্পর্কে জানা<br>ঝ. সঞ্চয় করতে পারা<br>ঞ. বাংলা বর্ষপঞ্জি সম্পর্কে জানা | গ. দড়ির কাজ<br>ঘ. ইংরেজিতে দেশ সম্পর্কে দশটি বাক্য জানা<br>ঙ. কাবিং জীবনের পাঁচটি ছবির বর্ণনা<br>চ. ট্রাফিক সাইন চেনা<br>ছ. ইংরেজি বর্ষপঞ্জি সম্পর্কে জানা<br>জ. ২জন কবির ছবি সংগ্রহ ও জীবনী জানা |
| থাকব ভাল | ঞ. ধর্ম পালন<br>ট. নিজের যত্ন নিতে জানা ও পরিষ্কার রাখা<br>ঠ. হাত ধোয়ার অভ্যাস করা<br>ড. বিপি পিটি (১নং) | ছ. ধর্ম পালন<br>জ. ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা | ঝ. ধর্ম পালন<br>ঞ. সঞ্চয় করতে শেখা<br>ট. নিজের জামা-কাপড়, বই-খাতা, খেলনা ইত্যাদির যত্ন নেওয়া<br>ঠ. বৃক্ষ রোপন করা | ট. ধর্ম পালন<br>ঠ. বিপি পিটি (২নং)<br>ড. জন্ম নিবন্ধন সম্পর্কে জানা<br>ঢ. পুষ্টি সম্পর্কে জানা<br>ণ. শিশুর জন্য ক্ষতিকারক বিষয় চিহ্নিত করা<br>ত. ঘরের কাজ করতে পারা | ঝ. শিশুদের ছয়টি মারাত্মক রোগের নাম জানা<br>ঞ. খাবার স্যালাইন তৈরি করা<br>ট. একটি গাছ লাগানো ও পরিচর্যা করা<br>ঠ. পানি নিরাপদ করণ সম্পর্কে জানা |
| জানব জগৎটাকে | ঢ. বাংলাদেশের ধাতব মুদ্রা ও নোট চিনতে পারা এবং সংখ্যা জানা<br>ণ. পরিবার সম্পর্কে জানা<br>ত. জাতীয় ফল, ফুল, মাছ, পাখি, পশুর নাম জানা। | ঝ. আগন্তুককে পথের সন্ধান<br>ঞ. কম্পিউটার পরিচিতি<br>ট. পরিবেশ পরিচ্ছন্নতা | ড. সার্কভুক্ত দেশসমূহ সম্পর্কে জানা<br>ঢ. নিজ এলাকা সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন<br>ণ. কম্পিউটার জ্ঞান<br>ত. শিশু অধিকার সনদ সম্পর্কে জানা | দ. এপি অঞ্চলের ২টি দেশ সম্পর্কে জানা<br>ধ. শরীরের সীমানা সম্পর্কে জানা<br>ন. কম্পিউটার জ্ঞান | ড. প্রাকৃতিক দুর্যোগে নিজেকে রক্ষার কৌশল জানা এবং অন্য দুইজন সহপাঠিকে তা জানানো।<br>ঢ. কম্পিউটার জ্ঞান<br>ণ. শিশু শ্রম সম্পর্কে জানা |
| আনন্দ উল্লাস | থ. ১টি গান শেখা<br>দ. ২টি খেলা জানা<br>ধ. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | ঠ. আরো ১টি গান শেখা<br>ড. যে কোন ২টি ছড়া বলতে পারা ও ২টি খেলা জানা<br>ঢ. মুগলির গল্প বলতে পারা<br>ণ. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | থ. আরো ১টি গান শেখা<br>দ. কিমস গেমস<br>ধ. গল্প বলা ও অভিনয় করতে পারা।<br>ন. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | প. আরো ১টি গান শেখা<br>ফ. পঞ্চ ইন্দ্রিয়ের খেলায় অংশগ্রহণ করা<br>ব. জারী অথবা আঞ্চলিক গান শেখা<br>ভ. মৌখিক সংবাদ প্রেরণ<br>ম. প্যাক মিটিং-এ অংশগ্রহণ | ত. আরো ১টি গান শেখা<br>থ. নিজের পছন্দ অনুযায়ী গান শেখা<br>দ. ২টি খেলায় অংশগ্রহণ<br>ধ. ছবিতে ছবিতে তাঁবুকলা<br>ন. প্যাক মিটিং-এ অংশগ্রহণ |
| আমিও পারি | ন. পারদর্শিতা ব্যাজ অর্জন সম্পর্কে ধারণা লাভ করা | ত. ২টি পারদর্শিতা ব্যাজ অর্জন<br>সূর্য গ্রুপ থেকে-১টি<br>রংধনু গ্রুপ থেকে-১টি | প. ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন<br>সূর্য গ্রুপ থেকে-১টি<br>রংধনু গ্রুপ থেকে-২টি | য. ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন<br>সূর্য গ্রুপ থেকে-১টি<br>রংধনু গ্রুপ থেকে-২টি | য. ৩টি পারদর্শিতা ব্যাজ অর্জন<br>সূর্য গ্রুপ থেকে-১টি<br>রংধনু গ্রুপ থেকে-২টি |
| ক্যাম্পিং | প. দীক্ষা গ্রহণ | ➢ কাব স্কাউটিং এর পুরো সময় অন্তত ঃ ১টি কাব কার্নিভাল, ১টি কাব অভিযান, ২টি কাব হলিডে, ১টি স্কাউটস ওন ও ১টি উপজেলা/ জেলা/ আঞ্চলিক/ জাতীয় ক্যাম্পুরীতে অংশগ্রহণ। | | | |
| সময় সীমা | ৩ মাস | ৪-৬ মাস | ৪-৬ মাস | ৪-৬ মাস | ৩ মাস |
| প্যাক মিটিং (নূন্যতম) | ৫টি | ১০টি | ১০টি | ১০টি | ৮টি |

# এক নজরে স্কাউট প্রোগ্রাম

| বিষয় / ব্যাজ | সদস্য ব্যাজ | স্ট্যান্ডার্ড ব্যাজ | প্রোগ্রেস ব্যাজ | সার্ভিস ব্যাজ | প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড |
|---|---|---|---|---|---|
| স্কাউট আদর্শ | ১. স্কাউটিংয়ের মূলভিত্তি*<br>২. জাতীয় পতাকা<br>৩. জাতীয় সংগীত<br>৪. ধর্ম পালন* | ১. স্কাউট আন্দোলনের ইতিহাস<br>২. জাতীয় পতাকা<br>৩. সাংগঠনিক জ্ঞান<br>৪. ধর্ম পালন | ১. সাংগঠনিক জ্ঞান<br>২. পতাকা<br>৩. ধর্ম পালন | ১.সাংগঠনিক জ্ঞান<br>২. বাংলাদেশের জাতীয় প্রতীক<br>৩. ধর্ম পলন | ১.বিশ্ব স্কাউট সংস্থা সম্পর্কে জ্ঞান<br>২. ধর্ম পালন |
| স্কাউট দক্ষতা | ১. দড়ির কাজ<br>২. উপদলীয় কার্যাবলী*<br>৩. সংকেত* | ১. দড়ির কাজ<br>২. সংকেত<br>৩. অভিযান<br>৪. অনুসরক চিহ্ন<br>৫. অনুমান<br>৬. শরীর চর্চা | ১. দড়ির কাজ<br>২. অনুমান<br>৩. সংকেত<br>৪. উপস্থিত বক্তৃতা | ১. দড়ির কাজ<br>২. কোড ও সাইফার<br>৩. স্কাউট পতাকা<br>৪. অনুমান<br>৫. সংকেত<br>৬. উপস্থিত বক্তৃতা | ১. দড়ির কাজ<br>২. কোড ও সাইফার<br>৩. সংকেত |
| জীবন শিক্ষা ও সমাজ সেবা | ১. বাড়ীর কাজ*<br>২. তথ্যানুসন্ধান*<br>৩. প্রাথমিক প্রতিবিধান | ১. ব্যক্তিগত স্বাস্থ্য রক্ষা<br>২. পর্যবেক্ষণ<br>৩. স্কাউট সেবা<br>৪. প্রাথমিক প্রতিবিধান<br>৫. তথ্যনুসন্ধান<br>৬. সঞ্চয় | ১. শারীরিক পরিবর্তন<br>২. পর্যবেক্ষণ<br>৩. স্কাউট সেবা<br>৪. প্রাথমিক প্রতিবিধান<br>৫. সঞ্চয়<br>৬. তথ্যানুসন্ধান<br>৭. মাদকদ্রব্য প্রতিরোধ | ১. স্কাউট সেবা<br>২. মাদকদ্রব্য প্রতিরোধ ও সচেতনতা<br>৩. সঞ্চয় | ১. পরিকল্পনা প্রস্তাব<br>২. মাদক প্রতিরোধ<br>৩. ব্যবহারিক জ্ঞান |
| স্বদেশ, সংস্কৃতি ও পরিবেশ | ১. ব্যবহারিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস | ১. ব্যবহারিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস<br>৩. পরিবেশ | ১. জ্ঞান অর্জন<br>২. সাংগঠনিক জ্ঞান<br>৩. পরিবেশ | ১. পরিবেশ<br>২. সরকারের গঠন ও কার্যবলী<br>৩. শব্দ দূষণ | ১. সাংগঠনিক জ্ঞান<br>২. মুক্তিযুদ্ধের ইতিহাস |
| প্রযুক্তি শেখা | ১. টেলিফোনে কথা বলা* | ১. কম্পাস ও মানচিত্র<br>২. কম্পিউটার জ্ঞান | ১. মানচিত্র<br>২.কম্পিউটার জ্ঞান | ১.ধোঁয়াবিহীন উন্নত চুলা তৈরির কৌশল<br>২. কম্পিউটার জ্ঞান | ১. বিকল্প জ্বালানী<br>২. তথ্য প্রযুক্তি |
| গান জানা | তিনটি গান জানা | চারটি গান জানা | তিনটি গান জানা | দুইটি গান জানা | দুইটি গান জানা |
| পারদর্শিতা ব্যাজ অর্জন | নাই | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) | চেতনা গ্রুপের একটি সহ মোট ৪টি (কোন গ্রুপ থেকে ১টির বেশী নয়) |
| ক্যাম্প | স্কাউটিং এর পুরো সময়ে একটি ডে ক্যাম্প, একটি ৩ (তিন) দিনের ক্যাম্প, একটি উপজেলা, জেলা, আঞ্চলিক সমাবেশ, জাম্বুরী অথবা পিএলটিসিতে অংশগ্রহণ করতে হবে। | | | | |
| ট্রুপ মিটিং | কমপক্ষে ৮টি | কমপক্ষে ১২-১৫টি | কমপক্ষে ১২-১৫টি | কমপক্ষে ১২-১৫টি | কমপক্ষে ৮টি |
| সময়সীমা | ৩ মাস (*চিহ্নিতদের জন্য এক মাস) | ৬-৯ মাস | ৬-৯ মাস | ৬-৯ মাস | ৪-৬ মাস |

বি. দ্র. : যে সমস্ত কাব স্কাউট চাঁদ তারা ব্যাজ পর্যন্ত অর্জন করে স্কাউটিং এ যোগাদান করবে তারা শুধু মাত্র * (স্টার) চিহ্নিত বিষয়গুলো অনুশীলন করে কমপক্ষে ৪টি ট্রুপ মিটিংয়ে অংশগ্রহণ করে ১ মাসের মধ্যে সদস্য ব্যাজ অর্জন করতে পারবে।

**প্রোগ্রাম অ্যাক্টিভিটিসমূহ :**

**কাব স্কাউট:**
প্যাক মিটিং, কাব হলিডে, কাব কার্ণিভাল, কাব অভিযান, গ্রুপ/ইউনিট ক্যাম্প, ষষ্ঠক নেতা কোর্স, ব্যাজ কোর্স, উপজেলা, জেলা, আঞ্চলিক ও জাতীয় ক্যাম্পুরী ইত্যাদি।

**স্কাউট:**
ট্রুপ মিটিং, হাইকিং, ক্যাম্পিং, গ্রুপ/ইউনিট ক্যাম্প, উপদল নেতা কোর্স, ব্যাজ কোর্স, আইসিটি ক্যাম্প, জোটা-জোটি-জোটস, উপজেলা, জেলা, আঞ্চলিক সমাবেশ ও কমডেকা এবং জাতীয় স্কাউট জাম্বুরী ও কমডেকা ইত্যাদি।


**রোভার স্কাউট:**
ক্রু মিটিং, র‍্যাম্বলিং, হাইকিং, ক্যাম্পিং, গ্রুপ/ইউনিট ক্যাম্প, মেট কোর্স, ব্যাজ কোর্স, আইসিটি ক্যাম্প, অ্যাডভেঞ্চার ক্যাম্প, জোটা-জোটি-জোটস, জেলা, আঞ্চলিক মুট ও কমডেকা এবং জাতীয় মুট ও কমডেকা ইত্যাদি।

কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ নিয়মিত অভিভাবক দিবস, জাতীয় দিবসসমূহ উদযাপন, বৃক্ষরোপন, স্বাক্ষরতা কর্মসূচি, পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান, ট্রাফিক/সড়ক নিরাপত্তা, টীকাদান কর্মসূচিতে সহায়তা, বন্যা, খড়া এবং ঘূর্ণিঝড়ের সময় দূর্গতের মাঝে প্রয়োজন অনুযায়ী প্রশাসনের চাহিদার আলোকে সেবা প্রদান করে থাকে।

স্কাউট অ্যাক্টিভিটিসমূহ এর অংশ হিসেবে স্কাউট সদস্যবৃন্দ প্রতিদিন কারো না কারো উপকার করে যা গুড টার্ণ হিসেবে পরিচিত। স্কাউটরা সম্মিলিতভাবে ভালো কাজ করলে তাকে সমাজ সেবা এবং স্কাউটরা সমাজের সদস্য ও অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমাজের সমস্যা সমাধানের জন্য ভালো কাজ করলে তাকে সমাজ উন্নয়ন বলে। যেমন- সেনেটারী ল্যাট্রিন স্থাপন, সড়ক সংস্কার, টিকাদান কর্মসূচিতে সহায়তা, দূর্যোগকালিন সময়ে সেবা প্রদান ইত্যাদি।

**পতাকা:**
একটি ইউনিট বা গ্রুপের ক্ষেত্রে স্কাউট পতাকা থাকা আবশ্যক। গঠন ও নিয়ম তফসিল-১ অনুযায়ী স্কাউট পতাকা ব্যবহার করতে হবে। নিম্নে ইউনিট/গ্রুপ পতাকা সম্পর্কে আলোচনা করা হলো

**ইউনিট/গ্রুপ পতাকা ঃ** অঞ্চলের পতাকার অনুরূপ হবে। স্কাউট মনোগ্রামের নীচে সোজা লাইনে ৭.৫ সেঃ মিঃ মাপে গ্রুপের নম্বরসহ সংক্ষিপ্ত নাম ও উপজেলার নাম লেখা থাকবে। যেমনঃ ১২নং বন্দর সরকারী প্রাথমিক বিদ্যালয় কাব স্কাউট গ্রুপ, নারায়ণগঞ্জ বা ১০৪ নং হাসমত উদ্দিন উচ্চ বিদ্যালয় স্কাউট গ্রুপ, কিশোরগঞ্জ বা ১০নং সরকারী বাঙলা কলেজ রোভার স্কাউট গ্রুপ, ঢাকা।




কাব | স্কাউট | রোভার | রেলওয়ে | নৌ | এয়ার | অঞ্চল পতাকা

(ক) কাব ইউনিটের পতাকার কাপড়ের রং হলুদ ও সবুজ রংয়ের লেখা।

(খ) স্কাউট ইউনিটের পতাকার কাপড়ের রং গাঢ় সবুজ (Bottle Green) রংয়ে লেখা।

(গ) রোভার ইউনিটের পতাকার কাপড়ের রং গাঢ় লাল ও লেখা সোনালী রংয়ের।

(ঘ) রেলওয়ে স্কাউট ইউনিটের পতাকার রং রেল ব্লু ও লেখার রং সোনালী।

(ঙ) নৌ স্কাউট ইউনিটের পতাকার রং হবে নেভী ব্লু ও লেখার রং সোনালী।

(চ) এয়ার স্কাউট ইউনিটের পতাকার রং আকাশী নীল ও লেখার রং হবে সোনালী।

**উপদল পতাকা ঃ** উপদল পতাকা উপদলের পরিচয় বহন করে। এ পতাকা ত্রিকোণাকৃতি সাদা পটভূমিতে তৈরি হবে। পতাকার মাঝখানে উপদলের নামের প্রাণী/পাখীর মুখমন্ডল বা প্রতীক আঁকা থাকবে। উপদল পতাকার পরিমাপ ৩০ সেন্টিমিটার x ২০ সেন্টিমিটার হবে। উপদল পতাকার দন্ডের মাপ স্কাউট লাঠির সমান হবে।




## প্রার্থনা সংগীত

(১)

বাদশাহ তুমি দিন ও দুনিয়ার, হে পরওয়ার দেগার  
সেজদা লওহে হাজার বার আমার, হে পরওয়ার দেগার  
চাঁদ, সুরুজ আর গ্রহ তারা, জ্বীন ইনসান আর ফেরেস্তারা  
দিন রজনী গাহিছে তারা, মহিমা তোমার,হে পরওয়ার দেগার  
তোমার নূরের রৌশনী পরশী, উজ্জল হয় যে রবি ও শশী  
রংগিন হয়ে উঠে বিকশি, ফুল সে বাগিচার, হে পরওয়ার দেগার  
বিশ্ব ভুবনে যাহা কিছু আছে, তোমারি কাছে করুণা যাচে  
তোমারি মাঝে মরে ও বাঁচে জীবন সবার, হে পরওয়ার দেগার।

(২)

অনন্ত অসীম প্রেমময় তুমি, বিচার দিনের স্বামী,  
যত গুনগান হে চির মহান, তোমারই অন্তর যামী।  
দ্যুলোকে ভূলোকে সবারে ছাড়িয়া, তোমারি চরণে পড়ি লুটাইয়া  
তোমারি সকাশে যাচি হে শকতি, তোমারি করুণাকামী  
অনন্ত অসীম........।  
সরল সঠিক পূন্য পন্থা, মোদের দাওগো বলি,  
চালাও সে পথে যে পথে তোমার, প্রিয়জন গেছে চলি,  
যে পথে তোমার চির অভিশাপ, যে পথে চির ভ্রান্তি পরিতাপ,  
হে মহাচালক, মোদের কখনো করোনা যে পথগামী ॥

(৩)

হে খোদা দয়াময়, রহমান রহিম  
হে বিরাট হে মহান হে অনন্ত অসীম ॥  
নিখিল ধরণীর তুমি অধিপতি,  
তুমি নিত্য ও সত্য পবিত্র অতি,  
চির অন্ধকারে তুমি ধ্রুব জ্যোতি  
তুমি সুন্দর মংগল মহামহিম ॥  
তুমি মুক্ত স্বাধীন বাধা বন্ধনহীন  
তুমি এক তুমি অদ্বিতীয় চিরদিন  
তুমি সৃজন পালন ধ্বংসকারী  
তুমি অব্যয় অক্ষয় অনন্ত আদিম।  
আমি গুনাহগার পথ অন্ধকার  
জ্বালো নূরের আলো নয়নে আমার  
আমি চাইনা বিচার রোজ হাশরের দিন।  
চাই করুনা তোমারি ওগো হাকিম ॥

# অধ্যায় - ৪

**উপসংহার ঃ**

স্কাউট ইউনিট গঠন ও পরিচালনার মূল দায়িত্ব হচ্ছে প্রশিক্ষণ প্রাপ্ত ইউনিট লিডারের। তাঁর নেতৃত্ব ও তদারকির মাধ্যমে একটি স্কাউট ইউনিট সুষ্ঠুভাবে পরিচালিত ও গতিশীল হয়ে উঠতে পারে। ইউনিট পরিচালনার জন্য প্রথমে একদিনের ওরিন্টেশন কোর্স, শাখা ভিত্তিক বেসিক কোর্স, পরবর্তীতে এ্যাডভান্সড কোর্স ও স্কীল কোর্সে অংশগ্রহণের মাধ্যমে তাঁর জ্ঞান ও দক্ষতার মাত্রা বৃদ্ধি করতে পারেন। ফলে ইউনিটে স্কাউটরা তাদের প্রোগ্রাম বা কর্মকান্ড সহজ ও দক্ষতার সাথে বাস্তবায়ন করতে পারে। তবে একটি শিক্ষা প্রতিষ্ঠানে নতুনভাবে ইউনিট গঠন করার পর এবং দায়িত্ব প্রাপ্ত ইউনিট লিডারের জন্য এ পুস্তিকাটি ইউনিট পরিচালনা সহায়িকা হিসেবে কাজ করতে পারে। গ্রুপ কমিটির সভাপতি বা স্কুলের প্রধান শিক্ষক হিসেবে স্কাউটিং সম্পর্কে পরিচিতি লাভ ও দল পরিচালনায় সহায়তা প্রদানে এই পুস্তিকায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ যথেষ্ট সহায়ক হতে পারে।

স্কাউট ইউনিট গঠন ও পরিচালনায় সহায়তাদানের লক্ষ্যে এই সহায়িকা পুস্তিকাটি সকলের জন্য কিছুটা উপকারী হলে আমাদের এ প্রয়াস সার্থক হবে। চারটি অধ্যায়ে পুস্তিকাটি প্রকাশ করা হলো। স্কাউটিং সম্পর্কীয় মূল বিষয়ের আলোকে প্রাথমিক ধারণা দানের লক্ষ্যে স্কাউট ইউনিট গঠন ও পরিচালনার প্রয়োজনীয় অংশ বিশেষ পুস্তিকাটিতে বর্ণনা করা হয়েছে।

স্বল্প সময়ে ও সংক্ষিপ্ত করার কারণে উল্লেখযোগ্য কোন অংশ বাদ পড়তে পারে বা কোনরূপ ত্রুটি হওয়া অস্বাভাবিক নয়। এরূপ অনিচ্ছাকৃত কোন ত্রুটির জন্য আমরা দুঃখিত। ত্রুটি সংশোধন বা এর সংযোজন-বিয়োজনের ক্ষেত্রে বিজ্ঞ স্কাউট কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বা ইউনিট লিডারগণের সুচিন্তিত মতামত বা পরামর্শ সাদরে গ্রহণ করা হবে।

পুস্তিকাটির মাধ্যমে স্কাউটিং পরিচিতি, প্রতিষ্ঠান প্রধানের করণীয় এবং আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণের পূর্বে করণীয় ও ইউনিট লিডার কিভাবে স্কাউট দল গঠন করবেন ও পরিচালনা করবেন সে সম্পর্কে ধারণা দেয়ার চেষ্টা করা হয়েছে। স্কাউট দল গঠন ও পরিচালনার জন্য এ পুস্তিকাটি যথেষ্ট নয়, এর সাহায্যে দল গঠন ও স্কাউট কার্যক্রম শুরু করা যাবে। দল গঠনের পর যথাশীঘ্র সম্ভব সংশ্লিষ্ট শিক্ষককে নিজ নিজ এলাকার স্কাউট কর্মকর্তাগণের সাথে যোগাযোগ প্রশিক্ষণ গ্রহণ করে সে অনুযায়ী বাস্তবায়নের চেষ্টা করলে আশা করি তেমন অসুবিধা হবে না। অবুও কোন সমস্যা হলে স্থানীয় স্কাউট কর্মকর্তা বা পার্শ্ববর্তী বিদ্যালয়ের স্কাউট লিডারের নিকট থেকে সহায়তা পাওয়া যাবে। তাছাড়া পরিশিষ্ট -১৭ এ বর্ণিত ঠিকানা সমূহের সাথে পত্র যোগাযোগ করলেও সঠিক দিক নির্দেশনা পাওয়া যাবে। ইউনিট লিডার বেসিক কোর্স এর পর অ্যাডাল্টদের করণীয় কাজের চেকলিস্ট এইসাথে সংযুক্ত করা হলো।

স্কাউট আন্দোলনের মূল লক্ষ্য ছেলে-মেয়েদের কল্যাণ করা। পুস্তিকাটির সহায়তায় এবং সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতায় স্কাউটিং এর মাধমে শিশু ও যুবকদের সামান্য হলেও কিছু কল্যাণ তথা দেশের সার্বিক উন্নয়নে কিছুটা অবদান রাখা সম্ভব হবে।

# ইউনিট লিডার বেসিক কোর্স এর পর অ্যাডাল্ট লিডারদের করণীয় কার্যক্রমের চেকলিস্ট

Engr. Rayhan Raky
Group Secretary & RSL
Silky Padma Rover Group

**প্রথম ধাপ :**

* প্রশিক্ষণের সুযোগ প্রদানকারীদের ধন্যবাদ জ্ঞাপন;
* পরিবারের সদস্যদের স্কাউটিং বিষয়ে অবহিত ও উদ্বুদ্ধ করা;
* প্রতিষ্ঠান প্রধান ও সহকর্মীদের স্কাউটিং বিষয়ে অবহিত ও উদ্বুদ্ধ করা;
* প্রতিষ্ঠান প্রধানকে দল গঠনের জন্য উদ্বুদ্ধকরণ ও তার সম্মতি গ্রহণ;
* নিজ বিদ্যালয়ের পাঠদানকৃত শ্রেণির ছাত্রছাত্রীদের স্কাউটিংয়ের বিষয়সমূহ অবহিত করে উদ্বুদ্ধ করা;
* পার্সোনাল সাপোর্ট ট্রেনারের সাথে যোগাযোগ করে তাঁর পরামর্শ ও সহায়তা গ্রহণ।

**দ্বিতীয় ধাপ :**

* দলে ভর্তির বিজ্ঞপ্তি জারি করে সদস্য সংগ্রহ;
* ষষ্ঠক/উপদল ভাগ করে প্রাথমিকভাবে সদস্যদের মধ্যে দায়িত্ব বন্টন;
* ষষ্ঠক নেতা/উপদল নেতাদের পৃথকভাবে প্রশিক্ষণ প্রদান;
* সাপ্তাহিক প্যাক/ট্রুপ/ক্রু-মিটিং বাস্তবায়ন করা;
* গ্রুপ কমিটি গঠন;
* গ্রুপ রেজিষ্ট্রেশন ফরম পূরণ করে নির্ধারিত ফি জমা দিয়ে গ্রুপকে উপজেলা/জেলা স্কাউটসে রেজিস্ট্রেশন করা;
* পার্সোনাল সাপোর্ট ট্রেনারের সাথে যোগাযোগ করে তাঁর পরামর্শ ও সহায়তা গ্রহণ;
* সংশ্লিষ্ট উপজেলা/জেলা স্কাউটস এর চাহিদানুযায়ী তথ্যাদি সরবরাহ করা।

**তৃতীয় ধাপ :**

* ইউনিট লিডার ডায়েরী ব্যবহার করা;
* নিজ প্রতিষ্ঠান প্রধান-এর সাথে আলোচনা করে গ্রুপ কাউন্সিল ও গ্রুপ কমিটির সভা করা;
* প্রয়োজনীয় ফাইল ও রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ করা;
* ট্রেনিং এসাইনমেন্ট-১ এর কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করা;
* প্যাক/ট্রুপ/ক্রু-মিটিং এর জন্য প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ;
* দীক্ষা অনুষ্ঠানের আয়োজন করা;
* উপজেলার অন্যান্য স্কাউটারবৃন্দের সাথে যোগাযোগ রক্ষা ও তাদের সহায়তা গ্রহণ;
* বেসিক কোর্সের স্টাফ/প্রশিক্ষকগণের সাথে মোবাইলে যোগাযোগ করে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ;
* প্রতিষ্ঠানের পৃথক স্কাউট তহবিল হিসেবে ব্যাংক একাউন্ট খোলা (প্রতিষ্ঠান প্রধান ও গ্রুপ সম্পাদকের যৌথ স্বাক্ষরে);
* পার্সোনাল সাপোর্ট ট্রেনারের সাথে যোগাযোগ করে তাঁর পরামর্শ ও সহায়তা গ্রহণ;
* সংশ্লিষ্ট উপজেলা/জেলা স্কাউটস-এর চাহিদানুযায়ী তথ্যাদি সরবরাহ করা।

**চতুর্থ ধাপ :**

* বার্ষিক প্রোগ্রাম পরিকল্পনা প্রণয়ন ও গ্রুপ কমিটির অনুমোদন গ্রহণ;
* বার্ষিক প্রোগ্রাম পরিকল্পনার আলোকে বার্ষিক বাজেট তৈরী ও অনুমোদন গ্রহণ;
* প্রোগ্রাম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা।
* গ্রুপের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন তৈরী ও অনুমোদন গ্রহণ;
* জেলা/অঞ্চলের সহায়তা নিয়ে অ্যাডভান্সড কোর্সে অংশগ্রহণ;
* গ্রুপের সম্পত্তি রক্ষণাবেক্ষন;
* সদস্যদের জন্য বই,ব্যাজ স্কার্ফ, ওয়াগেল সংগ্রহ;
* নিয়মিত স্কাউট অনুষ্ঠানাদি আয়োজন করা;
* উপজেলা/জেলা স্কাউটস,প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ ও অঞ্চলের সাথে যোগাযোগ করে ছয় মাস দল পরিচালনার পর এসাইনমেন্ট-১ অঞ্চলে জমা প্রদান এবং নিজ শাখায় অ্যাডভান্সড কোর্সে অংশগ্রহণ;
* পার্সোনাল সাপোর্ট ট্রেনারের সাথে যোগাযোগ করে তাঁর পরামর্শ ও সহায়তা গ্রহণ;
* সংশ্লিষ্ট উপজেলা/জেলা স্কাউটস-এর চাহিদানুযায়ী তথ্যাদি সরবরাহ করা।

সবসময়ই এ্যাডাল্ট লিডারদের আত্মউন্নয়নের জন্য সচেষ্ট থাকতে হবে।

# পরিশিষ্টসমূহ

**পরিশিষ্ট-১:** দেশের সকল (ক) মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে এবং (খ) দাখিল ও আলিম মাদ্রাসায় আবশ্যিকভাবে স্কাউট দল গঠন ও স্কাউটিং কার্যক্রম পরিচালনা বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি ।

**পরিশিষ্ট-২:** দেশের সকল মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং সকল দাখিল ও আলিম মাদ্রাসায় আদায়কৃত নির্ধারিত স্কাউটিং ফি বাবদ অর্থ কেবলমাত্র বিদ্যালয়ের স্কাউটিং কার্যক্রমেই ব্যয় নিশ্চিতকরণ প্রসংগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-৩:** স্কাউট দল গঠন ও পরিচালনায় দেশের বিদ্যালয়/মাদ্রাসাসমূহের (ক) প্রধানগণের ভূমিকা এবং (খ) প্রয়োজনীয় গুনাগুন ও যোগ্যতা সম্পন্ন স্কাউট শিক্ষকদের (ইউনিট লিডার) মনোনয়ন দান সম্পর্কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-৪:** প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব দল গঠন সম্পর্কীয় প্রাথমিক শিক্ষা পরিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-৫:** প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের কাব স্কাউট লিডার প্রশিক্ষণের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-৬:** দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে কাব দল গঠন, কাব লিডার প্রশিক্ষণ ও কাব পরিচালনা এর জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-৭:** কাবিং সম্প্রসারণ এবং বাস্তবায়ন এর জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-৮:** নিয়মিত ট্রুপ / ক্রু মিটিং বাস্তবায়নের জন্য ক্লাস রুটিনে সময়সূচি অন্তর্ভুক্তিকরণ সম্পর্কীয় প্রসংগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-৯:** ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে একাদশ জাতীয় রোভার মুট উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন প্রসংগে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুশাসন।

**পরিশিষ্ট-১০:** দেশের সকল সরকারি-বেসরকারি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, সমমানের মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং/গার্ল ইন স্কাউটিং কার্যক্রম পরিচালনার জন্য আদায়কৃত অর্থ স্কাউটিং/গার্ল ইন স্কাউটিং কার্যক্রম পরিচালনা প্রসংগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের অনুলিপি।

**পরিশিষ্ট-১১:** বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে রোভার স্কাউট এর ইউনিট খোলার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিপত্র।

**পরিশিষ্ট-১২:** স্কাউটিং কার্যক্রমে অংশ গ্রহণের জন্য সরকারী কর্মকর্তাদের ডেপুটেশন অনুলিপি।

**পরিশিষ্ট-১৩:** স্কাউটিং কার্যক্রমে অংশগ্রহণের জন্য কর্মকর্তাদের টিএ/ডিএ বিলের অফিস আদেশের অনুলিপি।

**পরিশিষ্ট-১৪:** গ্রুপ তালিকাভুক্ত ফরম।

**পরিশিষ্ট-১৫:** স্কাউট ইউনিটে যোগদানের আবেদন ফরম।

**পরিশিষ্ট-১৬:** স্কাউটিং-এর সাংগঠনিক কাঠামো।

**পরিশিষ্ট-১৭:** বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতর ও আঞ্চলিক স্কাউটসের সদর দফতরের সাথে যোগাযোগের ঠিকানা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

বিষয় ঃ দেশের সকল (ক) মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে এবং (খ) দাখিল ও আলম মাদ্রাসায় আবশ্যিকভাবে স্কাউট দল গঠন ও স্কাউটিং কার্যক্রম পরিচালনা বিষয়ে।

শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধান, নির্দেশ ও সহযোগিতায় সারা দেশব্যাপী স্কাউটিং আন্দোলন পরিচালনা ও উহার কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এক নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলাদেশ স্কাউটসের পক্ষ থেকে থানা নির্বাহী কর্মকর্তাগণ প্রতিটি থানায় ও জেলা প্রশাসকগণ প্রতিটি জেলায়, সভাপতি হিসেবে এবং বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারগণ পৃষ্ঠপোষক হিসেবে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যানগণ প্রত্যেকে সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটসের সভাপতি হিসেবে স্কাউট আন্দোলনের নেতৃত্ব প্রদান করে চলেছেন। এছাড়াও, সমগ্র দেশে অন্যান্য সরকারী/বেসরকারী কর্মকর্তাগণ, সমাজসেবী, নেতৃবৃন্দ, শিক্ষকমন্ডলী ও সংশ্লিষ্ট সকলে স্বেচ্ছাসেবার ভিত্তিতে, বাংলাদেশ স্কাউটসের এ মহতী প্রচেষ্টায় শরীক হয়ে অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

২। শিশু-কিশোর ও যুবকদের, প্রচলিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সম্পুরক হিসেবে নিয়মিত প্রশিক্ষণ ও পরিকল্পিত অনুশীলনের মাধ্যমে, যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউট আন্দোলনের ভূমিকা ও অবদান আজ সারা বিশ্বব্যাপী স্বীকৃত। দেশের ভবিষ্যৎ নাগরিকদের গড়ে তোলার বিষয়ে স্কাউট র্কাক্রমের উপযোগিতা ও গুরুত্ব বিবেচনা করে দেশের শিক্ষা ব্যবস্থায় স্কাউটিং কার্যক্রমকে সহপাঠ্যক্রম হিসেবে গন্য করা হয়েছে।

৩। উক্ত প্রেক্ষিতে, সার্বিকভাবে বিবেচনা করে, সমগ্র দেশে স্কাউটিং আন্দোলনের সুফল পৌছে দেয়ার লক্ষে, নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(১) (ক) প্রত্যেক মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং (খ) দাখিল ও আলিম মাদ্রাসায় আবশ্যিকভাবে স্কাউট দল গঠন করে, বাংলাদেশ স্কাউটসের ''গঠন ও নিয়ম'' অনুযায়ী স্কাউট কার্যক্রম পরিচালনা করা হবে।
(২) সকল বিদ্যালয় ও মাদ্রাসায় স্কাউট দল গঠন ও স্কাউটিং কার্যক্রম পরিচালনা, ভবিষ্যতে বিদ্যালয়ের স্বীকৃতি প্রদান, বিদ্যালয়ের মঞ্জুরী নবায়ন ও সরকার কর্তৃক বেতন ভাতা বাবদ ভর্তুকি দানের শর্ত হিসেবে গণ্য করা হবে।
(৩) মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও মাদ্রাসার সুপারিনটেনডেন্টগণ এ বিষয়ে যথারীতি কার্যক্রম গ্রহণ করত অবিলম্বে বাস্তবায়ন প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ সমীপে প্রেরণ করবেন।
(৪) এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ইউনুস মিয়া)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৫৯৩১/১৮০-শাঃ শিঃ তারিখ ঃ ২৪-৮-৯৩ ইং

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল ঃ-

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ঢাকা।
২। শিক্ষা সচিব ও সহ-সভাপতি, বাংলাদেশ স্কাউটস এর একান্ত সচিব।
৩। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল ঃ

১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বকসী বাজার, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার ও পৃষ্ঠপোষক, আঞ্চলিক স্কাউট.....................।
৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা......................অঞ্চল.......................।
৫। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা স্কাউটস...............................।
৬। বিদ্যালয়/মাদ্রাসা সমূহের পরিদর্শক,...............................।
৭। জেলা শিক্ষা অফিসার,...............................। তাঁহার জেলার সকল থানা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, থানা স্কাউটস সকল মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং সকল দাখিল ও আলিম মাদ্রাসার প্রধানগণের নিকট উপরোক্ত পরিপত্র প্রেরণ করিতে অনুরোধ করা হইল।
৮। সংশ্লিষ্ট নথি।

স্বাক্ষরিত/-
(লুৎফুন নেছা হক)
উপ পরিচালক (শাঃ শিঃ)
পক্ষে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- বাঃ স্কাঃ (প্রঃ)/৭০৬৬(৫০০)/৯৩ তারিখ ঃ ১৬/০৯/৯৩ ইং

সদয় অবগতি এবং কার্যকারিতার জন্য পরিপত্রের অনুলিপি প্রেরণ করা হলো :

১। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল)
২। জাতীয় উপ কমিশনার (সকল)
৩। আঞ্চলিক সম্পাদক (সকল)
৪। সভাপতি, জেলা স্কাউটস ও জেলা প্রশাসক (সকল)
৫। সম্পাদক, জেলা স্কাউটস (সকল)
৬। লিডার ট্রেনার/সহকারী লিডার ট্রেনার (সকল)
৭। সার্বক্ষণিক কর্মকর্তা, বাংলাদেশ স্কাউটস (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

তারিখ ঃ ৪ ঠা জ্যৈষ্ঠ্য, ১৪০০
১৮ মে, ১৯৯৩

# পরিপত্র

বিষয় ঃ দেশের সকল মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং সকল দাখিল ও আলিম মাদ্রাসার আদায়কৃত নির্ধারিত স্কাউটিং ফি বাবদ অর্থ কেবলমাত্র বিদ্যালয়ের স্কাউটিং কার্যক্রমেই ব্যয় নিশ্চিত করণ প্রসংগে।

শিশু-কিশোর ও যুবকদের, প্রচলিত শিক্ষা ব্যবস্থার পাশাপাশি সম্পূরক ব্যবস্থা হিসেবে, নিয়মিত প্রশিক্ষণ ও পরিকল্পিত অনুশীলন এর মাধ্যমে যোগ্য ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউট আন্দোলনের ভূমিকা ও অবদান আজ সারা বিশ্বব্যাপী স্বীকৃত। শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক ব্যবস্থাপনা, নির্দেশ ও সহযোগিতায়, সারাদেশব্যাপী কাব স্কাউট, বয় স্কাউট ও রোভার স্কাউট হিসেবে গড়ে তুলতে স্কাউটিং আন্দোলন পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এক নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

২। একথা আজ সর্বজনস্বীকৃত যে, স্কাউটিং তরুণ ও যুবকদের আত্মনির্ভরশীল, বিবেকবান, পরার্থপরতায় উদ্বুদ্ধ ও সুশৃংখল আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার অন্যতম উপায়। বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে স্কাউটিং কার্যক্রম যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে ও এ সম্পর্কীয় বিভিন্ন ব্যয় নির্বাহের উদ্দেশ্যে, প্রত্যেক বিদ্যালয়ে একটি " স্কাউট তহবিল" রয়েছে। উক্ত তহবিলে বর্তমানে বিভিন্ন শিক্ষা বোর্ডের আওতায় ছাত্র/ছাত্রীদের নিকট থেকে বিভিন্ন হারে মাথাপিছু বার্ষিক ফি আদায় করা হয়ে থাকে। সব সময় স্কাউট ফি বাবদ আদায়কৃত অর্থ বিদ্যালয়ে স্কাউট কর্মকান্ডেও ব্যয়িত হয়না। স্কাউটিং কার্যক্রমের প্রসার ও এর সুফল ব্যাপকভাবে স্কাউটদের মধ্যে পৌছে দেয়ার লক্ষ্যে এবং স্কাউট কার্যক্রমের সুষ্ঠু পরিচালনার উদ্দেশ্যে বর্তমানে আদায়কৃত স্কাউট ফি'র হার পুনঃনির্ধারণ, এর নিয়মিত আদায় ও আদায়কৃত অর্থ যথাযথ ব্যবহারের বিষয়টি সার্বিকভাবে পর্যালোচনা করার প্রয়োজন দেখা দিয়েছে।

৩। বিষয়টি সার্বিকভাবে বিবেচনা করে দেশের সকল মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে এবং দাখিল ও আলিম মাদ্রাসায় নির্ধারিত স্কাউট ফি আদায় ও স্কাউটিং কার্যক্রমে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে, নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

(১) প্রতি বিদ্যালয়/মাদ্রাসার প্রত্যেক ছাত্র/ছাত্রীর কাছ থেকে বছরের প্রারম্ভে সেসন ফি'র সাথে মাথা পিছু ১২/- (বার) টাকা হারে " স্কাউট ফি" নির্ধারণ করা হলো। আদায়কৃত অর্থে ১/- টাকা সংশ্লিষ্ট থানা স্কাউট, ১/- (এক) টাকা সংশ্লিষ্ট জেলা স্কাউট ও অবশিষ্ট ১০/- (দশ) টাকা বিদ্যালয় স্কাউট তহবিলে জমা হবে।

(২) স্কাউট ফি বাবদ আদায়কৃত অর্থ বিদ্যালয়ের " স্কাউট তহবিল" নামে কোন সঞ্চয়ী ব্যাংকে পৃথক তহবিল খুলে তাতে জমা দেয়া হবে।

(৩) স্কাউট তহবিল অথবা বিদ্যালয়ের সাধারণ তহবিল থেকে সুষ্ঠুভাবে স্কাউট দল পরিচালনাকারী প্রত্যেক শিক্ষককে ১০০.০০ (একশত) টাকা হারে সম্মানী দেয়া হবে।

(৪) স্কাউট তহবিলে জমাকৃত অর্থ সংশ্লিষ্ট বিদ্যালয়ের কেবলমাত্র স্কাউটিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যেই ব্যয়িত হবে। স্কাউটিং কার্যক্রম ব্যতীত অন্য কোন খাতে উক্ত অর্থ ব্যয় করা যাবে না। এর অন্যথা হলে, সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে।

(৫) বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতর থেকে স্কাউট ফি বাবদ আদায়কৃত অর্থ ব্যাবহারের নীতিমালা, স্কাউট দল গঠন ও পরিচালনার লক্ষ্যে উপযুক্ত শিক্ষককে মনোনয়নদান ও স্কাউটিং উন্নয়নে প্রধান শিক্ষকদের করণীয় বিষয়ে জারীকৃত নির্দেশ নামা অনুসরণ করা হবে।

(৬) ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ইউনুস মিয়া)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৫২৩০/১৮০-শাঃ শিঃ তারিখ ঃ ২৪-০৮-১৯৯৩ ইং

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ঢাকা
২। শিক্ষা সচিব ও সহ সভাপতি, বাংলাদেশ স্কাউটস এর একান্ত সচিব
৩। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ঢাকা

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল ঃ

১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সভাপতি, আঞ্চলিক স্কাউটস.................................।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকসী বাজার, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার ও পৃষ্ঠপোষক, আঞ্চলিক স্কাউটস............................................।
৪। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..............................অঞ্চল.............................।
৫। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা স্কাউটস...............................................।
৬। বিদ্যালয়/মাদ্রাসাসমূহের পরিদর্শক,...............................................।
৭। জেলা শিক্ষা অফিসার,................................। তাহার জেলা সকল থানা নিবাহী কর্মকর্তা ও সভাপতি থানা স্কাউটস, সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এবং সকল দাখিল ও আলিম মাদ্রাসার প্রধানগণের নিকট উপরোক্ত পরিপত্র প্রেরণ করিতে অনুরোধ করা হইল।
৮। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত/-
(লুৎফুন নেছা হক)
উপ পরিচারক (শাঃ শিঃ)
পক্ষে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- বাঃ স্কাঃ (প্রঃ)/৭৫৬৭(৫০০)/৯৩ তারিখ ঃ ১৬/০৯/৯৩ ইং

সদয় অবগতি এবং কার্যকারিতার জন্য পরিপত্রের অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল)
২। জাতীয় উপ কমিশনার (সকল)
৩। আঞ্চলিক সম্পাদক (সকল)
৪। সভাপতি, জেলা স্কাউটস ও জেলা প্রশাসক (সকল)
৫। সম্পাদক, জেলা স্কাউটস (সকল)
৬। লিডার ট্রেনার/সহকারী লিডার ট্রেনার (সকল)
৭। সার্বক্ষণিক কর্মকর্তা, বাংলাদেশ স্কাউটস (সকল)।

পরিশিষ্ট-"৩"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**
**বাংলাদেশ, ঢাকা**

# পরিপত্র

**বিষয় ঃ স্কাউট দল গঠন ও পরিচালনায় দেশের বিদ্যালয়/মাদ্রাসাসমূহের (ক) প্রধানগণের ভূমিকা এবং (খ) প্রয়োজনীয় গুনাগুন ও যোগ্যতা সম্পন্ন স্কাউট শিক্ষকদের (ইউনিট লিডার) মনোনয়ন দান সম্পর্কে।**

দেশের মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাসমূহে স্কাউট দল গঠন ও দলের সুষ্ঠ পরিচালনায়, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও মাদ্রাসার সুপারিনটেন্ডেন্টগণ (পদাধিকার বলে, গ্রুপ কমিটির সভাপতি) এক বিশেষ ভূমিকা পালন করে থাকেন। স্কাউট দল পরিচালনায় ও স্কাউটিং কার্যক্রমের যথাযথ বাস্তবায়নে তাঁদের যথাযথ নেতৃত্ব প্রদান ও ভূমিকা সম্পর্কে নিম্নলিখিত দিকগুলো উল্লেখ করা হল ঃ

**(ক) স্কাউট ইউনিট গঠন ও পরিচালনায় প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্টগনের ভূমিকা ঃ**

(১) বাংলাদেশ স্কাউটসের নির্দেশমালা অনুযায়ী, প্রয়োজনীয় গুনাবলী ও যোগ্যতাসম্পন্ন বিদ্যালয়ের/মাদ্রাসার একজন উপযুক্ত শিক্ষককে ইউনিট লীডার হিসেবে মনোনয়ন দান, বিদ্যালয়/মাদ্রাসায় স্কাউট ডেন গঠন ও স্কাউট দল পরিচালনায় তাঁকে প্রয়োজনীয় অনুপ্রেরণা ও উৎসাহ দান এবং পর্যায়ক্রমে সহকারী ইউনিট লীডার/ইনস্ট্রাক্টর/উপদেষ্টা নিয়োগের ব্যবস্থা গ্রহণ।

(২) বিদ্যালয়/মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের কাছ থেকে নির্ধারিত হারে (মাথাপিছু ১২.০০ টাকা) নিয়মিতভাবে স্কাউট ফি আদায়, উক্ত অর্থ ব্যাংকে আলাদা "স্কাউট তহবিলে" জমাদান এবং বিদ্যালয়/মাদ্রাসার স্কাউট কার্যক্রম পরিচালনাতেই কেবলমাত্র উক্ত অর্থ ব্যয় নিশ্চিতকরণ।

(৩) বিদ্যালয়/মাদ্রাসার গ্রুপ কমিটির নিয়মিত সভা আহবান, সভায় ইউনিটের কার্যক্রম ও কার্যকারিতা নিয়মিত পর্যালোচনা মনিটর করা এবং ইউনিটের স্কাউটিং কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় উপদেশ- পরামর্শ ও সাহায্য-সহযোগিতা প্রদান। বিদ্যালয়/মাদ্রাসায় দল খোলা ও পরিচালনার জন্য আনুষ্ঠানিকভাবে নির্ধারিত প্রশিক্ষণ না পাওয়া পর্যন্ত, বাংলাদেশ স্কাউট কর্তৃক জারিকৃত নির্দেশমালা অনুযায়ী ইউনিট লীডারদের কার্যক্রম তত্ত্বাবধান।

(৪) ইউনিট লীডার ও সহকারী ইউনিট লীডারদের ওয়ারেন্ট প্রদানের ব্যবস্থা গ্রহণ। ইউনিটের বার্ষিক কর্মসূচী (Calender of Events) প্রণয়ন ও বাংলাদেশ স্কাউটস কর্তৃক সময়ে সময়ে জারিকৃত

নির্দেশ মালা অনুযায়ী, বিদ্যালয়/মাদ্রাসার স্কাউটিং বাজেট প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়ন নিশ্চিতকরণ।

(৫) ইউনিট লীডারদের দায়িত্ব পালন সম্পর্কিত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও তা যথাযথ কর্তৃপক্ষ সমীপে প্রেরণ।

(৬) ইউনিটের বিভিন্ন অনুষ্ঠানে উপস্থিত থেকে ইউনিট লীডার, সহকারী ইউনিট লীডার, ইনষ্ট্রাক্টর, উপদেষ্টা এবং স্কাউট দলকে উৎসাহ প্রদান।

(৭) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

## (খ) প্রয়োজনীয় যোগ্যতা ও গুনাগুন সম্পন্ন স্কাউট শিক্ষককে ইউনিট লীডার মনোনয়ন দানের প্রয়োজনীয়তা এবং যোগ্যতা ও ভূমিকা ঃ

বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম' অনুযায়ী বিদ্যালয়/মাদ্রাসার প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্টগণের সার্বিক তত্ত্বাবধানে উক্ত বিদ্যালয়/মাদ্রাসার স্কাউট দল খোলা ও পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় গুনাবলী ও যোগ্যতা সম্পন্ন একজন শিক্ষককে মনোনয়নদান প্রয়োজন, যাতে তিনি স্কাউট শিক্ষকের (ইউনিট লীডারের) দায়িত্ব যথাযথভাবে পালন করতে পারেন।

উক্ত প্রেক্ষিতে দল গঠনে ও যথাযথ পরিচালনায় নিম্নোবর্ণিত গুনাবলী ও যোগ্যতা সম্পন্ন শিক্ষক মনোনয়নদান আবশ্যক। এবং এ বিষয়ে তাঁর নিম্নোক্ত গুরুত্বপূর্ণ ভূমিকার বিভিন্ন দিক উল্লেখ করা হল ঃ

(১) ইউনিট লীডার হিসেবে মনোনীত শিক্ষককে স্কাউটিং কাজে সময় ব্যয় করার মনমানসিকতা সম্পন্ন হতে হবে ও তাকে স্কাউট ইউনিফরম পরতে ও স্কাউটিং কার্যক্রমে আগ্রহী হতে হবে।

(২) তাঁকে স্কাউট শপথ গ্রহণকারী ও স্কাউট আইন মান্যকারী এবং স্কাউটদের যোগ্য নাগরিক ও মানুষ হিসেবে যথাযথভাবে গড়ে তোলার আদর্শে উদ্বুদ্ধ ও বিশ্বাসী হতে হবে।

(৩) তাঁর বিভিন্ন সামাজিক অবস্থান থেকে আগত নানা বয়সী বালকদের সাথে মুক্ত মনে একযোগে কাজ করার মানসিকতা থাকতে হবে ও তাদের কল্যাণ সাধনে ব্রতী হতে হবে।

(৪) তাঁকে নির্ধারিত লক্ষ্য অর্জনে উদ্যোগী, যত্নবান ও দায়িত্বশীল হতে হবে এবং ইতিবাচক দৃষ্টিভংগী সম্পন্ন ও সৎ মনোভাবাপন্ন হতে হবে।

(৫) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২। দেশের সকল বিদ্যালয় ও মাদ্রাসায় আবশ্যকভাবে দল গঠন ও স্কাউটিং কার্যক্রম পরিচালনা এবং নির্ধারিত স্কাউট ফি বাবদ আদায়কৃত অর্থ কেবলমাত্র উক্ত বিদ্যালয়/মাদ্রাসার স্কাউটিং কার্যক্রমেই ব্যয় নিশ্চিত করণ বিষয়ে অধিদপ্তর থেকে ইতিপূর্বে ২৮-৮-১৯৯৩ তারিখে জারিকৃত যথাক্রমে (ক) ৫২৩০/১০০ শাঃ শিঃ ও (খ) ৫৯৩১/১৮০ শাঃ শিঃ নং পরিপত্রদ্বয়ের অনুবর্তীক্রমে, এ আদেশ জারী করা হল।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ইউনুস মিয়া)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং - ৮১৫৪/১০০০

তারিখ ঃ অগ্রহায়ণ ৩০, ১৪০১
ডিসেম্বর ১৪, ১৯৯৪

**অনুলিপি অবগতির জন্য পাঠানো হল ঃ**

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ঢাকা।

২। শিক্ষা সচিব ও সহ সভাপতি, বাংলাদেশ স্কাউটস-এর একান্ত সচিব।

৩। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ঢাকা।

**অনুলিপি অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে পাঠানো হল ঃ**

১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড................................................... এবং সভাপতি ......................... আঞ্চলিক স্কাউটস।

২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্সীবাজার, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার ......................... বিভাগ ও পৃষ্ঠপোষক, ....................... আঞ্চলিক স্কাউটস।

৪। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা .................................. অঞ্চল ..................................।

৫। জেলা প্রশাসক, ................................. ও সভাপতি, ............... জেলা স্কাউটস।

৬। বিদ্যালয়/মাদ্রাসা সমূহের পরিদর্শক, .......................।

৭। জেলা শিক্ষা অফিসার, ................................। তাঁর জেলায় সকল থানা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, থানা স্কাউটস, সকল মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় এবং সকল দাখিল ও আলিম মাদ্রাসার প্রধানগণের কাছে উপরোক্ত পরিপত্র পাঠানোর জন্য অনুরোধ করা হল।

৮। সংরক্ষণ নথি।

স্বাক্ষরিত/-
(লুৎফুন নেছা হক)
উপ পরিচালক (শাঃ শিঃ)
পক্ষে, মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
বাংলাদেশ, ঢাকা।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রাথমিক শিক্ষা পরিদপ্তর
## বাংলাদেশ, ঢাকা

# "বিজ্ঞপ্তি"

শিশু কিশোরদের সুশৃংখল, চরিত্রবান, আত্মনির্ভরশীল ও সুনাগরিকের গুনাবলী সমৃদ্ধ করে গড়ে তোলার জন্য স্কাউট আন্দোলন বিশ্ব জুড়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট কার্যক্রম পরিচালিত হলেও প্রাথমিক বিদ্যালয়ে এই কার্যক্রম এখনো ব্যাপকভাবে সম্প্রসারিত হয়নি। জাতির ভবিষ্যৎ নাগরিকদের আদর্শ জীবন গঠনে স্কাউট কার্যক্রমের উপযোগিতা বিবেচনা করে দেশের সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কাব স্কাউট দল খোলার মাধ্যমে স্কাউট আন্দোলনের সুফল পৌছে দেয়া প্রয়োজন। এই অবস্থার প্রেক্ষিতে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে কাব স্কাউট দল খোলার জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে অনুরোধ করা যাচ্ছে।

প্রাথমিক বিদ্যালয়ে কাব স্কাউট দল পরিচালনার জন্য বিদ্যালয়ের এক বা একাধিক শিক্ষককে কাব মাষ্টারের দায়িত্ব পালন করতে হয়। দল পরিচালনার জন্য বাংলাদেশ স্কাউটস থেকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়ে থাকে। এ ব্যাপারে প্রত্যেক থানা/জেলা পর্যায়ের কর্মকর্তা বাংলাদেশ স্কাউটসের ফিল্ড কমিশনার-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

স্কাউট প্রশিক্ষণ, শিবির বাস, সমাবেশ ও অন্যান্য স্কাউট অনুষ্ঠানে যোগদানের জন্য সরকারী কর্মচারী হিসাবে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের আওতাধীন অন্যান্য কর্মকর্তাগণ সরকারী চিঠি (শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং Six / 13P-17/ 72/685 তারিখ ১৯/৬/৭৩) মোতাবেক সরকারী হারে ভ্রমণ ভাতা লাভ করতে পারবেন।

স্বাক্ষরিত/-
**ডঃ এ, কে, এম, ওবায়েদ উল্লাহ্,**
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাথমিক শিক্ষা পরিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং - ৪৫৮৯/১০২০/প্রাই (টি, সি)
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপজেলা নির্বাহী অফিসার ---------------------
২। প্রাথমিক শিক্ষা অফিসার ----------------------
৩। উপজেলা/ থানা শিক্ষা অফিসার
৪। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস, জাতীয় স্কাউট ভবন, ইনার সার্কুলার রোড, কাকরাইল, ঢাকা।

স্বাক্ষরিত/-
**(কাজী সিরাজুল হক)**
সহকারী পরিচালক
পক্ষে-মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা পরিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

পরিশিষ্ট-"৫"

স্মারক নং - ও এম-১৭ বিদ্যা-সিলেট/২০০০/১৭৬৭/৪৮৪ তারিখ ১১/১১/২০০২ ইং

প্রেরক ঃ মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ উপজেলা/থানা শিক্ষা অফিসার ---------------------
জেলা -------------------------।

**বিষয় ঃ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের কাব স্কাউট লিডার প্রশিক্ষণ সম্পর্কীয়।**

উপরিউক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব অধ্যাপিকা (ডাঃ) তাহমিনা হোসেন এর সভাপতিত্বে বিগত ২৬-০৮-২০০২ তারিখে জাতীয় কাব স্কাউটিং কার্যক্রম কমিটির ১৩তম সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে কোন বিদ্যালয়ে যদি এমন ধরণের শিক্ষক/শিক্ষিকা থাকেন যাদের বদলি হওয়ার সম্ভাবনা খুবই কম তাঁদের তালিকা সংগ্রহ করে আবশ্যিকভাবে কাব স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। এমতাবস্থায়, এ ধরণের শিক্ষক/শিক্ষিকাদের মধ্যে যারা স্কাউট লিডার প্রশিক্ষণ গ্রহণ করেননি তাঁদের তালিকা সংগ্রহ করে সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটিং সম্প্রসারণ প্রকল্প বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর ৭০/১, ইনার সার্কুলার রোড, কাকরাইল, ঢাকা বরাবর আগামী ৩০/১১/২০০২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

স্বা ঃ
**(প্রফেসর এ. এম. মোসাদ্দেকুল ইসলাম)**
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং - ও, এম-১৭ বিদ্যা-সিলেট/২০০০/১৭৬৭/৪৮৪/৭২ তারিখ ১১/১১/২০০২ ইং
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. জাতীয় কমিশনার (কাব স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস।
২. বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট।
৩. প্রকল্প পরিচালক (কাব স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ---- (সকল)।
৫. সংরক্ষণ নথি।

স্বা ঃ
**(এ. কে. মীর্জা মোঃ শহীদুল ইসলাম**
পরিচালক (পলিসি/অপারেশন)
পক্ষে-মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা, বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর
ঢাকা-১২১৬

**পরিশিষ্ট-"৬"**

স্মারক নং-

তারিখ ঃ

## পরিপত্র

**বিষয় ঃ দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে কাব দল গঠন, কাব লিডার প্রশিক্ষণ ও কাব পরিচালনা প্রসংগে।**

দেশের প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের চরিত্রবান, সুশৃংখল, পরোপকারী, আত্মমর্যাদা সম্পন্ন সুনাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে কাব স্কাউটিং কার্যক্রম অত্যন্ত সহায়ক এবং স্কাউট আন্দোলন এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ইতিমধ্যে দেশের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে কাব স্কাউটিং কার্যক্রম শুরু হয়েছে এবং এর সুফল পাওয়া যাচ্ছে। তাই দেশের প্রাথমিক বিদ্যালয়ে এ কার্যক্রম সম্প্রসারিত করে একে আরও ফলপ্রসু কার্যকর করে তোলা আবশ্যক। কাব দল গঠন ও পরিচালনা করতে হলে প্রথমেই প্রয়োজন একজন প্রশিক্ষণ প্রাপ্ত কাব লিডার/কাব শিক্ষক। শিশু কিশোরদের সার্বিক কল্যাণে দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে সুপরিকল্পিতভাবে কাব দল গঠন ও সুষ্ঠভাবে দল পরিচালনার মাধ্যমে কাবিং কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব মহোদয়ের উপানুষ্ঠানিক পত্র নং প্রসাবি/সচিব/১/৯৪/৮৭ তারিখ ১২/১/১৯৯৫ ইং (২৯/৯/১৪০১ বাং) এর নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

১। প্রাথমিক বিদ্যালয়ে প্রচলিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সম্পূরক শিক্ষা হিসাবে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে একটি কাবদল গঠন করতে হবে এবং নিয়মিত কাব কার্যক্রম অনুশীলন করতে হবে।

২। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রাপ্ত লিডার আছে সেখানে জরুরী ভিত্তিতে কাব দল গঠন করতে হবে এবং যে সকল প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রাপ্ত কাব লিডার নেই সে সকল প্রতিষ্ঠান থেকে একজন স্বল্প বয়সী ও স্কাউটিং এ আগ্রহী শিক্ষকের নাম থানা শিক্ষা অফিসাব সংগ্রহ করে নিকটবর্তী পিটিআই সুপারিনটেনডেন্টের নিকট জমা দেবেন। সুপারিনটেনডেন্ট সংশ্লিষ্ট জেলা স্কাউটস ও আঞ্চলিক স্কাউটসের সাথে যোগাযোগের মাধ্যমে ৮ দিনব্যাপী কাব লিডার বেসিক ট্রেনিং কোর্সের আয়োজন করবেন। শিক্ষার্থী পুরুষ অথবা মহিলা হতে পারে।

৩। প্রতিটি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একজন শিক্ষক ও একজন শিক্ষিকাকে প্রশিক্ষণ দিয়ে ছেলে ও মেয়েদের জন্য পৃথক পৃথক কাব ইউনিট গঠন করতে হবে।

৪। গার্ল ইন স্কাউটিংকে উৎসাহিত করার জন্য প্রতিটি প্রাথমিক বিদ্যালয় থেকে যোগ্য এবং উৎসাহী একজন শিক্ষিকাকে কাব লিডার বেসিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে এবং ছাত্রীদের জন্য একটি কাব ইউনিট গঠন করতে হবে।

৫। শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত কাবিং কার্যক্রম অনুশীলন ছাড়াও হলিডে, কাব ক্যাম্পুরী ও কাবিং সংক্রান্ত অন্যান্য শিক্ষামূলক কার্যক্রম কাবদের অধিক সংখ্যক অংশগ্রহণ নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রাথমিক বিদ্যালয়ে কাব প্রশিক্ষণ সংক্রান্ত উপকরণ ও ফাইল পত্র রাখার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ তাদের মাসিক বিবরণীতে কাব দলের সদস্য সংখ্যা, যোগদানের তারিখ, কার্যক্রম এবং কাব প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করবেন।

৭। প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তাবৃন্দ/পরিদর্শকবৃন্দ বিদ্যালয়, থানা, জেলা বিভাগ পরিদর্শনকালে পরিদর্শন ছকে কাবিং বিষয় অন্তর্ভুক্ত করে কাবিং সংক্রান্ত খোঁজখবর নিবেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা দিবেন।

৮। বিষয়টি জরুরী এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর/-
আজিজ আহমেদ চৌধুরী
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।
তারিখঃ ২৮/১০/১৪০১ বাং
১১/০২/১৯৯৫ ইং

স্মারক নং প্রাশিঅ/কাব-১৬৪/৯৫/২৬৭৪১/৫৯০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস
৩। সভাপতি, আঞ্চলিক স্কাউটস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা অঞ্চল
৪। পরিচালক
৫। উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল বিভাগ।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৭। থানা শিক্ষা অফিসার (সকল), প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর
৯। সংরক্ষণ নথি।

স্বাক্ষর/-
আবদুল সালাম আকন
উপ-পরিচালক (ক্লাস্টার)
পক্ষে-মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা, বাংলাদেশ, ঢাকা।

পরিশিষ্ট-''৭''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং - ও এম প্রাই/মনি/৪৪৮/৯৭/৫৯৫৯/৪৮১ তারিখ ঃ ১০/৬/৯৭

প্রেরক ঃ মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, ঢাকা।

প্রাপক ঃ উপজেলা শিক্ষা অফিসার/থানা শিক্ষা অফিসার (সকল)।
..............................................................
..............................................................

**বিষয় ঃ কাবিং সম্প্রসারণ এবং বাস্তবায়ন প্রসঙ্গে।**

তাঁহার অবগতির জন্য জানানো যাইতেছে যে, তাঁহার উপজেলা/থানাধীন সরকারি এবং রেজিঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে কাবিং সম্প্রসারণ এবং যথার্থ বাস্তবায়নের জন্য নিম্নলিখিত বিষয়সমূহ কঠোরভাবে অনুসরণ করিতে হইবে।

১। যে সব প্রশিক্ষণপ্রাপ্ত কাবলিডার এখন পর্যন্ত বিদ্যালয়ে দল গঠন করেন নাই তাঁহাদিগকে আগামী ৩০ জুন, ১৯৯৭ এর মধ্যে স্ব স্ব বিদ্যালয়ে কাবদল গঠন করিতে হইবে।

২। যে সকল শিক্ষক পিটিআইতে কাব লিডার বেসিক কোর্স প্রশিক্ষণ সম্পন্ন করিয়াছেন তাঁহারা পরবর্তী তিনমাসের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ে কাব দল গঠন না করিলে তাঁহাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৩। প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় পুরাতন কাব দল, নতুন কাব দল গঠন এবং কাব কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করিতে হইবে।

৪। বিশেষ প্রশাসনিক কারণ ছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত কোন শিক্ষককে বদলী করা যাইবে না। প্রশাসনিক কারণ থাকিলে সে বিষয়ে উপ পরিচালকের সংগে আলোচনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৫। একই বিদ্যালয়ে প্রশিক্ষণ প্রাপ্ত একাধিক শিক্ষক নিয়োজিত না রাখিয়া প্রয়োজনবোধে নিকটবর্তী বিদ্যালয়ে জুনিয়র প্রশিক্ষণ প্রাপ্ত কাব শিক্ষককে বদলী করিয়া উক্ত বিদ্যালয়ে দল গঠনের ব্যবস্থা করিতে হইবে।

৬। পিটিআইতে কাব প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে শিক্ষককে ডেপুটেশন প্রদানের সময়ে যে সকল বিদ্যালয় হইতে পূর্বে প্রশিক্ষণের জন্য ডেপুটেশন প্রদান করা হয় নাই সেই সকল বিদ্যালয় হইতে অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন করিতে হইবে।

৭। তিনি এবং তাঁহার অধীনস্থ সহকারী থানা শিক্ষা অফিসারগণ যে কোন বিদ্যালয় পরিদর্শনে গেলে উক্ত বিদ্যালয়ে কাব দল থাকিলে তাঁহাদের কর্মকান্ড পর্যবেক্ষণ করিতে হইবে।

৮। কোন প্রশিক্ষণ প্রাপ্ত কাব লিডারকে বদলী অপরিহার্য হইলে সেই ক্ষেত্রে আবশ্যিকভাবে আরেকজন কাব প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকদ্বারা উক্ত শূন্য পদ পূরণের ব্যবস্থা করিতে হইবে।

৯। কাবিং কার্যাবলী বাস্তবায়নে সংশ্লিষ্ট শিক্ষক কর্মকর্তাদের গাফিলতি পরিলক্ষিত হইলে তাঁহাদের বিরুদ্ধে কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১০। ৩০ জুন, ১৯৯৭ তারিখের মধ্যে সহকারী থানা শিক্ষা অফিসারগণ স্ব স্ব ক্লাস্টারের নতুন দলগঠনের তালিকা তৈরী করিয়া থানা শিক্ষা অফিসারগণের নিকট দাখিল করিবেন এবং থানা শিক্ষা অফিসারকে তাঁহার থানার সকল ক্লাস্টারের দল গঠনের তালিকা সমন্বয় করিয়া ১০ জুলাই, ১৯৯৭ মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করিতে হইবে।

১১। প্রতি মাসে প্রধান শিক্ষকগণের মাসিক সমন্বয় সভায় এতদসংগে ছকে কাবিং সংক্রান্ত তথ্য প্রধান শিক্ষক/শিক্ষিকাগণকে অবশ্যই টিইও এর নিকট দাখিল করিতে হইবে।

১২। এতদসংগে সংযুক্ত ছকের কলাম অনুযায়ী তাঁহার দপ্তরে কাবিং কার্যক্রম এর উপর একটি মনিটরিং বোর্ড তৈরী করিয়া সংরক্ষণ নিশ্চিত করিতে হইবে।

১৩। তাঁহার দপ্তরে কাবিং সংক্রান্ত অথ্যাবলী যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, বাংলাদেশ স্কাউটস, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং জেলা বিভাগীয় পর্যায়ের যে কোন কর্মকর্তা অফিস পরিদর্শনের সময় দেখিতে পান।

বিষয়টি জাতীয় স্বার্থে অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

স্বাক্ষর/-
জনাব আজিজ আহমেদ চৌধুরী
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, ঢাকা।

স্মারক নং - ও এম প্রাই/মানি/৪৪৮/৯৭

তারিখ ঃ ২৭/০২/১৪০৪ বাং
১০/০৬/১৯৯৭ ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
৪। জনাব ............................. প্রকল্প পরিচালক (কাব স্কাউটিং), বাংলাদেশ স্কাউটস।

**অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে প্রেরিত হইল ঃ**

৫। বিভাগীয় উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)। ত্রৈমাসিক বিভাগীয় পর্যালোচনা সভার কাবিং সম্প্রসারণ ও বাস্তবায়ন সম্পর্কে একটি বিষয় সূচী থাকিতে হইবে। উক্ত সভায় তিনি স্ব স্ব জেলার কাবিং এর সম্প্রসারণ এবং বাস্তবায়ন সম্পর্কে তথ্য একটি নির্ধারিত ছকে এবং পিটিআই এর সুপারগণকে নিজ নিজ পিটিআইতে প্রশিক্ষণ প্রাপ্ত কাব শিক্ষকদের তথ্য নির্ধারিত ছকে উপস্থাপন করিতে হইবে। সংশ্লিষ্ট তথ্য উপস্থাপন তাঁহাকে নিশ্চিত করিতে হইবে।

পরিশিষ্ট-''৮''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
পরিপত্র

বিষয় ঃ নিয়মিত ট্রুপ / ক্রু মিটিং বাস্তবায়নের জন্য ক্লাস রুটিনে সময়সূচি অন্তর্ভুক্তিকরণ সম্পর্কীয়।

স্কাউট আন্দোলনের মাধ্যমে শিশু-কিশোর, তরুন-তরুণীদের সৎ, আদর্শ পরোপকারী আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউট/রোভার স্কাউট প্রোগ্রাম বাস্তবায়ন করা হয় মূলতঃ ট্রুপ / ক্রু মিটিংয়ের মাধ্যমে। স্কাউট ট্রেনিং প্রাপ্ত শিক্ষকের নেতৃত্বে সপ্তাহে যে কোন একদিন ৬০-৯০ মিনিট ব্যাপী মুক্তাংগনে এ মিটিং অনুষ্ঠিত হয়ে থাকে, যার মাধ্যমে স্কাউট ও রোভার স্কাউটগণ হাতে কলমে প্রশিক্ষণ লাভ করে থাকে।

২। নিয়মিত ট্রুপ / ক্রু মিটিং বাস্তবায়নের স্বার্থে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখন থেকে প্রতি বৃহস্পতিবার সুবিধাজনক সময়ে / অপরাহ্নে ৬০-৯০ মিনিট ব্যাপী ট্রুপ / ক্রু মিটিং আয়োজন ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য সময়সূচি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ক্লাস রুটিনে অন্তর্ভুক্ত হবে। এই দিনে স্কাউট / রোভার স্কাউটগণকে স্কাউট পোশাকে ক্লাসে অংশগ্রহণের অনুমতি দেয়া যাবে।

নিয়মিত ট্রুপ / ক্রু মিটিং বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণকে এ ব্যাপারে কার্যকরী উদ্যোগ গ্রহণকরতঃ মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(প্রফেসর খান হাবিবুর রহমান)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৪১৫/৯-শা:শি:

তারিখ ঃ ২২/০১/০৯ইং

বিতরণ ঃ কার্যার্থে ঃ

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট কলেজ/মাধ্যমিক/জুনিয়র শিক্ষা প্রতিষ্ঠান/মাদরাসা (সকল)।
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

সদয় জ্ঞাতার্থে ঃ

১। শিক্ষা সচিব, শিক্ষা মন্ত্রণালয় ও সভাপতি, জাতীয় স্কাউটিং কার্যক্রম কমিটি।
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।
৩। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল।
৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড(সকল)।
৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৬। নির্বাহী সচিব, বাংলাদেশ স্কাউটস।
৭। কলেজ/মাদরাসাসমূহের পরিদর্শক (সকল)।
৮। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস (সকল অঞ্চল)।
৯। কমিশনার/সম্পাদক, সকল জেলা/জেলা রোভার।

(প্রফেসর খান হাবিবুর রহমান)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

**পরিশিষ্ট-''৯''**

পুরাতন সংসদ ভবন
ঢাকা

তারিখ ঃ ১৪ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০১৭ খ্রিঃ

পত্র সংখ্যা ০৩.০৭৪.০৭.০৫৩.০০.০২১.২০১৬- ৯৮৯(৬)

বিষয় ঃ ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে একাদশ জাতীয় রোভার মুট উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন।

উপযুক্ত বিষয়ে গত ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে একাদশ জাতীয় রোভার মুট উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা নিম্নরূপ ঃ

(ক) '''প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অন্তত: দুটি করে কাব স্কাউট দল, দুটি স্কাউট দল ও দুটি রোভার স্কাউট দল চালু করতে হবে। ছেলেদের পাশাপাশি স্কাউটিং কার্যক্রমে মেয়েদের অংশগ্রহণ আরও বৃদ্ধি করার লক্ষ্যে মেয়েদের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ও সহশিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত গার্ল ইন স্কাউটিং ইউনিট চালু করতে হবে''।

(খ) ''এ জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সকলে সমন্বিতভাবে বাংলাদেশ স্কাউটসকে সহযোগিতা করবেন বলে আশা করি''।

০২। বর্ণিতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ওয়াহিদা মুসাররত অনীতা)
পরিচালক-৭
ফোন-৯১১৮৭০৭
E-mail: dir7@pmo.gov.bd

বিতরণঃ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মুখ্য সচিব/সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। অফিস কপি।

পরিশিষ্ট-''১০''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শাখা-১১ (মাধ্যমিক-২)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

তারিখ : ০৭ জৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নং-৩৭.০০.০০০০.০৭২-০৬.০৭৬.১২.৩৯৬

পরিপত্র

প্রথম অধ্যায়

বিষয় : দেশের সকল সরকারি-বেসরকারি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, সমমানের মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং/গার্ল ইন স্কাউটিং ও গাইডিং কার্যক্রম পরিচালনার জন্য আদায়কৃত অর্থ স্কাউটিং/গার্ল ইন স্কাউটিং ও গাইডিং কার্যক্রম পরিচালনা ।

সকল শিক্ষা প্রতিষ্ঠানে নূন্যতম একটি স্কাউট/গার্ল ইন স্কাউট, রোভার/গার্ল ইন রোভার স্কাউট দল ও গার্ল গাইড/রেঞ্জার দল গঠন করার সরকারি সিদ্ধান্ত রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউটস ও গার্ল গাইডস এসোসিয়েশন দেশব্যাপী স্কাউটিং ও গাইডিং কার্যক্রম পরিচালনা এবং বাস্তবায়নের লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রচলিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সম্পূরক হিসেবে নিয়মিত প্রশিক্ষণ ও পরিকল্পিত অনুশীলনের মাধ্যমে শিশু-কিশোর-যুব গোষ্ঠি, বালিকা, কিশোরী ও তরুণীদের দেশ ও বিশ্বের যোগ্য নাগরিক এবং মানুষ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউটস ও গার্লস গাইড আন্দোলনের ভূমিকা ও অবদান আজ বিশ্বব্যাপী স্বীকৃত।

২.০ (ক) বাংলাদেশ স্কাউটস এর পক্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সভাপতি, প্রত্যেক বিভাগের বিভাগীয় কমিশনার ও শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটস এর যথাক্রমে পৃষ্ঠপোষক ও সভাপতি, জেলা প্রশাসকগণ জেলা স্কাউটস ও জেলা রোভার স্কাউটস এর সভাপতি এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা স্কাউটস এর সভাপতি হিসেবে স্কাউট আন্দোলনে নেতৃত্ব দান করে চলেছেন। এ ছাড়াও সমগ্র দেশে অন্যান্য সরকারি-বেসরকারি কর্মকর্তাগণ, সমাজসেবী, নেতৃবৃন্দ, শিক্ষকমন্ডলী ও সংশ্লিষ্ট সকলে স্বেচ্ছাসেবীর ভিত্তিতে বাংলাদেশ স্কাউটস এর এ মহতি প্রচেষ্টায় শরিক হয়ে অভীষ্ট লক্ষ্য অর্জনে আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

(খ) বাংলাদেশ গার্ল গাইডস এসাসিয়েশনের ''গঠন ও বিধি'' অনুযায়ী নির্বাচিত অঞ্চলের আঞ্চলিক কমিশনার/জেলা পর্যায়ে নির্বাচিত জেলা কমিশনার/উপজেলা পর্যায়ে নির্বাচিত স্থানীয় কমিশনারগণ স্বেচ্ছাসেবার মাধ্যমে নিরলসভাবে গাইড আন্দোলনে নেতৃত্ব দান করে চলেছেন। এ ছাড়াও সমগ্র দেশে অন্যান্য সরকারি-বেসরকারি কর্মকর্তাগণ, সমাজসেবী, নেতৃবৃন্দ, শিক্ষকমন্ডলী ও সংশ্লিষ্ট সকলে স্বেচ্ছাসেবার ভিত্তিতে গার্ল গাইড এসোসিয়েশনের নারী নেতৃত্ব বিকাশের কর্মসূচিকে জোরদার করার লক্ষ্যে মহতি প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

৩.০ বর্ণিত প্রেক্ষাপটে পরিকল্পিতভাবে স্কাউটিং/গার্ল ইন স্কাউটিং ও গার্ল গাইডিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রাসারণের লক্ষ্যে সার্বিক বিবেচনায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

৩.১ শিক্ষার্থীদের জন্য স্কাউট/গার্ল ইন স্কাউট দল এবং গার্ল গাইড দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর ''গঠন ও নিয়ম'' এবং গাইডের ''গঠন ও বিধি'' অনুযায়ী স্কাউট/গার্ল ইন স্কাউট ও গার্ল গাইড কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে।

চলমান পৃষ্ঠা/-২

৩.২ সহশিক্ষা চালু আছে এমন বিদ্যালয়, সমমমানের মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে ছাত্রদের জন্য অন্তত: একটি স্কাউট দল, ছাত্রীদের জন্য একটি গার্ল ইন স্কাউট দল এবং একটি গার্ল গাইড দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর ''গঠন ও নিয়ম'' এবং গাইডের ''গঠন ও বিধি'' অনুযায়ী স্কাউট ও গার্ল ইন স্কাউট ও গার্ল গাইড কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে;

৩.৩ স্কাউটিং/গার্ল ইন স্কাউটিং ও গাইডিং কার্যক্রম যাথাযথ বাস্তবায়ন সম্পর্কীয় বিভিন্ন খরচ নির্বাহের লক্ষ্যে সকল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, সমমানের মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে সেশনের শুরুতে আবশ্যিকভাবে মাথা পিছু ২৬.০০ (ছাব্বিশ) টাকা হারে স্কাউট/গার্ল ইন স্কাউট ও গার্ল গাইড ফি বাবদ অর্থ নিম্নোক্তভাবে আদায় ও ব্যয় করা হবে:

৩.৩.১ ধার্যকৃত ২৬.০০ (ছাব্বিশ) টাকার মধ্যে ১৬.০০ (ষোল) টাকা স্কাউট ও গার্ল ইন স্কাউট ফি হিসেবে বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায়ের মাধ্যমে স্কাউট তহবিল গঠন করা হবে। আদায়কৃত ফি এর মধ্যে ১১.০০ (এগার) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও স্কাউট সম্পাদকের যৌথ স্বাক্ষরে স্থানীয় ব্যাংক পৃথক সঞ্চয়ী হিসাবে পরিচালিত হবে। অবশিষ্ট ৫.০০ (পাঁচ) টাকার মধ্যে ২.০০ (দুই) টাকা হারে সংশ্লিষ্ট জেলা স্কাউট সম্পাদক বরাবর এবং ৩.০০ (তিন) টাকা হারে সংশ্লিষ্ট উপজেলা স্কাউট সম্পাদক বরাবর ক্রসড চেক/পে অর্ডার মারফত অবিলম্বে প্রেরণ করতে হবে;

৩.৩.২ ধার্যকৃত ২৬.০০ (ছাব্বিশ) টাকার মধ্যে ১০.০০ (দশ) টাকা গার্ল গাইড ফি হিসেবে বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায়ের মাধ্যমে গাইড তহবিল গঠন করা হবে। আদায়কৃত ফি এর মধ্যে ৬.০০ (ছয়) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও গাইডারের যৌথ স্বাক্ষরে স্থানীয় ব্যাংকে পৃথক সঞ্চয়ী হিসাবে পরিচালিত হবে। অবশিষ্ট ৪.০০ (চার) টাকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার বরাবর ক্রসড চেক/পে অর্ডারের মাধ্যমে প্রেরণ করতে হবে। জেলা শিক্ষা অফিসার ২.০০ (দুই) টাকা হারে সংশ্লিষ্ট গার্ল গাইড কমিশনার বরাবর এবং ২.০০ (দুই) টাকা হারে সংশ্লিষ্ট স্থানীয় কমিশনার বরাবর ক্রসড চেক/পে অর্ডার মারফত অবিলম্বে প্রেরণ করবেন।

৩.৪ স্কাউট/গার্ল ইন স্কাউট দল ও গার্ল গাইড ইউনিট পরিচালনাকারী প্রশিক্ষণ প্রাপ্ত প্রত্যেক স্কাউট/গার্ল ইন স্কাউট লিডার এবং গার্ল গাইডার মাসিক ২০০.০০ (দুইশত) টাকা এবং উডব্যাজধারী লিডার এবং ওয়ারেন্ট গাইডারকে মাসিক ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা হারে প্রতিষ্ঠানের স্কাউট/গার্ল ইন স্কাউট গাইড তহবিল হতে সম্মানী প্রদান করতে হবে;

৩.৫ স্কাউট/গার্ল ইন স্কাউট দল ও গার্ল গাইড তহবিলে জমাকৃত অর্থ কেবল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং ও গাইডিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ব্যয় হবে। স্কাউটস/গার্ল ইন স্কাউটস এবং গার্ল গাইড ফি আদায় এবং আদায়কৃত অর্থ স্কাউটিং/গাইডিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে জারীকৃত নির্দেশনামা যথারীতি অনুসরণ করা না হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্টদের / কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.০ বিদ্যালয়, সমমানের মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক বর্ণিত কার্যক্রম যথারীতি গ্রহণ করত: এ সম্পর্কিত বাস্তবায়ন প্রতিবেদন অবিলম্বে জেলা, উপজেলা স্কাউটস/গার্ল গাইড এর সম্পাদক/কমিশনার বরাবর প্রেরণ করতে হবে।

চলমান পৃষ্ঠা/-৩

৫.০ স্কাউট/গার্ল ইন স্কাউট দল ও গাইড খোলা ও সুষ্ঠুভাবে পরিচালনা, নির্ধারিত স্কাউট/গার্ল ইন স্কাউট/গাইড ফি যথারীতি আদায়, আদায়কৃত অর্থ অবিলম্বে বিদ্যালয় স্কাউট/গার্ল ইন স্কাউট এবং তহবিল ও উপজেলা/জেলা স্কাউট সম্পাদক/গার্ল গাইড কমিশনার বরাবর জমা দেয়া এবং কেবল স্কাউট/গার্ল ইন স্কাউটিং ও গাইডিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ, ভবিষ্যতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান, মঞ্জুরী নবায়ন ও সরকার কর্তৃক প্রদেয় বেতন ভাতা বাবদ ভর্তুকি দানের শর্ত হিসেবে গণ্য করা হবে।

## দ্বিতীয় অধ্যায়

বিষয় : দেশের সকল সরকারি-বেসরকারি মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, সমমানের মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে রোভারিং/গার্ল ইন রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রম পরিচালনার জন্য আদায়কৃত অর্থ রোভারিং/গার্ল ইন রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রম পরিচালনা।

সকল শিক্ষা প্রতিষ্ঠানে ন্যূনতম একটি স্কাউট/গার্ল ইন স্কাউট রোভার/গার্ল ইন রোভার স্কাউট দল ও গার্ল গাইড/রেঞ্জার দল গঠন করার সরকারি সিদ্ধান্ত রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউটস গার্ল গাইডস এসোসিয়েশন দেশব্যাপী স্কাউটিং ও গাইডিং কার্যক্রম পরিচালনা এবং বাস্তবায়নের লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রচলিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সম্পূরক হিসেবে নিয়মিত প্রশিক্ষণ ও পরিকল্পিত অনুশীলনের মাধ্যমে শিশু-কিশোর-যুব গোষ্ঠী, বালিকা, কিশোরী ও তরুণদের দেশ ও বিশ্বের যোগ্য নাগরিক এবং মানুষ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউটস ও গার্লস গাইড আন্দোলনের ভূমিকা ও অবদান আজ বিশ্বব্যাপী স্বীকৃত।

২.০ (ক) বাংলাদেশ স্কাউটস এর পক্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সভাপতি, প্রত্যেক বিভাগের বিভাগীয় কমিশনার ও শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটস এর যথাক্রমে পৃষ্ঠপোষক ও সভাপতি, জেলা প্রশাসকগণ জেলা স্কাউটস ও জেলা রোভার স্কাউটস এর সভাপতি এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা স্কাউটস এর সভাপতি হিসেবে স্কাউট আন্দোলনে নেতৃত্ব দান করে চলেছেন। এ ছাড়াও সমগ্র দেশে অন্যান্য সরকারি-বেসরকারি কর্মকর্তাগণ, সমাজসেবী, নেতৃবৃন্দ, শিক্ষকমন্ডলী ও সংশ্লিষ্ট সকলে স্বেচ্ছাসেবার ভিত্তিতে বাংলাদেশ স্কাউটস এর এ মহতি প্রচেষ্টায় শরিক হয়ে অভীস্ট লক্ষ্য অর্জনে আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

(খ) বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের ''গঠন ও বিধি'' অনুযায়ী নির্বাচিত অঞ্চলের আঞ্চলিক কমিশনার/জেলা পর্যায়ে নির্বাচিত জেলা কমিশনার/উপজেলা পর্যায়ে নির্বাচিত স্থানীয় কমিশনারগণ স্বেচ্ছাসেবার মাধ্যমে নিরলসভাবে গাইড আন্দোলনে নেতৃত্ব দান করে চলেছেন। এ ছাড়াও সমগ্র দেশে অন্যান্য সরকারি-বেসরকারি কর্মকর্তাগণ, সমাজসেবী, নেতৃবৃন্দ, শিক্ষকমন্ডলী ও সংশ্লিষ্ট সকলে স্বেচ্ছাসেবার ভিত্তিতে গার্ল গাইড এসোসিয়েশনের নারী নেতৃত্ব বিকাশের কর্মসূচিকে জোরদার করার লক্ষ্যে মহতি প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

৩.০ পরিকল্পিত রোভারিং/গার্ল ইন রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রাসারণের লক্ষ্যে সার্বিক বিবেচনায় নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

৩.১ দেশের প্রত্যেক বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, সমমানের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে শিক্ষার্থীদের জন্য রোভার স্কাউট/গার্ল ইন রোভার স্কাউট দল এবং রেঞ্জার দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর '' গঠন ও নিয়ম''' এবং গাইডের ''গঠন ও বিধি'' অনুযায়ী রোভার/গার্ল ইন রোভার ও রেঞ্জার কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে;

চলমান পৃষ্ঠা/-৪

৩.২ সহশিক্ষা চালু আছে এমন বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয়, সমমানের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান আবশ্যিকভাবে ছাত্রদের জন্য অন্তত: একটি রোভার স্কাউট দল, মেয়েদের জন্য একটি গার্ল ইন রোভার স্কাউট দল এবং একটি রেঞ্জার দল গঠন করে যথাক্রমে বাংলাদেশ স্কাউটস এর "গঠন ও নিয়ম" এবং গাইডের "গঠন ও বিধি" অনুযায়ী রোভার/গার্ল ইন রোভার ও রেঞ্জার কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করতে হবে ;

৩.৩ সকল শিক্ষার্থীর নিকট থেকে রোভার/গার্ল ইন রোভার ফি বাবদ মাথাপিছু ১৬.০০ (ষোল) টাকা এবং রেঞ্জার ফি ১০.০০ (দশ) টাকা বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায় করতে হবে। আদায়কৃত টাকা যথাক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রোভার তহবিলে এবং রেঞ্জার তহবিল জমা করতে হবে ;

৩.৪ রোভার ফি বাবদ আদায়কৃত ১৬.০০ (ষোল) টাকার মধ্যে ১১.০০ (এগারো) টাকা প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের রোভার স্কাউট সম্পাদক এর যৌথ স্বাক্ষরে পৃথক ব্যাংক হিসাবে পরিচালিত হবে এবং অবশিষ্ট ৫.০০ (পাঁচ) টাকা সংশ্লিষ্ট জেলা রোভার স্কাউট সম্পাদক বরাবর ক্রসড চেক/পে অর্ডার মারফত জমা দিতে হবে। রেঞ্জার ফি বাবদ আদায়কৃত ১০.০০ (দশ) টাকার মধ্যে ৫.০০ (পাঁচ) টাকা প্রতিষ্ঠান প্রধান ও রেঞ্জার গাইডার এর যৌথ স্বাক্ষরে পৃথক ব্যাংক হিসাবে পরিচালিত হবে এবং অবশিষ্ট ৫.০০ (পাঁচ) টাকা সংশ্লিষ্ট জেলা গাইড কমিশনার বরাবর ক্রসড চেক/পে অর্ডার মারফত জমা দিতে হবে ;

৩.৫ রোভার/গার্ল ইন রোভার দল ও রেঞ্জার ইউনিট পরিচালনাকারী প্রশিক্ষণপ্রাপ্ত প্রত্যেক রোভার/গার্ল ইন রোভার লিডার এবং রেঞ্জার গাইড ২০০.০০ (দুইশত) টাকা এবং উডব্যাজধারী লিডার এবং ওয়ারেন্ট গাইডারকে মাসিক ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা হারে প্রতিষ্ঠানের রোভার/গার্ল ইন রোভার/রেঞ্জার তহবিল হতে সম্মানী প্রদান করতে হবে ;

৩.৬ রোভার/গার্ল ইন রোভার ও রেঞ্জার তহবিলে জমাকৃত অর্থ কেবল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রোভারিং ও রেঞ্জারিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ব্যয় হবে। রোভার/গার্ল ইন রোভার ও রেঞ্জারিং ফি আদায় এবং আদায়কৃত অর্থ রোভারিং/গার্ল ইন রোভার ও রেঞ্জারিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে জারীকৃত নির্দেশনামা যথারীতি অনুসরণ করা না হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.০ রোভার/গার্ল ইন রোভার ও রেঞ্জার দল খোলা ও সুষ্ঠুভাবে পরিচালনা, নির্ধারিত রোভার/গার্ল ইন রোভার/রেঞ্জার ফি যথারীতি আদায়, আদায়কৃত অর্থ অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠানের রোভার স্কাউট/গার্ল ইন রোভার এবং রেঞ্জার তহবিল ও জেলা রোভার সম্পাদক/গার্ল গাইড কমিশনার বরাবর জমা দেয়া এবং কেবল রোভার/গার্ল ইন রোভার ও রেঞ্জারিং কার্যক্রমে ব্যয় নিশ্চিতকরণ, ভবিষ্যতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান, মঞ্জুরী নবায়ন ও সরকার কর্তৃক প্রদেয় বেতন ভাতা বাবদ ভর্তূকি দানের শর্ত হিসেবে গণ্য করা হবে।

৫.০ প্রথম ও দ্বিতীয় অধ্যায়ে উল্লিখিত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সংশ্লিষ্ট আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে

৬.০ জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ২১.৫.২০১৭
( মোঃ সোহরাব হোসাইন)
সচিব

চলমান পৃষ্ঠা/-৫

নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২.৩৯৬ তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫. সিনিয়র সচিব/সচিব.................................(সকল)।
৬. প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা।
৭. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
৮. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপাচার্য......................................(সকল)...(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।
১০. অতিরিক্ত সচিব [প্রঃ ও অর্থ-উন্নয়ন-বিশ্ববিদ্যালয়-মাধ্যমিক (সরকারি-বেসরকারি], মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অতিরিক্ত সচিব (কারিগরি-মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. বিভাগীয় কমিশনার (ঢাকা-চট্টগ্রাম-রাজশাহী-খুলনা-বরিশাল-সিলেট-রংপুর-ময়মনসিংহ) বিভাগ।
১৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৪. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৫. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
১৬. যুগ্ম-সচির (কলেজ-মাধ্যমিক-বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-রাজশাহী-যশোর সিলেট-বরিশাল-কুমিল্লা-চট্টগ্রাম-দিনাজপুর।
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১৯. জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, ঢাকা।
২০. জেলা প্রশাসক (সকল).........(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২৪. তথ্য কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট প্রকাশ অনুরোধ সহ)।
২৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)......................।
২৭. জেলা শিক্ষা অফিসার (সকল)..........(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
২৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .........................(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামুলকভাবে অনুসরণ করার জন্য)।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

সূত্র ঃ ০১(৭৭১)জাতীঃবিঃ/প্রশাঃ/বিবিধ-৩/২০০৪(অংশ-B)/১/২১৬১

তারিখ- ০৬/০৩/২০১৭

## প্রজ্ঞাপন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানের সম্মানিত অধ্যক্ষবৃন্দকে জানানো যাচ্ছে যে, যেসব কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানে এখনও বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল এর আওতাধীন রোভারিং ইউনিট গঠিত হয়নি অনতিবিলম্বে সেসব শিক্ষা প্রতিষ্ঠানে রোভারিং ইউনিট গঠন করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, অতিসম্প্রতি গোপালগঞ্জে অনুষ্ঠিত একাদশ জাতীয় রোভার মুটে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্ণিত বিষয়ের ওপর সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেন। শিক্ষা প্রতিষ্ঠানে সুশৃঙ্খল পরিবেশ সৃষ্টি, শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বসুলভ গুনাবলির বিকাশ এবং তাদেরকে সুনাগরিক হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এ ধরণের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে-

06.03.17

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়

GOVERNMENT OF THE PEOPLES REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF EDUCATION, CULTURAL AFFAIRS & SPORTS

SPORTS BRANCH
SECTION-XI

OFFICE MEMO

Government of the peoples Republic of Bangladesh have been pleased to order that officers of Govt. / Semi Govt. / Autonomous / Semi-Autonomous and other organization be encourage to take the Scout-Masters and Cub Masters Courses of training when such camps are held in their Areas. provided such permission being given in each case by their respective controling officers.

Govt also decided that officers who are members of the Bangladesh Boy Scouts Somity, may be allowed to attend the Council Meeting, Executive Council Meeting, National Scout Jamborees, Scout Rallies, Conference. Training Courses and other Scout Gathering,. Prior Permission of the Controlling authority, as the case may be, should however, be obtained in each case.

In all such cases the period of the absence from their offices be treated as on duty. But in such cases the absence should not exceed 30 days.

The officers concerned shall also be entitled to draw T.A. etc. for the purpose in terms of Appendix No. 15 (f) of the Bengal Servie Rule Part-II. copy of which is enclosed herewith for ready reference.

This has the concurrence of the Ministry of Finace Govt. of the People's Republic of Bangladesh.

It is the requested that this may be communicated to all officers concerned.

Sd-(Mir Md. Anwar Ali) 19.6.73
Deputy Education Adviser

No. SXI/13P-17/72/685/150-Edn dated 19.6.73

Copy forwarded for information and circulation to:
The National Secretary, Bangladesh Boy Scout Sumity, Dacca

Abu Muhammad
Asst. Education Adviser
19.6.73

Extract from B.S.R. Part-II (Appendix No. 15 (Rule 147))
List of cases where travelling allowance to undergo training has been sanctoned.

| Persons granted travelling allowance | Particulars. |
| --- | --- |
| ``Education:-<br>(f) Government servants deputed to a course of training at a Boy Scout Training Camp; | Traveling allowance limited to the actual return fares for rail or steamer Journeys by the class to Which his grade entitles him and to road millage admissible on tour to and from the training centre provieded that the previous sanction of Government to the training has been allocated |

GOVERNMENT OF THE PEOPLES REPUBLIC OF BANGLADESH পরিশিষ্ট-"১৩"
MINISTRY OF EDUCATION, CULTURAL AFFAIRS & SPORTS

No. S-VII/13p-6/77/779/150/-(C & S) Dated. 24.8.78

OFFICE MEMORANDUM

In continuation of the Ministry's office Memorandum No. S-XI/13p-17/72/685 Edn. Dt. 19.6.73, the Government have been pleased to decide that officer who are members of the Bangladesh Scout Samity, may be allowed to draw T.A./D.A. for attending Council Meeting. Executive Council Meeting. National Scout Jamboree. Scout Rallies Conferences. Training Courses and other Scout Gathering as par Rule 32 of B.S.R part- l and Rule 91 of B.S.R. part- ll

This issues with the Concurrens of the Ministry of Finance and the Establishment Division, Government of the People's Republic of Bangladesh.

Sd/-
(Mir Md. Anwar Ali)
Cultural Adviser-

No. Date.

Copy forwarded for information and necessary action to:-

# গ্রুপ তালিকাভূক্তির ফরম

বাংলাদেশ স্কাউটস, ----------অঞ্চল

(উপজেলা স্কাউটস এর মাধ্যমে চার কপি দাখিল করিতে হইবে)

উপজেলা স্কাউটস ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
দল/গ্রুপের নাম ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..
ঠিকানা ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...... ....
নিয়ন্ত্রক প্রতিষ্ঠানের নাম ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
দল/গ্রুপ সংগঠনের তারিখ ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... .

গ্রুপ স্কাউটারস কাউন্সিল

| ক্রম | স্কাউট লিডার/সহকারী লিডারদের নাম | প্রশিক্ষণ গ্রহণের তারিখ ও সার্টিফিকেট নং | প্রশিক্ষণ স্থান ও সনদ নং | দলে দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

গ্রুপ কমিটি

১। সভাপতির নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
২। সহ-সভাপতির নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
৩। কোষাধ্যক্ষের নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
৪। সম্পাদকের নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
৫। সদস্যের নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
৬। সদস্যের নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
৭। সদস্যের নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
৮। সদস্যের নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
৯। সদস্যের নাম ও ঠিকানা: ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

বি. দ্র.ঃ গ্রুপ কমিটির সদস্য সংখ্যা ৭-৯ জন হবে।

| শ্রেণী বিভাগ | মেম্বারশীপ ব্যাজ | তারকা ব্যাজ/ ষ্ট্যান্ডার্ড ব্যাজ/ রোভার সহচর | চাঁদ ব্যাজ/ প্রগ্রেস ব্যাজ/ সদস্য স্তর | চাঁদ তারা ব্যাজ/ সার্ভিস ব্যাজ/ প্রশিক্ষণ স্তর | শাপলা কাব/ প্রেসিডেন্ট'স স্কাউট / প্রেসিডেন্ট'স রোভার স্কাউট | মোট |
|---|---|---|---|---|---|---|
| কাব স্কাউট | | | | | | |
| স্কাউট | | | | | | |
| রোভার স্কাউট | | | | | | |
| গার্ল- ইন- কাব স্কাউট/ স্কাউট/ রোভার স্কাউট | | | | | | |

গ্রুপ কমিটির সভাপতির স্বাক্ষর

গ্রুপ কমিটির সম্পাদকের স্বাক্ষর

... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... স্কাউট গ্রুপটি... ... ... ... ... ... ... ... ... উপজেলা স্কাউটস এর... ... ... ...নম্বর

গ্রুপ হিসেবে তালিকাভুক্ত হইতে পারে। ইহার স্কার্ফের রং হইবে... ... ... ... ... ... ... ... ... ....

স্বাক্ষর
কমিশনার
বাংলাদেশ স্কাউটস, ........... উপজেলা

স্বাক্ষর
সম্পাদক
বাংলাদেশ স্কাউটস, ........... উপজেলা

... ... ... ... ... ... ... ... ...স্কাউট গ্রুপকে... ... ... ... ... ... ... ... ... উপজেলা স্কাউটস এর তালিকাভুক্ত করা হইল।

তালিকা ভুক্তির নম্বর... ... ... ... ... ... ... ... তারিখ ... ... ... ... ...। উক্ত দলের সনদ প্রদানের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

কমিশনার
বাংলাদেশ স্কাউটস, ........... জেলা

সম্পাদক
বাংলাদেশ স্কাউটস, ........... জেলা

... ... ... ... ..... .... স্কাউট গ্রুপকে আঞ্চলিক স্কাউটস এর তালিকা ভুক্ত করা হইল। দলের সনদ নম্বর... ... ... ...তারিখ ... ... ... ... ...

সম্পাদক
বাংলাদেশ স্কাউটস,......................অঞ্চল

## "ইউনিটে যোগদানের আবেদন ফরম"

১। আবেদনকারীর নাম ঃ-

২। পিতার নাম ঃ-

৩। জন্ম তারিখ ঃ- বয়স-

৪। শ্রেণী ঃ- শাখা-

৫। অভিভাবকের নাম ঃ-

৬। বর্তমান ঠিকানা ঃ-

৭। স্থায়ী ঠিকানা ঃ-

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ:

আমার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..... ... ... ... ... ... ... ... ...
স্কাউট ইউনিটে ভর্তির বিষয়ে আমি পূর্ণ সম্মতি প্রদান করছি। স্কাউট কার্যক্রম ও প্রশিক্ষণ বিষয়ে আমি আমার পূর্ণ সমর্থন ব্যক্ত করছি।

অভিভাবকের স্বাক্ষর

নাম:

তারিখ:

... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... আবেদন পত্র এবং ... ... ... ... ... ... ... ...

অভিভাবকের সম্মতি পত্রের ভিত্তিতে ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... কে

স্কাউট ইউনিটে ভর্তি করা হলো।


স্বাক্ষর
সভাপতি
গ্রুপ কমিটি
তারিখ

স্বাক্ষর
ইউনিট লিডার


তারিখ

# স্কাউট আন্দোলনের সাংগঠনিক কাঠামো

**WOSM:** World Organisation of the Scout Movement




পরবর্তী পৃষ্ঠায়


জেলা স্কাউট কাউন্সিল
জেলা নির্বাহী কমিটি
জেলা স্কাউটস কার্যালয়
উপজেলা স্কাউটস
উপজেলা স্কাউট কাউন্সিল
উপজেলা নির্বাহী কমিটি
উপজেলা স্কাউটস কার্যালয়
স্কাউট গ্রুপ
গ্রুপ কাউন্সিল
গ্রুপ কমিটি
গ্রুপ স্কাউটারস কাউন্সিল
কাব স্কাউট ইউনিট
কাব স্কাউট লিডার ও সহকারী কাব স্কাউট লিডার
ষষ্ঠক নেতা পরিষদ
ষষ্ঠক
ষষ্ঠক নেতা
সহকারী ষষ্ঠক নেতা
কাব স্কাউট (৪জন)
স্কাউট ইউনিট
স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডার
উপদল নেতা পরিষদ
উপদল/ উপদল পরিষদ
উপদল নেতা
সহকারী উপদল নেতা
স্কাউট (৬জন)
রোভার স্কাউট ইউনিট
রোভার স্কাউট লিডার ও সহকারী রোভার স্কাউট লিডার
ইউনিট কাউন্সিল
উপদল/উপদল পরিষদ
রোভার মেট
সহকারী রোভার মেট
রোভার স্কাউট (৪জন)

পরিশিষ্ট-"১৭"

# বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র এবং বিভিন্ন আঞ্চলিক স্কাউটস এর ঠিকানা

১. বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড,
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন : ০২ ৯৩৩৩৬৫১
ফ্যাক্স : ০২ ৯৩৪২২২৬
ইমেল: adm@scouts.gov.bd
ওয়েভ:www.scouts.gov.bd

২. বাংলাদেশ স্কাউটস,ঢাকা অঞ্চল
আঞ্চলিক স্কাউট ভবন
বাড়ী নং-৭৬, রোড নং-৬, ব্লক-এ,
মিরপুর-১২(পল্লবী), ঢাকা-১২১৬।
ফোন : ০২ ৫৮০৫১১০৫
ইমেল: dhaka@scouts.gov.bd

৩. বাংলাদেশ স্কাউটস,রাজশাহী অঞ্চল
নওদাপাড়া স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র
সপুরা,রাজশাহী।
ফোন : ০৭২১ ৭৬১৪০৫
ইমেল: rajshahi@scouts.gov.bd

৪. বাংলাদেশ স্কাউটস,খুলনা অঞ্চল
পুলেরহাট স্কাউট ক্যাম্প
চাঁচড়া, যশোর।
ফোন : ০৪২১ ৬৮৫৫৯
ইমেল: khulna@scouts.gov.bd

৫. বাংলাদেশ স্কাউটস,বরিশাল অঞ্চল
আঞ্চলিক সদর দফতর
ভাটারখাল,বরিশাল।
ফোন : ০৪৩১ ৬৪৫৪১
ইমেল: barisal@scouts.gov.bd

৬. বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম অঞ্চল
আঞ্চলিক সদর দফতর
পলোগ্রাউন্ড এভিনিউ,
টাইগারপাস মোড়, চট্টগ্রাম-৪১০০।
ফোন : ০৩১ ৬২৭৫৪৪
ইমেল: chittagong@scouts.gov.bd

৭. বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল
স্কাউট ভবন, জিলা স্কুল রোড
পোঃ+জেলাঃ- কুমিল্লা
ফোন : ০৮১ ৬৩৩৪৩
ইমেল: comilla@scouts.gov.bd

৮. বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল
স্কাউট ভবন, স্টেডিয়াম গেইট(পূর্ব)
পোঃ + জেলাঃ সিলেট।
ফোন : ০৮২১ ৭২১৭৬৩
ইমেল: sylhet@scouts.gov.bd

৯. বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চল
আঞ্চলিক কার্যালয় ও প্রশিক্ষণ কেন্দ্র
দশমাইল (গম গবেষণা কেন্দ্রের উত্তর পার্শ্বে),
কাহারোল, দিনাজপুর।
ফোন : ০৫৩১ ৫১৯৪০
ইমেল: dinajpur@scouts.gov.bd

১০. বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ অঞ্চল
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র
মুক্তাগাছা, ময়মনসিংহ।
ফোন : ০১৭২৭ ০২০০১৩
ইমেল: mymensing@scouts.gov.bd

১১. বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল
জাতীয় স্কাউট ভবন (১৩ তলা)
৬০,আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক
কাকরাইল,ঢাকা।
ফোন : ০২ ৮৩১৭৯৭১
ইমেল: rover@scouts.gov.bd

১২. বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল
রেলওয়ে আঞ্চলিক স্কাউট ভবন
শেরেবাংলা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের সামনে
জি -৩, দক্ষিণ কমলাপুর ,ঢাকা-১২১৭।
ফোন : ০২ ৯৩৩৫৯২৪
ইমেল: railway@scouts.gov.bd

১৩. বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল
নৌ বাহিনী সদর দফতর
বনানী, ঢাকা-১২১৩।
ফোন :
ইমেল: sea@scouts.gov.bd

১৪. বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চল
বিমান বাহিনী সদর দফতর
ঢাকা সেনানিবাস, ঢাকা।
ফোন : ০১৭৬৯৯৯০৫১২
ইমেল: air@scouts.gov.bd

১৫. জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র
মৌচাক,গাজীপুর।
ফোন : ০২ ৯২৯৭২৭০
ইমেল: nstc@scouts.gov.bd


# প্রশিক্ষণ বিভাগের প্রকাশনা

* স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের বুকলেট।
* স্কাউটিং এর দল গঠন ও পরিচালনা সহয়িকা।
* কমিশনার হ্যান্ডবুক।
* জাতীয় প্রশিক্ষণ ম্যানুয়েল
* ট্রেনার্স হ্যান্ডবুক-১।
* ট্রেনার্স হ্যান্ডবুক-২।
* ট্রেনার্স হ্যান্ডবুক-৩।
* আমাদের ট্রেনার।

স্কাউটিং এর দল গঠন ও পরিচালনা সহয়িকা বইটি মুদ্রণের ক্ষেত্রে "দেশের বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে স্কাউট ইউনিট গঠন ও পরিচালনা বিষয়ক সহায়িকা-নির্দেশিকা" বইটি অনুপ্রেরণা যুগিয়েছে।

**স্কাউটের উদ্দেশ্যে দেয়া শেষ বাণীতে বিপি বলেছেন - (স্কাউটিংকে) রুজি রোজগারের সংগঠনে পরিণত হতে না দিয়ে দেশ প্রেমেউদ্বুদ্ধ এক স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে টিকিয়ে রাখতে চেষ্টা করবেন।**

Scouts Library



রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল
জন্ম ঃ ২২ ফেব্রুয়ারি ১৮৫৭, মৃত্যু ঃ ৮ জানুয়ারি ১৯৪১

# বাংলাদেশ স্কাউটস
## প্রশিক্ষণ বিভাগ

জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০
ফোন: +৮৮ ০১৭১৬২২৬৯৫৪, +০২ ৯৩৪০৩৫২, ফ্যাক্স : ০২ ৯৩৪২২২৬
E-mail :trg@scouts.gov.bd, www.scouts.gov.bd

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, ৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০ এর পক্ষে ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক আরশাদুল মুকাদ্দিস, এনডিসি কর্তৃক প্রকাশিত।